কোণানুপাতসমূহের চিহ্ন নির্ণয় করিবার কালে লেখ-অঙ্কনের রীতি অনুযায়ী মনে রাখিতে হইবে যে, OX ও OY-এর দিকে দূরত্ব মাপিলে তাহাকে ধনাত্মক এবং OX′ ও OY′-এর দিকে দূরত্ব মাপিলে তাহাকে ঋণাত্মক বলিয়া গণ্য করা হয়। OP সরলরেখা যে-পাদেই থাকুক না কেন, OP-এর দিকে যে-দূরত্ব মাপা হয়, তাহাকে সর্বদা ধনাত্মক বলিয়া গণ্য করা হয়।

সুতরাং, (i) OP সরলরেখা প্রথম পাদে থাকিলে, OPN সমকোণী ত্রিভুজের PN, ON এবং OP বাহুগুলি সকলেই ধনাত্মক। অতএব, XOP কোণের কোণানুপাতগুলি সকলেই ধনাত্মক হইবে।

(ii) OP সরলরেখা দ্বিতীয় পাদে থাকিলে, OPN সমকোণী ত্রিভুজের PN ধনাত্মক, ON ঋণাত্মক, OP ধনাত্মক। অতএব কোণানুপাতগুলির শুধু sin ও cosec ধনাত্মক এবং বাকীগুলি ঋণাত্মক।

(iii) OP সরলরেখা তৃতীয় পাদে থাকিলে, OPN সমকোণী ত্রিভুজের PN ও ON ঋণাত্মক এবং OP ধনাত্মক। অতএব কোণানুপাতগুলির শুধু tan ও cot ধনাত্মক এবং বাকীগুলি ঋণাত্মক।

(iv) OP সরলরেখা চতুর্থ পাদে থাকিলে, OPN সমকোণী ত্রিভুজের PN ঋণাত্মক এবং ON ও OP ধনাত্মক। অতএব কোণানুপাতগুলির শুধু cos ও sec ধনাত্মক এবং বাকীগুলি ঋণাত্মক।

OP সরলরেখা OX-এর সহিত ঋণাত্মক কোণ উৎপন্ন করিলেও, OP যে-পাদে থাকিবে, কোণানুপাতগুলির চিহ্ন সেই অনুসারে স্থিরীকৃত হইবে।

নিম্নের সারণীটির সাহায্যে বিভিন্ন পাদে কোণানুপাতসমূহের চিহ্নগুলি মনে রাখা হয়ঃ

সাইন ও কোসেক ধনাত্মক	সমস্ত কোণানুপাত ধনাত্মক
ট্যান ও কট ধনাত্মক	কস ও সেক ধনাত্মক

OP-এর অবস্থান অনুযায়ী কোণানুপাতগুলির চিহ্ন দেওয়া হইয়াছে। ইহাকে **"সমস্ত, সাইন (কোসেক), ট্যান (কট), কস (সেক)"** সূত্র আখ্যা দেওয়া হয়।

4·2. $(-\theta)$-কোণের কোণানুপাতঃ

মনে কর, একটি ঘূর্ণায়মান সরলরেখা OP, উহার প্রথম অবস্থান OX

হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOP = \theta$ কোণ উৎপন্ন করিল। পুনরায় OP সরলরেখা উহার OX অবস্থান হইতে আরম্ভ

করিয়া ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়া θ কোণের সমান বা $\angle XOP$-এর সমান $\angle XOQ$ উৎপন্ন করিল। সুতরাং $\angle XOQ$ ঋণাত্মক এবং $\angle XOQ = -\theta$.

OP সরলরেখার উপর যে-কোন বিন্দু P হইতে OX-এর উপর [চিত্র (i) ও (iv)-এ] অথবা OX′-এর উপর [চিত্র (ii) ও (iii)-এ] PR লম্ব টানিয়া উহাকে বর্ধিত কর ; উহা যেন OQ-কে Q বিন্দুতে ছেদ করে।

এখন, POR ও QOR সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

$\angle POR = \angle QOR$ (কেবল মাপের ক্ষেত্রে)

[$\because$ $\angle XOP = \angle XOQ$ (কেবল মাপের ক্ষেত্রে)]

এবং OR সাধারণ বাহু।

সুতরাং ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব, অনুরূপ বাহুগুলি মাপে সমান হইবে। প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে,

$$QR = -PR \quad \text{এবং} \quad OQ = OP.$$

ঘূর্ণায়মান রেখা OP ও OQ উভয়েই ধনাত্মক।

$\therefore$ সংজ্ঞানুসারে, $\sin(-\theta) = \dfrac{QR}{OQ} = \dfrac{-PR}{OP} = -\sin\theta$

$$\cos(-\theta) = \frac{OR}{OQ} = \frac{OR}{OP} = \cos\theta,$$

$$\tan(-\theta) = \frac{QR}{OR} = \frac{-PR}{OR} = -\text{an}$$

উহাদের অন্যোন্যক তিনটি লইয়া,

$\text{cosec}(-\theta) = -\text{cosec}\,\theta$, $\sec(-\theta) = \sec\theta$, $\cot(-\theta) = -\cot\theta$.

4·3. $(90° - \theta)$-কোণের কোণানুপাতঃ

মনে কর, একটি আবর্তনকারী সরলরেখা OP, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOP = \theta$ কোণ উৎপন্ন করিল। অপর একটি আবর্তনকারী সরলরেখা OQ, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOY = 90°$ কোণ উৎপন্ন করিবার পর উহার OY অবস্থান হইতে ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়া $\angle YOQ = \theta$ কোণ উৎপন্ন করিল।

সুতরাং $\angle XOQ = 90° - \theta$.

OP এবং OQ সরলরেখার উপর যথাক্রমে P ও Q দুইটি বিন্দু লও যাহাতে OP = OQ হয়। P ও Q হইতে OX বা OX′-এর উপর যথাক্রমে PR ও QS লম্ব টান।

(i) ও (iii) চিত্রানুযায়ী, OP প্রথম বা তৃতীয় পাদে থাকিলে OQও সেই পাদে থাকিবে এবং (ii) ও (iv) চিত্রানুযায়ী, OP দ্বিতীয় পাদে থাকিলে OQ চতুর্থ পাদে ও OP চতুর্থ পাদে থাকিলে OQ দ্বিতীয় পাদে থাকিবে।

এখন POR ও QOS সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

$\angle POR = \angle OQS$ [$\because$ $\angle XOP = \angle YOQ$ (কেবল মাপের ক্ষেত্রে)]

এবং $OP = OQ$.

সুতরাং ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব, অনুরূপ বাহুগুলি মাপে সমান হইবে। প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে,

$$QS = OR, \quad OS = PR, \quad OQ = OP.$$

$\therefore$ সংজ্ঞানুসারে, $\sin(90^\circ-\theta)=\sin\angle XOQ=\dfrac{QS}{OQ}=\dfrac{OR}{OP}=\cos\theta.$

$$\cos(90^\circ-\theta)=\cos\angle XOQ=\frac{OS}{OQ}=\frac{PR}{OP}=\sin\theta.$$

$$\tan(90^\circ-\theta)=\tan\angle XOQ=\frac{QS}{OS}=\frac{OR}{PR}=\cot\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$\operatorname{cosec}(90^\circ-\theta)=\sec\theta,\quad \sec(90^\circ-\theta)=\operatorname{cosec}\theta$

এবং $\cot(90^\circ-\theta)=\tan\theta.$

টীকা : $(90^\circ-\theta)$ ও θ কোণ দুইটির সমষ্টি 90° বলিয়া উহাদের একটিকে অপরটির **পূরক** (complementary) কোণ বলে। এই পূরককোণ দুইটির

(*i*) যে-কোন একটির sine অপরটির cosine-এর সমান,

(ii) যে-কোন একটির tangent অপরটির cotangent-এর সমান, এবং

(iii) যে-কোন একটির secant অপরটির cosecant-এর সমান।

তৃতীয় অধ্যায় হইতে, 0° ও 90° এবং 30° ও 60° পূরককোণগুলির ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্তের সত্যতা সহজেই নির্ণয় করা যায়।

4·4. $(90^\circ+\theta)$-কোণের কোণানুপাত :

মনে কর, একটি ঘূর্ণায়মান সরলরেখা OP, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOP=\theta$ কোণ উৎপন্ন করিল। পুনরায়, উহা ঐ একই দিকে ঘুরিয়া $\angle POQ=90^\circ$ কোণ উৎপন্ন করিল। সুতরাং $\angle XOQ=90^\circ+\theta.$

OP এবং OQ সরলরেখার উপর যথাক্রমে P ও Q দুইটি বিন্দু লও যাহাতে $OP=OQ$ হয়। P ও Q হইতে OX বা OX′-এর উপর যথাক্রমে PR ও QS লম্ব টান।

এখন POR ও QOS সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

$\angle POR=\angle OQS$ (কেবল মাপের ক্ষেত্রে)

[$\because$ OP, OQ-এর উপর লম্ব, অর্থাৎ $\angle POR=\angle QOS$ কোণের পূরক]

এবং $OP=OQ.$

সুতরাং ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব অনুরূপ বাহুগুলি মাপে সমান হইবে।

প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে, QS = OR, OS = −PR, OQ = OP.

∴ সংজ্ঞানুসারে, $\sin(90^\circ+\theta)=\sin\angle XOQ=\frac{QS}{OQ}=\frac{OR}{OP}=\cos\theta,$

$$\cos(90^\circ+\theta)=\cos\angle XOQ=\frac{OS}{OQ}=\frac{-PR}{OP}=-\sin\theta,$$

$$\tan(90^\circ+\theta)=\tan\angle XOQ=\frac{QS}{OS}=\frac{OR}{-PR}=-\cot\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$\text{cosec}(90^\circ+\theta)=\sec\theta$, $\sec(90^\circ+\theta)=-\text{cosec}\,\theta$

এবং $\cot(90^\circ+\theta)=-\tan\theta.$

4·5. $(180^\circ-\theta)$-কোণের কোণানুপাত ঃ

মনে কর, একটি আবর্তনকারী সরলরেখা OP, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOP=\theta$ কোণ উৎপন্ন করিল। মনে কর, অপর একটি সরলরেখা OQ (= OP), যাহার প্রথম অবস্থান OX

হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া OX′ অবস্থানে আসিয়া 180° কোণ উৎপন্ন করিল এবং পুনরায় উহা OX′ অবস্থান হইতে বিপরীত দিকে ঘুরিয়া $\angle X'OQ = \theta$ কোণ উৎপন্ন করিল। সুতরাং $\angle XOQ = 180^\circ - \theta$.

OP এবং OQ সরলরেখার উপর যথাক্রমে P ও Q দুইটি বিন্দু লও যাহাতে OP = OQ হয়। P ও Q হইতে OX বা OX′-এর উপর যথাক্রমে PR ও QS লম্ব টান।

এখন POR ও QOS সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

$\angle POR = \angle QOS$ (কেবল মাপের ক্ষেত্রে) এবং OP = OQ.

সুতরাং ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব, অনুরূপ বাহুগুলি মাপে সমান হইবে। প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে,

$$QS = PR, \quad OS = -OR, \quad OQ = OP.$$

$\therefore$ সংজ্ঞানুসারে, $\sin(180^\circ - \theta) = \sin \angle XOQ = \dfrac{QS}{OQ} = \dfrac{PR}{OP} = \sin\theta$,

$$\cos(180^\circ - \theta) = \cos \angle XOQ = \frac{OS}{OQ} = \frac{-OR}{OP} = -\cos\theta,$$

$$\tan(180^\circ - \theta) = \tan \angle XOQ = \frac{QS}{OS} = \frac{PR}{-OR} = -\tan\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$$\textbf{cosec}\,(180^\circ-\theta)=\textbf{cosec}\,\theta,\quad \textbf{sec}\,(180^\circ-\theta)=-\textbf{sec}\,\theta$$

এবং $\textbf{cot}\,(180^\circ-\theta)=-\textbf{cot}\,\theta.$

টীকা : $(180^\circ-\theta)$ এবং θ কোণ দুইটির সমষ্টি 180° বলিয়া উহাদের একটিকে অপরটির **সম্পূরক** (supplementary) কোণ বলে। এই সম্পূরক কোণ দুইটির (i) যে-কোন একটির sine অপরটির sine-এর সমান, (ii) যে-কোন একটির cosine অপরটির cosine-এর সমান কিন্তু উহারা পরস্পর বিপরীত চিহ্নযুক্ত এবং (ii) যে-কোন একটির tangent অপরটির tangent-এর সমান কিন্তু উহারা পরস্পর বিপরীত চিহ্নযুক্ত।

4·6. $(180^\circ+\theta)$-কোণের কোণানুপাত :

মনে কর, একটি ঘূর্ণায়মান সরলরেখা OP, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া $\angle XOP=\theta$ কোণ উৎপন্ন করিল এবং পুনরায় একই দিকে ঘুরিয়া $\angle POQ=180^\circ$ কোণ উৎপন্ন করিল। সুতরাং $\angle XOQ=180^\circ+\theta$ এবং OP ও OQ একই সরলরেখায় অবস্থিত। OP = OQ লইয়া, P ও Q হইতে OX বা OX′-এর উপর যথাক্রমে PR ও QS লম্ব টান।

এখন POR ও QOS সমকোণী ত্রিভুজদ্বয়ের মধ্যে,

$\angle POR = \angle QOS$ (কেবল মাপের ক্ষেত্রে) [∵ POQ একটি সরলরেখা]

এবং $OP = OQ$.

সুতরাং ত্রিভুজদ্বয় সর্বসম। অতএব অনুরূপ বাহুগুলি মাপে সমান হইবে। প্রচলিত প্রথানুযায়ী বাহুগুলির চিহ্ন গণ্য করিয়া সমস্ত চিত্র হইতেই পাওয়া যায় যে, $QS = -PR,\quad OS = -OR,\quad OQ = OP.$

সংজ্ঞানুসারে,

$$\sin(180^\circ + \theta) = \sin \angle XOQ = \frac{QS}{OQ} = \frac{-PR}{OP} = -\sin\theta,$$

$$\cos(180^\circ + \theta) = \cos \angle XOQ = \frac{OS}{OQ} = \frac{-OR}{OP} = -\cos\theta,$$

$$\tan(180^\circ + \theta) = \tan \angle XOQ = \frac{QS}{OS} = \frac{-PR}{-OR} = \frac{PR}{OR} = \tan\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$$\operatorname{cosec}(180^\circ + \theta) = -\operatorname{cosec}\theta,\quad \sec(180^\circ + \theta) = -\sec\theta$$

এবং $\cot(180^\circ + \theta) = \cot\theta.$

টীকা : $(180^\circ - \theta)$ ও $(180^\circ + \theta)$-কোণের কোণানুপাতগুলি 4·3 ও 4·4 অনুচ্ছেদ অনুযায়ী নিম্নোক্ত নিয়মেও নির্ণয় করা যায় :

$\sin(180^\circ - \theta) = \sin\{90^\circ + (90^\circ - \theta)\} = \cos(90^\circ - \theta) = \sin\theta.$

$\cos(180^\circ - \theta) = \cos\{90^\circ + (90^\circ - \theta)\} = -\sin(90^\circ - \theta) = -\cos\theta.$

$\tan(180^\circ - \theta) = \tan\{90^\circ + (90^\circ - \theta)\} = -\cot(90^\circ - \theta) = -\tan\theta.$

$\sin(180^\circ + \theta) = \sin\{90^\circ + (90^\circ + \theta)\} = \cos(90^\circ + \theta) = -\sin\theta.$

$\cos(180^\circ + \theta) = \cos\{90^\circ + (90^\circ + \theta)\} = -\sin(90^\circ + \theta) = -\cos\theta.$

$\tan(180^\circ + \theta) = \tan\{90^\circ + (90^\circ + \theta)\} = -\cot(90^\circ + \theta) = \tan\theta.$

অনুরূপভাবে, উহাদের অন্যোন্যকগুলিও পাওয়া যায়।

4·7. $(270^\circ - \theta)$-কোণের কোণানুপাত ঃ

$(270^\circ - \theta)$-কোণের কোণানুপাতগুলি পূর্বের ন্যায় চিত্র আঁকিয়া জ্যামিতিক

নিয়মে নির্ণয় করা যায়। 4·3 এবং 4·6 অনুচ্ছেদ অনুসারে নিম্নোক্ত বিকল্প নিয়মেও এই অনুপাতগুলি নির্ণয় করা যায় :

$$\sin(270^\circ-\theta)=\sin\{180^\circ+(90^\circ-\theta)\}$$
$$=-\sin(90^\circ-\theta)=-\cos\theta,$$
$$\cos(270^\circ-\theta)=\cos\{180^\circ+(90^\circ-\theta)\}$$
$$=-\cos(90^\circ-\theta)=-\sin\theta,$$
$$\tan(270^\circ-\theta)=\tan\{180^\circ+(90^\circ-\theta)\}$$
$$=\tan(90^\circ-\theta)=\cot\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$\operatorname{cosec}(270^\circ-\theta)=-\sec\theta$, $\sec(270^\circ-\theta)=-\operatorname{cosec}\theta$ এবং $\cot(270^\circ-\theta)=\tan\theta$.

4·8. $(270^\circ+\theta)$-কোণের কোণানুপাত :

$(270^\circ+\theta)$-কোণের কোণানুপাতগুলিও চিত্র আঁকিয়া জ্যামিতির সাহায্যে নির্ণয় করা যায়। 4·4 এবং 4·6 অনুচ্ছেদ অনুসারে নিম্নোক্ত বিকল্প নিয়মেও এই অনুপাতগুলি নির্ণয় করা যায় :

$$\sin(270^\circ+\theta)=\sin\{180^\circ+(90^\circ+\theta)\}$$
$$=-\sin(90^\circ+\theta)=-\cos\theta,$$
$$\cos(270^\circ+\theta)=\cos\{180^\circ+(90^\circ+\theta)\}$$
$$=-\cos(90^\circ+\theta)=\sin\theta,$$
$$\tan(270^\circ+\theta)=\tan\{180^\circ+(90^\circ+\theta)\}$$
$$=\tan(90^\circ+\theta)=-\cot\theta.$$

উহাদের অন্যোন্যকগুলি লইলে,

$\operatorname{cosec}(270^\circ+\theta)=-\sec\theta$, $\sec(270^\circ+\theta)=\operatorname{cosec}\theta$ এবং $\cot(270^\circ+\theta)=-\tan\theta$.

4·9. $(360^\circ\pm\theta)$ এবং $(n.360^\circ\pm\theta)$-কোণসমূহের কোণানুপাত :

একটি ঘূর্ণায়মান সরলরেখা, উহার প্রথম অবস্থান OX হইতে আরম্ভ করিয়া ঘড়ির কাঁটার বিপরীত দিকে ঘুরিয়া OP অবস্থানে θ কোণ উৎপন্ন করিল। পরে উহা OP অবস্থান হইতে আরম্ভ করিয়া ঐ একই দিকে ঘুরিয়া আবার OP অবস্থানে আসিলে $(360^\circ+\theta)$ কোণ উৎপন্ন করে। এইরূপে n-সংখ্যক বার ঘুরিয়া OP

অবস্থানে আসিলে উৎপন্ন কোণের পরিমাণ হইবে $(n.\ 360^\circ+\theta)$ বা $(2n\pi+\theta)$, যেখানে n যে-কোন একটি ধনাত্মক বা ঋণাত্মক (বিপরীত ঘূর্ণনে) পূর্ণসংখ্যা।

প্রত্যেক স্থলে ঘূর্ণায়মান সরলরেখাটির শেষ অবস্থান একই (OP) ; সুতরাং $(n.\ 360^\circ+\theta)$-কোণের এবং θ-কোণের কোণানুপাতগুলি চিহ্নসমেত একই হইবে।

অনুরূপভাবে, $(n.\ 360^\circ-\theta)$-কোণের এবং $(-\theta)$-কোণের কোণানুপাতগুলি চিহ্নসমেত একই হইবে।

$\therefore$ $n=1$ হইলে, $(360^\circ\pm\theta)$-এর কোণানুপাতগুলি $(\pm\theta)$-এর কোণানুপাতগুলির পরিমাপে ও চিহ্নে সমান হইবে।

সুতরাং,
$$\sin(360^\circ-\theta)=\sin(-\theta)=-\sin\theta,$$
$$\cos(360^\circ-\theta)=\cos(-\theta)=\cos\theta,$$
$$\tan(360^\circ-\theta)=\tan(-\theta)=-\tan\theta.$$
$$\sin(360^\circ+\theta)=\sin\theta,\ \cos(360^\circ+\theta)=\cos\theta,$$
$$\tan(360^\circ+\theta)=\tan\theta.$$

সাধারণভাবে লেখা যায়,
$$\sin(n.360^\circ\pm\theta)=\pm\sin\theta,\ \cos(n.\ 360^\circ\pm\theta)=\cos\theta,$$
$$\tan(n.360^\circ\pm\theta)=\pm\tan\theta.$$

অতএব, যে-কোন কোণের কোণানুপাত নির্ণয়কালে 360° (অর্থাৎ 2π)-এর প্রয়োজনমত যে-কোন গুণিতক যোগ অথবা বিয়োগ করা যায়।

টীকা ঃ এই সূত্রগুলির সাহায্যে যে-কোন কোণের কোণানুপাতকে 45° অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক কোণের কোণানুপাত হিসাবে প্রকাশ করা যায়।

দ্রষ্টব্য ঃ 4·2 হইতে 4·9 পর্যন্ত অনুচ্ছেদে যে-সিদ্ধান্তগুলি পাওয়া গিয়াছে সেগুলি সহজে মনে রাখিবার জন্য একটি নিয়ম করা যায় ঃ

θ যদি 90° ডিগ্রীর কোন যুগ্ম গুণিতকের সহিত '+' অথবা '−' চিহ্ন দ্বারা সংযুক্ত থাকে, তাহা হইলে কোণানুপাতের আকার অপরিবর্তিত থাকিবে (অর্থাৎ সাইন সাইনই থাকিবে, কোসাইন কোসাইনই থাকিবে, ইত্যাদি) এবং θ-কে সূক্ষ্মকোণ ধরিয়া সংযুক্ত কোণটি কোন্ পাদে থাকে তাহা স্থির করিয়া "সমস্ত, সাইন, ট্যান, কস" সূত্রের সাহায্যে কোণানুপাতের চিহ্ন নির্ণীত হইবে।

θ যদি 90° ডিগ্রীর কোন অযুগ্ম গুণিতকের সহিত '+' অথবা '−' চিহ্ন দ্বারা সংযুক্ত থাকে, তাহা হইলে কোণানুপাতের আকার পরিবর্তিত হইবে (অর্থাৎ সাইন কোসাইন হইবে, কোসাইন সাইন হইবে, ইত্যাদি) এবং θ-কে সূক্ষ্মকোণ

ধরিয়া সংযুক্ত কোণটি কোন্ পাদে থাকে তাহা স্থির করিয়া "সমস্ত, সাইন, ট্যান, কস" সূত্রের সাহায্যে কোণানুপাতের চিহ্ন নির্ণীত হইবে।

4·10. উদাহরণাবলী :

উদাহরণ 1. 120°, 135°, 150°, 180° ও 210° কোণগুলির সাইন ও কোসাইন-এর মান নির্ণয় কর।

$\sin 120^\circ = \sin(180^\circ - 60^\circ) = \sin 60^\circ = \frac{\sqrt{3}}{2}$.

[অথবা $\sin 120^\circ = \sin(90^\circ + 30^\circ) = \cos 30^\circ = \frac{\sqrt{3}}{2}$]

$\cos 120^\circ = \cos(180^\circ - 60^\circ) = -\cos 60^\circ = -\frac{1}{2}$.

$\sin 135^\circ = \sin(180^\circ - 45^\circ) = \sin 45^\circ = \frac{1}{\sqrt{2}}$.

$\cos 135^\circ = \cos(180^\circ - 45^\circ) = -\cos 45^\circ = -\frac{1}{\sqrt{2}}$.

$\sin 150^\circ = \sin(180^\circ - 30^\circ) = \sin 30^\circ = \frac{1}{2}$.

$\cos 150^\circ = \cos(180^\circ - 30^\circ) = -\cos 30^\circ = -\frac{\sqrt{3}}{2}$.

$\sin 180^\circ = \sin(90^\circ + 90^\circ) = \cos 90^\circ = 0$.

$\cos 180^\circ = \cos(90^\circ + 90^\circ) = -\sin 90^\circ = -1$.

[অথবা $\cos 180^\circ = \cos(180^\circ + 0^\circ) = -\cos 0^\circ = -1$]

$\sin 210^\circ = \sin(180^\circ + 30^\circ) = -\sin 30^\circ = -\frac{1}{2}$.

$\cos 210^\circ = \cos(180^\circ + 30^\circ) = -\cos 30^\circ = -\frac{\sqrt{3}}{2}$.

টীকা : উপরোক্ত কোণগুলি প্রথম পাদ বহির্ভূত কয়েকটি বিশিষ্ট কোণ। ইহাদের কোণানুপাতগুলির মান প্রায়ই প্রয়োজন হইবে। সেই কারণে এই মানগুলি ছাত্রদের মনে রাখিলে সুবিধা হইবে।

উদাহরণ 2. মান নির্ণয় কর :

(i) $\sin(-930^\circ)$. (ii) $\cos(\frac{41}{6}\pi)$. (iii) $\tan(1575^\circ)$.

(i) $\sin(-930^\circ) = -\sin 930^\circ = -\sin(2\times 360^\circ + 210^\circ)$

$= -\sin 210^\circ = -\sin(180^\circ + 30^\circ) = \sin 30^\circ = \frac{1}{2}$.

এখানে সহজেই দেখা যায়,

$$930^\circ = 90^\circ \times 10 + 30^\circ.$$

$\because$ 10 একটি যুগ্ম সংখ্যা, $\therefore$ সাইন, সাইনই থাকিবে।

আবার, যেহেতু 930° কোণটির সীমারেখা তৃতীয় পাদে অবস্থিত,

সুতরাং $\sin 930^\circ$-এর মানের চিহ্ন ঋণাত্মক হইবে।

$$\therefore \sin 930^\circ = -\sin 30^\circ = -\tfrac{1}{2}.$$

$$\therefore \sin(-930^\circ) = -\sin 930^\circ = -(-\tfrac{1}{2}) = \tfrac{1}{2}.$$

(ii) $\cos(\frac{41}{6}\pi) = \cos(3\times 2\pi + \frac{5}{6}\pi) = \cos\frac{5}{6}\pi$

$$= \cos(\pi - \tfrac{1}{6}\pi) = -\cos\tfrac{1}{6}\pi = -\tfrac{1}{2}\sqrt{3}.$$

(iii) $\tan(1575^\circ) = \tan(4\times 360^\circ + 135^\circ) = \tan 135^\circ$

$$= \tan(180^\circ - 45^\circ) = -\tan 45^\circ = -1.$$

উদাহরণ 3. 45° অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক কোণের কোণানুপাতের মাধ্যমে প্রকাশ কর :

(i) $\sec(-1145^\circ)$. (ii) $\cot(-1414^\circ)$.

(i) $\sec(-1145^\circ) = \sec(-3\times 360^\circ - 65^\circ) = \sec(-65^\circ)$

$$= \sec 65^\circ = \sec(90^\circ - 25^\circ) = \text{coseo } 25^\circ.$$

(ii) $\cot(-1414^\circ) = \cot(-4\times 360^\circ + 26^\circ) = \cot 26^\circ.$

উদাহরণ 4. n একটি পূর্ণসংখ্যা হইলে, $\sin\left\{n\pi + (-1)^n\frac{\pi}{3}\right\}$-এর মান কত?

যদি n একটি যুগ্ম সংখ্যা হয়, মনে কর, $n = 2m$, যেখানে m একটি পূর্ণসংখ্যা।

$$\therefore \sin\{n\pi + (-1)^n\tfrac{1}{3}\pi\} = \sin\{2m\pi + (-1)^{2m}\tfrac{1}{3}\pi\}$$

$$= \sin(2m\pi + \tfrac{1}{3}\pi) = \sin\tfrac{1}{3}\pi = \tfrac{1}{2}\sqrt{3}.$$

n একটি অযুগ্ম সংখ্যা হইলে, মনে কর, $n = 2m+1$, যেখানে m একটি পূর্ণসংখ্যা।

$$\therefore \sin\{n\pi + (-1)^n\tfrac{1}{3}\pi\} = \sin\{(2m+1)\pi + (-1)^{2m+1}.\tfrac{1}{3}\pi\}$$

$$= \sin\{2m\pi + \pi - \tfrac{1}{3}\pi\} = \sin\{2m\pi + (\pi - \tfrac{1}{3}\pi)\}$$

$$= \sin(\pi - \tfrac{1}{3}\pi) = \sin\tfrac{1}{3}\pi = \tfrac{1}{2}\sqrt{3}.$$

$\therefore$ নির্ণেয় মান $= \frac{1}{2}\sqrt{3}$.

উদাহরণ 5. সরল কর :

$$\frac{\sin^3 405^\circ}{\cos^2 315^\circ}\cdot\frac{\tan\frac{3}{4}\pi}{\sin(-\frac{1}{4}\pi)}\cdot\frac{\sec^2 45^\circ}{\text{cosec}^2 225^\circ}.$$

প্রদত্ত রাশিমালা

$$= \frac{\{\sin(360^\circ + 45^\circ)\}^3}{\{\cos(360^\circ - 45^\circ)\}^2}\cdot\frac{\tan(\pi - \frac{1}{4}\pi)}{\sin(-\frac{1}{4}\pi)}\cdot\frac{\sec^2 45^\circ}{\{\text{cosec}(180^\circ + 45^\circ)\}^2}$$

$$=\frac{(\sin 45^\circ)^3}{(\cos 45^\circ)^2}\cdot\frac{-\tan\frac{1}{4}\pi}{-\sin\frac{1}{4}\pi}\cdot\frac{\sec^2 45^\circ}{(-\operatorname{cosec} 45^\circ)^2}$$

$$=\frac{\left(\frac{1}{\sqrt{2}}\right)^3}{\left(\frac{1}{\sqrt{2}}\right)^2}\cdot\frac{1}{\frac{1}{\sqrt{2}}}\cdot\frac{(\sqrt{2})^2}{(-\sqrt{2})^2}=1.$$

উদাহরণ 6. দেখাও যে,

$$\tan\tfrac{3}{20}\pi\tan\tfrac{4}{20}\pi\tan\tfrac{5}{20}\pi\tan\tfrac{6}{20}\pi\tan\tfrac{7}{20}\pi=1.$$

বামপক্ষ

$=\tan\frac{3}{20}\pi\tan\frac{4}{20}\pi\tan\frac{1}{4}\pi\tan\left(\frac{1}{2}\pi-\frac{4}{20}\pi\right)\tan\left(\frac{1}{2}\pi-\frac{3}{20}\pi\right)$

$=\tan\frac{3}{20}\pi\tan\frac{4}{20}\pi\,.\,1.\ \cot\frac{4}{20}\pi\cot\frac{3}{20}\pi$

$=(\tan\frac{3}{20}\pi\,.\,\cot\frac{3}{20}\pi)\,.\,(\tan\frac{4}{20}\pi\cot\frac{4}{20}\pi)$

$=1.1=1=$ ডানপক্ষ।

উদাহরণ 7. $\sqrt{3}\sin\theta+\cos\theta=1$-কে সমাধান করিয়া 0° এবং 360°-এর মধ্যবর্তী θ-এর সম্ভাব্য মানগুলি নির্ণয় কর।

$\sqrt{3}\sin\theta+\cos\theta=1$

অথবা, $\sqrt{3}\sin\theta=1-\cos\theta$

অথবা, $3\sin^2\theta=(1-\cos\theta)^2$, (বর্গ করিয়া)

অথবা, $3(1-\cos^2\theta)=1+\cos^2\theta-2\cos\theta$

অথবা, $3-3\cos^2\theta=1+\cos^2\theta-2\cos\theta$

অথবা, $4\cos^2\theta-2\cos\theta-2=0$

অথবা, $2\cos^2\theta-\cos\theta-1=0$

অথবা, $2\cos^2\theta-2\cos\theta+\cos\theta-1=0$

অথবা, $(\cos\theta-1)(2\cos\theta+1)=0.$

সুতরাং, $\cos\theta-1=0$, অথবা, $2\cos\theta+1=0.$

$\cos\theta-1=0$ হইলে, $\cos\theta=1=\cos 0^\circ=\cos(360^\circ+0^\circ).$

$\therefore\ \theta=0^\circ$, অথবা, $360^\circ.$

কিন্তু θ-এর মান 0° ও 360°-এর মধ্যে সীমাবদ্ধ

$\therefore$ θ-এর মান 0° বা 360° হইতে পারে না।

আবার, যদি $2\cos\theta+1=0$ হয়, তবে $\cos\theta=-\frac{1}{2}.$

$\cos\theta$ ঋণাত্মক বলিয়া θ কোণের সীমারেখা দ্বিতীয় বা তৃতীয় পাদে অবস্থিত।

$\therefore \quad \cos\theta = -\frac{1}{2} = -\cos 60^\circ = \cos(180^\circ - 60^\circ)$

অথবা $\cos(180^\circ + 60^\circ)$.

$\therefore \quad \theta = 180^\circ - 60^\circ = 120^\circ$, অথবা, $180^\circ + 60^\circ = 240^\circ$.

কিন্তু $\theta = 240^\circ$ প্রদত্ত সমীকরণকে সিদ্ধ করে না ;

$\therefore$ θ-এর নির্ণেয় মান 120°.

উদাহরণ 8. ABCD বৃত্তস্থ চতুর্ভুজের কোণগুলি A, B, C, D হইলে, দেখাও যে, $\cos A + \cos B + \cos C + \cos D = 0$.

ABCD বৃত্তস্থ চতুর্ভুজের কোণগুলি A, B, C, D বলিয়া,

$A + C = 180^\circ$ এবং $B + D = 180^\circ$.

$\therefore \quad A = 180^\circ - C$ এবং $B = 180^\circ - D$.

বামপক্ষ $= \cos(180^\circ - C) + \cos(180^\circ - D) + \cos C + \cos D$

$= -\cos C - \cos D + \cos C + \cos D = 0 =$ ডানপক্ষ।

প্রশ্নমালা IV

1. মান নির্ণয় কর :

(i) $\sin(-675^\circ)$. (ii) $\cos(-1230^\circ)$. (iii) $\tan(1020^\circ)$.

(iv) $\text{cosec}(1305^\circ)$. (v) $\sec(1035^\circ)$. (vi) $\cot(\frac{5}{2}\pi - \frac{19}{3}\pi)$.

2. নিম্নের কোণানুপাতগুলিকে ধনাত্মক ক্ষুদ্রতম কোণের কোণানুপাতে প্রকাশ কর :

(i) $\sin 240^\circ$. (ii) $\cos 780^\circ$. (iii) $\tan\frac{25}{4}\pi$.

3. নিম্নের কোণানুপাতগুলিকে 45° অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক কোণের কোণানুপাতের মাধ্যমে প্রকাশ কর :

(i) $\sin(-1358^\circ)$. (ii) $\cos\frac{35}{9}\pi$. (iii) $\tan(-1750^\circ)$.

(iv) $\sec(1240^\circ)$. (v) $\text{cosec}(-1150^\circ)$.

4. n-কে একটি পূর্ণসংখ্যা ধরিয়া নিম্নের কোণানুপাতগুলির মান নির্ণয় কর :

(i) $\cos(2n\pi \pm \frac{1}{4}\pi)$. (ii) $\tan(n\pi + \frac{1}{6}\pi)$.

(iii) $\cos\{n\pi + (-1)^n \frac{1}{3}\pi\}$.

5. (i) $\theta = \frac{23}{6}\pi$ হইলে, $(\sec\theta - \tan\theta)$-এর মান কত ?

(ii) $x = \frac{17}{3}\pi$ হইলে, $(\cot x - \tan x)$-এর মান নির্ণয় কর।

সরল কর (6—10) :

6. $\cos 18^\circ + \cos 162^\circ + \cos 234^\circ + \cos 306^\circ$.

7. (i) $\sin 330^\circ + \tan 45^\circ - 4 \sin^2 120^\circ + 2 \cos^2 135^\circ + \sec^2 180^\circ$.

(ii) $\sin 420^\circ \cos 390^\circ + \cos(-300^\circ) \sin(-330^\circ)$.

8. $\tan 25^\circ \tan 35^\circ \tan 45^\circ \tan 55^\circ \tan 65^\circ$.

9. $\cot(90^\circ + x) \cot x \cos(90^\circ - x) \tan(90^\circ - x)$.

10. $\dfrac{\sin(\frac{1}{2}\pi + \theta) \cos(\pi - \theta) \cot(\frac{3}{2}\pi + \theta)}{\sin(\frac{1}{2}\pi - \theta) \sin(\frac{3}{2}\pi - \theta) \cot(\frac{1}{2}\pi + \theta)}$.

প্রমাণ কর (**11—16**) :

11. (i) $\dfrac{\tan 57^\circ + \cot 37^\circ}{\tan 33^\circ + \cot 53^\circ} = \tan 57^\circ \cot 37^\circ$.

(ii) $\dfrac{\tan 47^\circ + \cot 37^\circ}{\tan 43^\circ + \cot 53^\circ} = \tan 47^\circ \cot 37^\circ$.

12. $\tan 64^\circ + \tan 26^\circ = \sec 64^\circ \operatorname{cosec} 64^\circ = \sec 26^\circ \operatorname{cosec} 26^\circ$.

13. (i) $\cos n\pi = (-1)^n$;

(ii) $\cos(n\pi + \alpha) = (-1)^n \cos \alpha$;

(iii) $\tan(n\pi - \theta) = -\tan \theta$; n একটি অখণ্ড সংখ্যা।

14. (i) $\sin 135^\circ \cos 65^\circ + \cos 35^\circ \cos 115^\circ = 0$.

(ii) $\cos A + \sin(270^\circ + A) - \sin(270^\circ - A) + \cos(180^\circ + A) = 0$.

15. $\cot \frac{1}{16}\pi \cot \frac{3}{16}\pi \cot \frac{5}{16}\pi \cot \frac{7}{16}\pi = \cot \frac{1}{4}\pi$.

16. $\sin^2 \frac{1}{8}\pi + \sin^2 \frac{3}{8}\pi + \sin^2 \frac{5}{8}\pi + \sin^2 \frac{7}{8}\pi = 2$.

17. (i) x একটি ধনাত্মক সূক্ষ্মকোণ এবং $\sin x = \cos 30^\circ$ হইলে, x-এর মান কত ?

(ii) α একটি ধনাত্মক সূক্ষ্মকোণ এবং $\sec \alpha = \operatorname{cosec} 60^\circ$ হইলে, α-এর মান কত ?

18. x-এর সাংখ্যমানে (numerically) 360° অপেক্ষা ক্ষুদ্রতর সম্ভাব্যমান নির্ণয় কর :

(i) $\sin x = \frac{1}{2}$. (ii) $\tan x = -\sqrt{3}$. (iii) $\sec x = -\sqrt{2}$.

19. সমাধান করিয়া 0° এবং 360°-এর মধ্যবর্তী θ-এর মান নির্ণয় কর :

(i) $2 \cos \theta + \sqrt{3} = 0$. (ii) $\tan^2 \theta + \cot^2 \theta = 2$.

(iii) $3(\sec^2\theta+\tan^2\theta)=5.$ (iv) $2\sin^2\theta+3\cos\theta=0.$

(v) $\cos^2\theta-\sin\theta=\frac{1}{4}.$ (vi) $\cos\theta+\sqrt{3}\sin\theta=2.$

(vii) $4\sin\theta\cos\theta-1=2(\cos\theta-\sin\theta).$

(viii) $\tan\theta+\cot\theta=2\sec\theta.$

20. (i) $270^\circ<\theta<360^\circ$ এবং $\cos\theta=\frac{5}{13}$ হইলে, $\sin\theta$ ও $\cot\theta$-এর মান নির্ণয় কর।

(ii) $\sin\theta=-\frac{3}{5}$ এবং $\cos\theta$ ধনাত্মক হইলে, $\tan\theta$-এর মান কত ?

(iii) $\operatorname{cosec}\theta=\dfrac{2}{\sqrt{3}}$ হইলে, $\tan\theta$-এর মান নির্ণয় কর।

21. (i) $\tan\theta=\frac{3}{4}$ এবং $\sin\theta$ ঋণাত্মক হইলে,

$\dfrac{\sin(-\theta)+\cos(-\theta)}{\sec\theta+\tan(-\theta)}$-এর মান নির্ণয় কর।

(ii) $\cot\theta=\frac{12}{5}$ এবং $\cos\theta$ ঋণাত্মক হইলে,

$\dfrac{\sin\theta+\cos(-\theta)}{\sec(-\theta)+\tan\theta}$-এর মান নির্ণয় কর।

22. (i) $\sin\theta+\sin(\pi+\theta)+\sin(2\pi+\theta)+\cdots\cdots$ শ্রেণীটির n-পদের সমষ্টি নির্ণয় কর।

[প্রদত্ত রাশিমালা $=\sin\theta-\sin\theta+\sin\theta-\sin\theta+\cdots\cdots n$-সংখ্যক পদ পর্যন্ত, ইত্যাদি]

(ii) $\cos x+\cos(\pi+x)+\cos(2\pi+x)+\cdots\cdots$ শ্রেণীটির n-পদের সমষ্টি নির্ণয় কর।

23. একটি ত্রিভুজের তিনটি কোণ A, B, C হইলে, দেখাও যে,

(i) $\sin(B+C)-\cos A=\cos(B+C)+\sin A.$

(ii) $\sin\frac{1}{2}(B+C)=\cos\frac{1}{2}A.$

(iii) $\tan\frac{1}{2}(C-A)=\cot(\frac{1}{2}B+A).$

(iv) $\sin(B+C)+\sin(C+A)+\sin(A+B)$

$$=\sin(\pi-A)+\sin(3\pi-B)+\sin(5\pi-C).$$

24. ABCD চতুর্ভুজের কোণগুলি $\alpha, \beta, \gamma, \delta$ হইলে, প্রমাণ কর,

(i) $\sin(\alpha+\beta)+\sin(\gamma+\delta)=0.$

(ii) $\cos\frac{1}{2}(\beta+\gamma)+\cos\frac{1}{2}(\delta+\alpha)=0.$

25. ABCD বৃত্তস্থ চতুর্ভুজের কোণগুলি A, B, C, D হইলে, দেখাও যে, $\tan A+\tan B+\tan C+\tan D=0.$

পঞ্চম অধ্যায়

যৌগিক কোণ

(Compound Angles)

5·1. সংজ্ঞা ঃ

দুই বা ততোধিক কোণের যোগফল বা বিয়োগফলকে **যৌগিক কোণ** বলে। উদাহরণস্বরূপ, A+B, A−B, A+B+C, ইত্যাদি কোণগুলির প্রত্যেকটিই এক একটি যৌগিক কোণ।

5·2. উপপাদ্য 1. A ও B **ধনাত্মক সূক্ষ্মকোণ এবং** $(A+B)<90^\circ$ **হইলে,**

$$\sin(A+B)=\sin A\cos B+\cos A\sin B,$$

$$\cos(A+B)=\cos A\cos B-\sin A\sin B.$$

মনে কর, একটি ঘূর্ণায়মান সরলরেখা, উহার প্রথম অবস্থান OL হইতে ধনাত্মক দিকে ঘুরিয়া A কোণের সমান ∠LOM উৎপন্ন করিল। পরে উহা একই দিকে ঘুরিয়া B কোণের সমান ∠MON উৎপন্ন করিল।

অতএব, ∠LON=A+B.

(A+B)-যৌগিক-কোণের সীমারেখা ON-এর উপর P যে-কোন একটি বিন্দু। P হইতে OL ও OM-এর উপর যথাক্রমে PQ এবং PR লম্ব অঙ্কিত করা হইল। আবার, R বিন্দু হইতে PQ ও OL-এর উপর যথাক্রমে RS এবং RT লম্ব অঙ্কিত করা হইল।

RS ও LO একই সরলরেখা PQ-এর উপর লম্ব বলিয়া RS ∥ LO.

∴ A=∠LOR=একান্তর ∠ORS=90°−∠PRS=∠SPR.

এক্ষণে, POQ সমকোণী ত্রিভুজ হইতে,

$$\sin(A+B)=\sin\angle QOP=\frac{PQ}{OP}=\frac{QS+PS}{OP}=\frac{RT+PS}{OP}$$

$$=\frac{RT}{OP}+\frac{PS}{OP}=\frac{RT}{OR}\cdot\frac{OR}{OP}+\frac{PS}{PR}\cdot\frac{PR}{OP}$$

$$=\sin A.\cos B+\cos\angle SPR.\sin B$$

$$=\sin A\cos B+\cos A\sin B. \quad\cdots\quad (1)$$

পুনরায়, $\cos (A+B)=\cos \angle QOP=\frac{OQ}{OP}=\frac{OT-QT}{OP}$

$$=\frac{OT-SR}{OP}=\frac{OT}{OP}-\frac{SR}{OP}=\frac{OT}{OR}\cdot\frac{OR}{OP}-\frac{SR}{PR}\cdot\frac{PR}{OP}$$

$$=\cos A.\cos B-\sin \angle SPR.\sin B$$

$$=\cos A\cos B-\sin A\sin B. \qquad \cdots \qquad (2)$$

উপপাদ্য 2. A ও B **ধনাত্মক সূক্ষ্মকোণ এবং** $A>B$ **হইলে,**
$\sin (A-B)=\sin A\cos B-\cos A\sin B$,
$\cos (A-B)=\cos A\cos B+\sin A\sin B$.

মনে কর, একটি ঘূর্ণায়মান সরলরেখা, উহার প্রথম অবস্থান OL হইতে ধনাত্মক দিকে ঘুরিয়া A কোণের সমান $\angle LOM$ উৎপন্ন করিল। পরে উহা ঋণাত্মক দিকে ঘুরিয়া B কোণের সমান $\angle MON$ উৎপন্ন করিল। অতএব,

$$\angle LON=A-B.$$

(A − B)-যৌগিক কোণের সীমারেখা ON-এর উপর P যে-কোন একটি বিন্দু। P হইতে OL ও OM-এর উপর যথাক্রমে PQ ও PR লম্ব অঙ্কিত করা হইল। আবার, R বিন্দু হইতে বর্ধিত QP ও OL-এর উপর যথাক্রমে RS এবং RT লম্ব অঙ্কিত করা হইল।

OQ ও RS, একই সরলরেখা SQ-এর উপর লম্ব বলিয়া, RS ∥ OQ.

$\therefore A=\angle LOR=$ অনুরূপ $\angle MRS=90^\circ-\angle PRS=\angle SPR$.

এক্ষণে, POQ সমকোণী ত্রিভুজ হইতে,

$$\sin (A-B)=\sin \angle QOP=\frac{PQ}{OP}=\frac{SQ-PS}{OP}=\frac{RT-PS}{OP}$$

$$=\frac{RT}{OP}-\frac{PS}{OP}=\frac{RT}{OR}\cdot\frac{OR}{OP}-\frac{PS}{PR}\cdot\frac{PR}{OP}$$

$$=\sin A.\cos B-\cos \angle SPR.\sin B$$

$$=\sin A\cos B-\cos A\sin B. \qquad \cdots \qquad (3)$$

পুনরায়, $\cos (A-B)=\cos \angle QOP=\frac{OQ}{OP}=\frac{OT+TQ}{OP}$

$$=\frac{OT+RS}{OP}=\frac{OT}{OP}+\frac{RS}{OP}=\frac{OT}{OR}\cdot\frac{OR}{OP}+\frac{RS}{PR}\cdot\frac{PR}{OP}$$

$$=\cos A.\cos B+\sin \angle SPR.\sin B$$

$$=\cos A\cos B+\sin A\sin B. \qquad \dots \quad (4)$$

টীকা 1. উপপাদ্য 1-এর সূত্র দুইটিকে sine ও cosine-এর যোগ-সূত্র (addition formulae) এবং উপপাদ্য 2-এর সূত্র দুইটিকে sine ও cosine-এর বিয়োগ-সূত্র (subtraction formulae) বলা হয়।

টীকা 2. A ও B দুইটি ধনাত্মক সূক্ষ্মকোণ না হইয়া যে-কোন কোণ হইলেও উপরোক্ত সূত্রগুলি প্রমাণ করা যায়। প্রমাণকালে A ও B-এর ধনাত্মক সূক্ষ্মকোণের প্রমাণিত (1), (2), (3), (4) সূত্র চারিটি ধরিয়া লওয়া হইবে।

A ও B-এর মান যাহাই হউক না কেন A′ ও B′ কোণ দুইটি এরূপ ধনাত্মক ও সূক্ষ্মকোণ লওয়া হইল, যাহাতে

$A=m.\,90^\circ+A'$ এবং $B=n.\,90^\circ+B'$,

যেখানে m ও n দুইটি ধনাত্মক বা ঋণাত্মক পূর্ণসংখ্যা।

সুতরাং $\cos (A+B)=\cos \{(m+n)\,90^\circ+A'+B'\}$.

(i) m ও n উভয়েই যুগ্ম হইলে,

$$\cos (A+B)=(-1)^{\frac{m+n}{2}}\cos (A'+B')$$

$$=(-1)^{\frac{m+n}{2}}(\cos A'\cos B'-\sin A'\sin B').$$

এক্ষণে $\cos A=(-1)^{\frac{m}{2}}\cos A'$ এবং $\sin A=(-1)^{\frac{m}{2}}\sin A'$;

$\cos B=(-1)^{\frac{n}{2}}\cos B'$ এবং $\sin B=(-1)^{\frac{n}{2}}\sin B'$.

$\therefore\ \cos (A+B)=\cos A\cos B-\sin A\sin B.$

(ii) m ও n উভয়েই অযুগ্ম হইলে,

$$\cos A=(-1)^{\frac{m-1}{2}}\cos (90^\circ+A')=(-1)^{\frac{m+1}{2}}\sin A',$$

$$\sin A=(-1)^{\frac{m-1}{2}}\sin (90^\circ+A')=(-1)^{\frac{m-1}{2}}\cos A'.$$

B কোণের জন্যও অনুরূপ সূত্র প্রয়োগ করিলে এবং $\cos A'$, $\cos B'$, $\sin A'$, $\sin B'$-এর মানগুলি বসাইলে সহজেই $\cos(A+B)$-এর সূত্র পাওয়া যায়।

(iii) m অযুগ্ম এবং n যুগ্ম হইলে,

$$\cos(A+B)=(-1)^{\frac{m+n-1}{2}}\cos(90^\circ+A'+B')$$

$$=(-1)^{\frac{m+n+1}{2}}\sin(A'+B')$$

$$=(-1)^{\frac{m+n+1}{2}}(\sin A'\cos B'+\cos A'\sin B').$$

এক্ষণে $\cos A=(-1)^{\frac{m+1}{2}}\sin A'$; $\cos B=(-1)^{\frac{n}{2}}\cos B'$,

$$\sin A=(-1)^{\frac{m-1}{2}}\cos A',\ \sin B=(-1)^{\frac{n}{2}}\sin B'.$$

এ সকল মান বসাইয়া $\cos(A+B)$-এর সূত্র পাওয়া যাইবে।

যৌগিক কোণের অপর সূত্রগুলিও অনুরূপভাবে ব্যাপকতা লাভ করিবে।

5.3. যৌগিক কোণ সূত্রের সাধারণ প্রমাণঃ

মনে কর, O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে OP ও OQ ব্যাসার্ধদ্বয় নির্দিষ্ট রেখা OX-এর সহিত যথাক্রমে A ও B কোণ করিয়াছে। PQ যুক্ত কর এবং P ও Q হইতে OX- এর উপর যথাক্রমে PM ও QN লম্ব অঙ্কন কর। P হইতে ব্যাস QQ′-এর উপর PS লম্ব এবং Q হইতে OX-এর সমান্তরাল QR রেখা অঙ্কন কর।

$\therefore\ OP=OQ=OX.$

এক্ষণে, $PQ^2=QR^2+RP^2=MN^2+PR^2$

$$=(ON-OM)^2+(PM-QN)^2$$
$$=(OQ\cos B-OP\cos A)^2+(OP\sin A-OQ\sin B)^2$$
$$=OX^2\{(\cos B-\cos A)^2+(\sin A-\sin B)^2\}$$
$$=2OX^2(1-\cos A\cos B-\sin A\sin B).$$

আবার $PQ^2 = QS.\ QQ' = 2OX\ (OQ - OS)$

$= 2OX\{OX - OP\cos(A-B)\}$

$= 2OX^2\{1 - \cos(A-B)\}$.

$\therefore\ \cos(A-B) = \cos A\cos B + \sin A\sin B$.

ইহাই উপরোক্ত (4) সূত্র।

B-এর স্থলে $-B$ বসাইলে (2) সূত্র, B-এর স্থলে $90^\circ - B$ বসাইলে (1) সূত্র, এবং B-এর স্থলে $90^\circ + B$ বসাইলে (3) সূত্র পাওয়া যাইবে।

অতএব, উপরোক্ত সূত্রগুলি সম্পূর্ণ ব্যাপক।

5·4. প্রয়োজনীয় সূত্রাবলীঃ

(*a*) $\sin(A+B)\sin(A-B) = \sin^2 A - \sin^2 B = \cos^2 B - \cos^2 A$.

$\sin(A+B)\sin(A-B)$

$= (\sin A\cos B + \cos A\sin B)(\sin A\cos B - \cos A\sin B)$

$= \sin^2 A\cos^2 B - \cos^2 A\sin^2 B$

$= \sin^2 A(1 - \sin^2 B) - (1 - \sin^2 A)\sin^2 B$

$= \sin^2 A - \sin^2 A\sin^2 B - \sin^2 B + \sin^2 A\sin^2 B$

$= \sin^2 A - \sin^2 B$

$= (1 - \cos^2 A) - (1 - \cos^2 B) = \cos^2 B - \cos^2 A$.

(*b*) $\cos(A+B)\cos(A-B) = \cos^2 A - \sin^2 B = \cos^2 B - \sin^2 A$.

$\cos(A+B)\cos(A-B)$

$= (\cos A\cos B - \sin A\sin B)(\cos A\cos B + \sin A\sin B)$

$= \cos^2 A\cos^2 B - \sin^2 A\sin^2 B$

$= \cos^2 A(1 - \sin^2 B) - (1 - \cos^2 A)\sin^2 B$

$= \cos^2 A - \cos^2 A\sin^2 B - \sin^2 B + \cos^2 A\sin^2 B$

$= \cos^2 A - \sin^2 B$

$= (1 - \sin^2 A) - (1 - \cos^2 B) = \cos^2 B - \sin^2 A$.

(*c*) $\tan(A+B) = \dfrac{\tan A + \tan B}{1 - \tan A\tan B}$.

$$\tan(A+B) = \frac{\sin(A+B)}{\cos(A+B)} = \frac{\sin A\cos B + \cos A\sin B}{\cos A\cos B - \sin A\sin B}.$$

ডানপক্ষের লব ও হরকে cos A cos B দ্বারা ভাগ করিলে,

$$\tan(A+B)=\frac{\frac{\sin A\cos B}{\cos A\cos B}+\frac{\cos A\sin B}{\cos A\cos B}}{\frac{\cos A\cos B}{\cos A\cos B}-\frac{\sin A\sin B}{\cos A\cos B}}=\frac{\tan A+\tan B}{1-\tan A\tan B}.$$

(*d*) **tan** $(A-B)=\frac{\tan A-\tan B}{1+\tan A\tan B}.$

$$\tan(A-B)=\frac{\sin(A-B)}{\cos(A-B)}=\frac{\sin A\cos B-\cos A\sin B}{\cos A\cos B+\sin A\sin B}.$$

ডানপক্ষের লব ও হরকে cos A cos B দ্বারা ভাগ করিলে,

$$\tan(A-B)=\frac{\frac{\sin A\cos B}{\cos A\cos B}-\frac{\cos A\sin B}{\cos A\cos B}}{\frac{\cos A\cos B}{\cos A\cos B}+\frac{\sin A\sin B}{\cos A\cos B}}=\frac{\tan A-\tan B}{1+\tan A\tan B}.$$

(*e*) **cot** $(A+B)=\frac{\cot A\cot B-1}{\cot B+\cot A}.$

$$\cot(A+B)=\frac{\cos(A+B)}{\sin(A+B)}=\frac{\cos A\cos B-\sin A\sin B}{\sin A\cos B+\cos A\sin B}.$$

ডানপক্ষের লব ও হরকে sin A sin B দ্বারা ভাগ করিলে,

$$\cot(A+B)=\frac{\cot A\cot B-1}{\cot B+\cot A}.$$

(*f*) **cot** $(A-B)=\frac{\cot A\cot B+1}{\cot B-\cot A}.$

$$\cot(A-B)=\frac{\cos(A-B)}{\sin(A-B)}=\frac{\cos A\cos B+\sin A\sin B}{\sin A\cos B-\cos A\sin B}.$$

ডানপক্ষের লব ও হরকে sin A sin B দ্বারা ভাগ করিলে,

$$\cot(A-B)=\frac{\cot A\cot B+1}{\cot B-\cot A}.$$

(*g*) $\sin(A+B+C)=\sin A\cos B\cos C+\cos A\sin B\cos C$

$+\cos A\cos B\sin C-\sin A\sin B\sin C$

$=\cos A\cos B\cos C(\tan A+\tan B+\tan C$

$-\tan A\tan B\tan C).$

$\sin(A+B+C)=\sin\{(A+B)+C\}$

$=\sin(A+B)\cos C+\cos(A+B)\sin C$

$=(\sin A\cos B+\cos A\sin B)\cos C+(\cos A\cos B$
$-\sin A\sin B)\sin C$

$=\sin A\cos B\cos C+\cos A\sin B\cos C+\cos A\cos B\sin C$
$-\sin A\sin B\sin C$

$=\cos A\cos B\cos C(\tan A+\tan B+\tan C-\tan A\tan B\tan C).$

(*h*) $\cos(A+B+C)=\cos A\cos B\cos C-\cos A\sin B\sin C$
$-\sin A\cos B\sin C-\sin A\sin B\cos C$
$=\cos A\cos B\cos C(1-\tan B\tan C$
$-\tan C\tan A-\tan A\tan B).$

$\cos(A+B+C)=\cos\{A+(B+C)\}$

$=\cos A\cos(B+C)-\sin A\sin(B+C)$

$=\cos A(\cos B\cos C-\sin B\sin C)$
$-\sin A(\sin B\cos C+\cos B\sin C)$

$=\cos A\cos B\cos C-\cos A\sin B\sin C$
$-\sin A\sin B\cos C-\sin A\cos B\sin C$

$=\cos A\cos B\cos C(1-\tan B\tan C-\tan C\tan A$
$-\tan A\tan B).$

(*i*) $\tan(A+B+C)=\dfrac{\tan A+\tan B+\tan C-\tan A\tan B\tan C}{1-\tan B\tan C-\tan C\tan A-\tan A\tan B}.$

$\tan(A+B+C)=\tan\{A+(B+C)\}$

$$=\frac{\tan A+\tan(B+C)}{1-\tan A\tan(B+C)}=\frac{\tan A+\dfrac{\tan B+\tan C}{1-\tan B\tan C}}{1-\tan A.\dfrac{\tan B+\tan C}{1-\tan B\tan C}}$$

$$=\frac{\tan A+\tan B+\tan C-\tan A\tan B\tan C}{1-\tan B\tan C-\tan C\tan A-\tan A\tan B}.$$

5·5. উদাহরণাবলী :

উদাহরণ 1. $\sin 75^\circ$, $\cos 75^\circ$, $\tan 75^\circ$, $\sin 15^\circ$, $\cos 15^\circ$ এবং $\tan 15^\circ$-এর মান নির্ণয় কর।

$\sin 75^\circ = \sin(45^\circ+30^\circ) = \sin 45^\circ \cos 30^\circ + \cos 45^\circ \sin 30^\circ$

$$= \frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2} = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}.$$

$\cos 75^\circ = \cos(45^\circ+30^\circ) = \cos 45^\circ \cos 30^\circ - \sin 45^\circ \sin 30^\circ$

$$= \frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} - \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2} = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}.$$

$$\tan 75^\circ = \tan(45^\circ+30^\circ) = \frac{\tan 45^\circ + \tan 30^\circ}{1 - \tan 45^\circ \tan 30^\circ}$$

$$= \frac{1+\frac{1}{\sqrt{3}}}{1-1.\frac{1}{\sqrt{3}}} = \frac{\sqrt{3}+1}{\sqrt{3}-1}$$

$$= \frac{(\sqrt{3}+1)^2}{(\sqrt{3}-1)(\sqrt{3}+1)} = \frac{3+1+2\sqrt{3}}{3-1} = \frac{4+2\sqrt{3}}{2} = 2+\sqrt{3}.$$

$\sin 15^\circ = \sin(45^\circ-30^\circ) = \sin 45^\circ \cos 30^\circ - \cos 45^\circ \sin 30^\circ$

$$= \frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} - \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2} = \frac{\sqrt{3}-1}{2\sqrt{2}}.$$

$\cos 15^\circ = \cos(45^\circ-30^\circ) = \cos 45^\circ \cos 30^\circ + \sin 45^\circ \sin 30^\circ$

$$= \frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2} = \frac{\sqrt{3}+1}{2\sqrt{2}}.$$

$$\tan 15^\circ = \tan(45^\circ-30^\circ) = \frac{\tan 45^\circ - \tan 30^\circ}{1+\tan 45^\circ \tan 30^\circ}$$

$$= \frac{1-\frac{1}{\sqrt{3}}}{1+1.\frac{1}{\sqrt{3}}} = \frac{\sqrt{3}-1}{\sqrt{3}+1} = \frac{(\sqrt{3}-1)^2}{3-1} = \frac{4-2\sqrt{3}}{2} = 2-\sqrt{3}.$$

টীকা ঃ $15^\circ = 60^\circ - 45^\circ$ আকারে লিখিলেও একই মান পাওয়া যাইবে।

আবার, $\sin 15^\circ = \sin(90^\circ - 75^\circ) = \cos 75^\circ$

এবং $\cos 15^\circ = \cos(90^\circ - 75^\circ) = \sin 75^\circ$, হইতেও একই মান পাওয়া যায়।

উদাহরণ 2. A, B সূক্ষ্মকোণ এবং $\sin A=\frac{4}{5}$, $\cos C=\frac{5}{13}$ হইলে, $\sin(A+B)$ এবং $\sec(A-B)$-এর মান নির্ণয় কর।

A ও B সূক্ষ্মকোণ বলিয়া, $\cos A=\sqrt{1-\sin^2 A}=\sqrt{1-\frac{16}{25}}=\sqrt{\frac{9}{25}}=\frac{3}{5}$

এবং $\sin B=\sqrt{1-\cos^2 B}=\sqrt{1-\frac{25}{169}}=\sqrt{\frac{144}{169}}=\frac{12}{13}$.

$$\therefore\ \sin(A+B)=\sin A\cos B+\cos A\sin B$$

$$=\frac{4}{5}\cdot\frac{5}{13}+\frac{3}{5}\cdot\frac{12}{13}=\frac{20+36}{65}=\frac{56}{65}$$

এবং $\sec(A-B)=\dfrac{1}{\cos(A-B)}=\dfrac{1}{\cos A\cos B+\sin A\sin B}$

$$=\frac{1}{\frac{3}{5}\cdot\frac{5}{13}+\frac{4}{5}\cdot\frac{12}{13}}=\frac{65}{15+48}=\frac{65}{63}.$$

টীকা: A, B সূক্ষ্মকোণ বলা থাকিলে উহাদের sine ও cosine-কে ধনাত্মক লওয়া হয়। যদি কিছুই উল্লেখ না থাকে, সেক্ষেত্রে A ও B-কে সূক্ষ্মকোণ ধরিয়া উহাদের sine ও cosine-কে ধনাত্মক লওয়া হয়।

উদাহরণ 3. প্রমাণ কর:

$\cos 41°\,41'\cos 18°19'-\cos 48°19'\cos 71°41'=\frac{1}{2}$.

বামপক্ষ $=\cos 41°\,41'\cos 18°19'-$

$$\sin(90°-48°19')\sin(90°-71°41')$$

$$=\cos 41°41'\cos 18°19'-\sin 41°41'\sin 18°19'$$

$$=\cos(41°41'+18°19')=\cos 60°=\tfrac{1}{2}=\text{ডানপক্ষ।}$$

উদাহরণ 4. দেখাও যে,

$\sin 3\theta\cos 2\theta+\cos 3\theta\sin 2\theta=\sin 6\theta\cos\theta-\cos 6\theta\sin\theta$.

বামপক্ষ $=\sin(3\theta+2\theta)=\sin 5\theta=\sin(6\theta-\theta)$

$=\sin 6\theta\cos\theta-\cos 6\theta\sin\theta=$ ডানপক্ষ।

উদাহরণ 5. প্রমাণ কর: $\cot A-\cot 2A=\operatorname{cosec} 2A$.

বামপক্ষ $=\dfrac{\cos A}{\sin A}-\dfrac{\cos 2A}{\sin 2A}=\dfrac{\sin 2A\cos A-\cos 2A\sin A}{\sin A\sin 2A}$

$$=\frac{\sin(2A-A)}{\sin A\sin 2A}=\frac{\sin A}{\sin A\sin 2A}$$

$$=\frac{1}{\sin 2A}=\operatorname{cosec} 2A=\text{ডানপক্ষ।}$$

উদাহরণ 6. দেখাও যে,

$$\frac{\sin(B-C)}{\sin B \sin C}+\frac{\sin(C-A)}{\sin C \sin A}+\frac{\sin(A-B)}{\sin A \sin B}=0.$$

বামপক্ষ $=\dfrac{\sin B \cos C-\cos B \sin C}{\sin B \sin C}$

$$+\frac{\sin C \cos A-\cos C \sin A}{\sin C \sin A}+\frac{\sin A \cos B-\cos A \sin B}{\sin A \sin B}$$

$$=\frac{\sin B \cos C}{\sin B \sin C}-\frac{\cos B \sin C}{\sin B \sin C}+\frac{\sin C \cos A}{\sin C \sin A}-\frac{\cos C \sin A}{\sin C \sin A}$$

$$+\frac{\sin A \cos B}{\sin A \sin B}-\frac{\cos A \sin B}{\sin A \sin B}$$

$=\cot C-\cot B+\cot A-\cot C+\cot B-\cot A$

$=0=$ ডানপক্ষ।

উদাহরণ 7. দেখাও যে, $\tan(45^\circ-\theta)\tan(45^\circ+\theta)=1.$

বামপক্ষ $=\dfrac{\tan 45^\circ-\tan\theta}{1+\tan 45^\circ \tan\theta}\times\dfrac{\tan 45^\circ+\tan\theta}{1-\tan 45^\circ\tan\theta}$

$=\dfrac{1-\tan\theta}{1+\tan\theta}\times\dfrac{1+\tan\theta}{1-\tan\theta}=1=$ ডানপক্ষ।

উদাহরণ 8. দেখাও যে, $\dfrac{\cos 5^\circ+\sin 5^\circ}{\cos 5^\circ-\sin 5^\circ}=\tan 50^\circ.$

বামপক্ষের লব ও হরকে $\cos 5^\circ$ দ্বারা ভাগ করিলে,

বামপক্ষ $=\dfrac{1+\tan 5^\circ}{1-\tan 5^\circ}=\dfrac{\tan 45^\circ+\tan 5^\circ}{1-\tan 45^\circ.\tan 5^\circ}$

$=\tan(45^\circ+5^\circ)=\tan 50^\circ=$ ডানপক্ষ।

উদাহরণ 9. দেখাও যে,

$\tan 22^\circ+\tan 23^\circ+\tan 22^\circ\tan 23^\circ=1.$

এস্থলে, $1=\tan 45^\circ=(\tan 22^\circ+23^\circ)$

$$=\frac{\tan 22^\circ+\tan 23^\circ}{1-\tan 22^\circ\tan 23^\circ}$$

অথবা, $\tan 22^\circ+\tan 23^\circ=1-\tan 22^\circ\tan 23^\circ$

অথবা, $\tan 22^\circ+\tan 23^\circ+\tan 22^\circ\tan 23^\circ=1.$

উদাহরণ 10. $A+B+C=180^\circ$ এবং $\cos A=\cos B \cos C$ হইলে, দেখাও যে, $\tan A=\tan B+\tan C$.

$A+B+C=180^\circ$, সুতরাং $A=180^\circ-(B+C)$.

$$\therefore \quad \text{বামপক্ষ}=\tan A=\frac{\sin A}{\cos A}=\frac{\sin\{180^\circ-(B+C)\}}{\cos B \cos C}$$

$$=\frac{\sin(B+C)}{\cos B\cos C}=\frac{\sin B\cos C+\cos B\sin C}{\cos B\cos C}$$

$$=\frac{\sin B\cos C}{\cos B\cos C}+\frac{\cos B\sin C}{\cos B\cos C}$$

$$=\tan B+\tan C=\text{ডানপক্ষ।}$$

উদাহরণ 11. $\tan\beta=\dfrac{n\sin\alpha\cos\alpha}{1-n\sin^2\alpha}$ হইলে, দেখাও যে,

$$\tan(\alpha-\beta)=(1-n)\tan\alpha.$$

$$\text{বামপক্ষ}=\tan(\alpha-\beta)=\frac{\tan\alpha-\tan\beta}{1+\tan\alpha\tan\beta}$$

$$=\frac{\tan\alpha-\dfrac{n\sin\alpha\cos\alpha}{1-n\sin^2\alpha}}{1+\tan\alpha.\dfrac{n\sin\alpha\cos\alpha}{1-n\sin^2\alpha}}=\frac{\tan\alpha\left\{1-\dfrac{n\cos^2\alpha}{1-n\sin^2\alpha}\right\}}{1+\dfrac{n\sin^2\alpha}{1-n\sin^2\alpha}}$$

$$=\frac{\tan\alpha(1-n\sin^2\alpha-n\cos^2\alpha)}{1-n\sin^2\alpha+n\sin^2\alpha}$$

$$=(1-n)\tan\alpha=\text{ডানপক্ষ।}$$

উদাহরণ 12. একটি কোণ θ-কে α ও β দুইভাগে ভাগ করা হইল, যাহাতে $\tan\alpha:\tan\beta=x:y$ হয়। প্রমাণ কর যে,

$$\sin(\alpha-\beta)=\frac{x-y}{x+y}\sin\theta.$$

প্রদত্ত শর্তানুসারে,

$$\frac{x}{y}=\frac{\tan\alpha}{\tan\beta}=\frac{\dfrac{\sin\alpha}{\cos\alpha}}{\dfrac{\sin\beta}{\cos\beta}}=\frac{\sin\alpha\cos\beta}{\cos\alpha\sin\beta}.$$

যোগ-ভাগ প্রক্রিয়ার দ্বারা,

$$\frac{x-y}{x+y}=\frac{\sin\alpha\cos\beta-\cos\alpha\sin\beta}{\sin\alpha\cos\beta+\cos\alpha\sin\beta}=\frac{\sin(\alpha-\beta)}{\sin(\alpha+\beta)}.$$

$\therefore\ \sin(\alpha-\beta)=\dfrac{x-y}{x+y}\sin(\alpha+\beta)=\dfrac{x-y}{x+y}\sin\theta$

$[\because\ \alpha+\beta=\theta]$.

প্রশ্নমালা V

1. (i) $\cot(-15^\circ)$ এবং $\operatorname{cosec} 75^\circ$-এর মান নির্ণয় কর।

(ii) $\sin 105^\circ$, $\cos 105^\circ$ এবং $\tan 105^\circ$-এর মান নির্ণয় কর।

2. (i) A, B সূক্ষ্মকোণ এবং $\sin A=\frac{4}{5}$, $\cos B=\frac{8}{17}$ হইলে, $\sin(A+B)$ এবং $\tan(A-B)$-এর মান নির্ণয় কর।

(ii) $\sin x=\frac{5}{13}$ এবং $\sin y=\frac{15}{17}$ হইলে, $\cos(x-y)$ এবং $\cot(x+y)$-এর মান নির্ণয় কর।

(iii) $\sec\alpha=\frac{5}{4}$ এবং $\operatorname{cosec}\beta=\frac{13}{12}$ হইলে, দেখাও যে, $\sec(\alpha-\beta)=\frac{65}{56}$ এবং $\operatorname{cosec}(\alpha+\beta)=\frac{65}{63}$.

প্রমাণ কর (3-21) :

3. (i) $\sin 40^\circ 40' \cos 19^\circ 20' + \sin 49^\circ 20' \cos 70^\circ 40' = \dfrac{\sqrt{3}}{2}$.

(ii) $\sin 48^\circ 30' \sin 3^\circ 30' + \sin 86^\circ 30' \sin 41^\circ 30' = \dfrac{1}{\sqrt{2}}$.

4. (i) $\cos 3\theta \cos 4\theta - \sin 3\theta \sin 4\theta$

$=\cos 12\theta \cos 5\theta + \sin 12\theta \sin 5\theta$.

(ii) $\sin(k+1)x \cos(k-1)x - \cos(k+1)x \sin(k-1)x$

$=\sin 3x \cos x - \cos 3x \cos x$.

(iii) $\cos\frac{1}{2}(\alpha-\beta) - \sin\beta \sin\frac{1}{2}(\alpha+\beta) = \cos\beta \cos\frac{1}{2}(\alpha+\beta)$.

5. (i) $\sin(60^\circ - A)\cos(30^\circ - B) + \cos(60^\circ - A)\sin(30^\circ - B)$

$=\cos(A+B)$.

(ii) $\dfrac{\tan(A+B)-\tan B}{1+\tan(A+B)\tan B}=\tan A$.

6. $\cot 2\theta + \tan\theta = \operatorname{cosec} 2\theta$.

7. $1+\cot A \cot 2A = \cot A \operatorname{cosec} 2A$.

8. (i) $\sin A \sin(B-C) + \sin B \sin(C-A)$

$+\sin C \sin(A-B)=0$.

(ii) $\sin(B+C)\sin(B-C)+\sin(C+A)\sin(C-A)$
$+\sin(A+B)\sin(A-B)=0.$

9. $\dfrac{\sin(B-C)}{\cos B\cos C}+\dfrac{\sin(C-A)}{\cos C\cos A}+\dfrac{\sin(A-B)}{\cos A\cos B}=0.$

10. $\tan\theta\tan(\theta+60^\circ)+\tan\theta\tan(\theta-60^\circ)$
$+\tan(\theta+60^\circ)\tan(\theta-60^\circ)=-3.$

11. $\cot(\frac{1}{4}\pi+A)\cot(\frac{1}{4}\pi-A)=1.$

12. $\tan\left(\dfrac{\pi}{4}-\theta\right)=\dfrac{\cos\theta-\sin\theta}{\cos\theta+\sin\theta}.$

13. (i) $\dfrac{\cos 7^\circ+\sin 7^\circ}{\cos 7^\circ-\sin 7^\circ}=\tan 52^\circ.$

(ii) $\dfrac{\cos 8^\circ-\sin 8^\circ}{\cos 8^\circ+\sin 8^\circ}=\cot 53^\circ.$

14. (i) $\tan 20^\circ+\tan 25^\circ+\tan 20^\circ\tan 25^\circ=1.$

(ii) $\tan 67^\circ-\tan 22^\circ-\tan 67^\circ\tan 22^\circ=1.$

15. $\dfrac{\sin(2A+B)}{\sin A}-2\cos(A+B)=\dfrac{\sin A}{\sin B}.$

16. $\tan(A+B)+\tan(A-B)=\dfrac{\sin 2A}{\cos^2 A-\sin^2 B}.$

17. $\tan(A+B).\tan(A-B)=\dfrac{\sin^2 A-\sin^2 B}{\cos^2 A-\sin^2 B}.$

18. $\dfrac{\sin(A+B)\sin(A-B)}{\cos^2 A\cos^2 B}=\tan^2 A-\tan^2 B.$

19. $\dfrac{\sin(\alpha-\beta)}{\sin(\alpha+\beta)}=\dfrac{\tan\alpha-\tan\beta}{\tan\alpha+\tan\beta}.$

20. $\sec(x-y)=\dfrac{\sec x\sec y}{1+\tan x\tan y}.$

21. $\dfrac{1}{\tan\alpha+\tan\beta}-\dfrac{1}{\cot\alpha+\cot\beta}=\cot(\alpha+\beta).$

22. (i) $\sin(A-B+C)$, $\cos(A+B-C)$ এবং $\tan(A-B-C)$-এর বিস্তৃতি নির্ণয় কর।

(ii) $\cot(A+B+C)$-কে $\cot A$, $\cot B$ ও $\cot C$-এর মাধ্যমে বিস্তৃত কর।

23. $A+B+C=180^\circ$ এবং $\cos A=\cos B \cos C$ হইলে, দেখাও যে,

$$\cot B \cot C=\tfrac{1}{2}.$$

24. $\sin \alpha \sin \beta-\cos \alpha \cos \beta+1=0$ হইলে, দেখাও যে,

$$1+\cot \alpha \tan \beta=0.$$

25. (i) $\alpha+\beta=45^\circ$ এবং $\tan \alpha=k$ হইলে, দেখাও যে,

$$\tan \beta=\frac{1-k}{1+k}.$$

(ii) $A+B=45^\circ$ হইলে, প্রমাণ কর যে,

$$(1+\tan A)(1+\tan B)=2.$$

ইহা হইতে দেখাও যে, $\tan 22\tfrac{1}{2}^\circ=\sqrt{2}-1.$

(iii) $A+B=225^\circ$ হইলে, প্রমাণ কর,

$$\frac{\cot A}{1+\cot A}\cdot\frac{\cot B}{1+\cot B}=\frac{1}{2}.$$

(iv) $A+B=90^\circ$ হইলে, প্রমাণ কর,

$$\tan A+\cos A \sec B \sec C=\tan B+\cos B \sec C \sec A$$
$$=\tan C+\cos C \sec A \sec B.$$

26. (i) $a \cos (x+y)=b \cos (x-y)$ হইলে, দেখাও যে,

$$(a+b) \tan x=(a-b) \cot y.$$

(ii) $\sin (\alpha+\beta)=n \sin (\alpha-\beta)$ হইলে, দেখাও যে,

$$(n+1) \cot \alpha=(n-1) \cot \beta.$$

(iii) $\tan \theta=\dfrac{a \sin \alpha+b \sin \beta}{a \cos \alpha+b \cos \beta}$ হইলে, দেখাও যে,

$$a \sin (\theta-\alpha)+b \sin (\theta-\beta)=0.$$

27. (i) $\tan \beta=\dfrac{2 \sin \alpha \sin \gamma}{\sin (\alpha+\gamma)}$ হইলে, দেখাও যে,

$\tan \alpha$, $\tan \beta$, $\tan \gamma$ বিপরীত প্রগতি (H. P.)-তে আছে।

(ii) $\tan \alpha=\dfrac{a \sin \beta}{1-a \cos \beta}$ এবং $\tan \beta=\dfrac{b \sin \alpha}{1-b \cos \alpha}$ হইলে,

দেখাও যে, $$\frac{\sin \alpha}{\sin \beta}=\frac{a}{b}.$$

(iii) $\cot\theta=\cos(\alpha+\beta)$ এবং $\cot\phi=\cos(\alpha-\beta)$ হইলে,

দেখাও যে, $\tan(\theta-\phi)=\dfrac{2\sin\alpha\sin\beta}{\cos^2\alpha+\cos^2\beta}$.

(iv) $\sin\alpha=\text{A}\sin(\alpha+\beta)$ হইলে, দেখাও যে,

$$\tan(\alpha+\beta)=\frac{\sin\beta}{\cos\beta-\text{A}}.$$

28. একটি কোণ θ-কে α ও β দুই ভাগে ভাগ করা হইল, যাহাতে $\tan\alpha=k\tan\beta$ এবং $\alpha-\beta=\phi$ হয়। প্রমাণ কর যে,

$$\sin\phi=\frac{k-1}{k+1}\sin\theta.$$

29. $\dfrac{\tan(\text{A}-\text{B})}{\tan\text{A}}+\dfrac{\sin^2\text{C}}{\sin^2\text{A}}=1$ হইলে, দেখাও যে,

$$\tan\text{A}\tan\text{B}=\tan^2\text{C}.$$

30. $\dfrac{a\cos\text{A}\sec\text{B}-x}{a\sin(\text{A}-\text{B})}=\dfrac{y-b\sin\text{A}\sec\text{B}}{b\cos(\text{A}+\text{B})}=\tan\text{B}$ হইলে,

প্রমাণ কর, $\dfrac{x^2}{a^2}+\dfrac{y^2}{b^2}=1$.

31. $\cos(x-y)=-1$ হইলে, দেখাও যে,

$\sin x+\sin y=0$ এবং $\cos x+\cos y=0$.

32. $\cos(\text{B}-\text{C})+\cos(\text{C}-\text{A})+\cos(\text{A}-\text{B})=-\frac{3}{2}$ হইলে, দেখাও যে, $\cos\text{A}+\cos\text{B}+\cos\text{C}=0$ এবং $\sin\text{A}+\sin\text{B}+\sin\text{C}=0$.

ষষ্ঠ অধ্যায়

গুণফল ও যোগফলের রূপান্তর

(Transformation of Products and Sums)

6·1. গুণফলকে যোগফল অথবা বিয়োগফলে রূপান্তর :

পূর্ব অধ্যায়ে প্রাপ্ত সূত্র হইতে,

$\sin A \cos B + \cos A \sin B = \sin (A+B)$ ... (1)

$\sin A \cos B - \cos A \sin B = \sin (A-B)$ ... (2)

(1) এবং (2) যোগ করিলে,

$2 \sin A \cos B = \sin (A+B) + \sin (A-B)$ ... (I)

(1) হইতে (2) বিয়োগ করিলে,

$2 \cos A \sin B = \sin (A+B) - \sin (A-B)$ ... (II)

পুনরায়, $\cos A \cos B - \sin A \sin B = \cos (A+B)$ ... (3)

$\cos A \cos B + \sin A \sin B = \cos (A-B)$ ... (4)

(3) ও (4) যোগ করিলে,

$2 \cos A \cos B = \cos (A+B) + \cos (A-B)$ ... (III)

(4) হইতে (3) বিয়োগ করিলে,

$2 \sin A \sin B = \cos (A-B) - \cos (A+B)$ ... (IV)

(I), (II), (III) ও (IV)-এ দুইটি sine বা cosine-এর গুণফলকে দুইটি sine বা cosine-এর যোগফল বা বিয়োগফল রূপে প্রকাশ করা হইয়াছে।

উপরোক্ত চারিটি সূত্র নিম্নে একত্রে সন্নিবেশিত করা হইল :

$2 \sin A \cos B = \sin (A+B) + \sin (A-B)$ ... (I)

$2 \cos A \sin B = \sin (A+B) - \sin (A-B)$ ... (II)

$2 \cos A \cos B = \cos (A+B) + \cos (A-B)$ ... (III)

$2 \sin A \sin B = \cos (A-B) - \cos (A+B)$ ... (IV)

6·2. যোগফল অথবা বিয়োগফলকে গুণফলে রূপান্তর ঃ

পূর্ব অনুচ্ছেদের সূত্রগুলিতে, মনে কর, $A+B=C$ এবং $A-B=D$;

তাহা হইলে $A=\frac{C+D}{2}$ এবং $B=\frac{C-D}{2}$.

সুতরাং পূর্ব অনুচ্ছেদের (I), (II), (III) ও (IV) হইতে,

$$\sin C+\sin D=2\sin\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\sin C-\sin D=2\cos\frac{C+D}{2}\sin\frac{C-D}{2}$$

$$\cos C+\cos D=2\cos\frac{C+D}{2}\cos\frac{C-D}{2}$$

$$\cos C-\cos D=2\sin\frac{C+D}{2}\sin\frac{D-C}{2}.$$

শেষোক্ত সূত্রটির জন্য $(-\sin B)$ কে $\sin(-B)=\sin\frac{D-C}{2}$ লেখা হইয়াছে।

উপরোক্ত সূত্রগুলি দুইটি কোণের sine অথবা cosine-এর যোগফল অথবা বিয়োগফলকে উহাদের গুণফলে রূপান্তরিত করে।

টীকা ঃ উপরোক্ত সূত্রগুলিকে নিম্নলিখিত উপায়ে সহজে মনে রাখা যায় ঃ

(i) sine + sine = 2 sin ($\frac{1}{2}$ যোগফল) cos ($\frac{1}{2}$ বিয়োগফল)

(ii) sine − sine = 2 cos ($\frac{1}{2}$ যোগফল) sin ($\frac{1}{2}$ বিয়োগফল)

(iii) cosine + cosine = 2 cos ($\frac{1}{2}$ যোগফল) cos ($\frac{1}{2}$ বিয়োগফল)

(iv) cosine − cosine = 2 sin ($\frac{1}{2}$ যোগফল) sin ($\frac{1}{2}$ বিপরীত বিয়োগফল)।

6·3. উদাহরণাবলী ঃ

উদাহরণ 1. প্রমাণ কর : $\frac{\sin\alpha+\sin\beta}{\sin\alpha-\sin\beta}=\tan\frac{\alpha+\beta}{2}\cot\frac{\alpha-\beta}{2}$.

$$\text{বামপক্ষ}=\frac{2\sin\frac{\alpha+\beta}{2}\cos\frac{\alpha-\beta}{2}}{2\cos\frac{\alpha+\beta}{2}\sin\frac{\alpha-\beta}{2}}=\tan\frac{\alpha+\beta}{2}\cot\frac{\alpha-\beta}{2}=\text{ডানপক্ষ}।$$

উদাহরণ 2. প্রমাণ কর যে, $\sin 65^\circ + \cos 65^\circ = \sqrt{2} \cos 20^\circ$.

বামপক্ষ $= \sin 65^\circ + \sin (90^\circ - 65^\circ) = \sin 65^\circ + \sin 25^\circ$

$$= 2 \sin \frac{65^\circ + 25^\circ}{2} \cos \frac{65^\circ - 25^\circ}{2}$$

$$= 2 \sin 45^\circ \cos 20^\circ = 2 . \frac{1}{\sqrt{2}} \cos 20^\circ$$

$= \sqrt{2} \cos 20^\circ =$ ডানপক্ষ।

উদাহরণ 3. দেখাও যে, $\cos 20^\circ + \cos 100^\circ + \cos 140^\circ = 0$.

বামপক্ষ $= (\cos 20^\circ + \cos 100^\circ) + \cos 140^\circ$

$$= 2 \cos \frac{100^\circ + 20^\circ}{2} \cos \frac{100^\circ - 20^\circ}{2} + \cos (180^\circ - 40^\circ)$$

$= 2 \cos 60^\circ \cos 40^\circ - \cos 40^\circ$

$= 2 \times \frac{1}{2} \cos 40^\circ - \cos 40^\circ = \cos 40^\circ - \cos 40^\circ = 0 =$ ডানপক্ষ।

উদাহরণ 4. দেখাও যে, $\sin 20^\circ \sin 40^\circ \sin 60^\circ \sin 80^\circ = \frac{3}{16}$.

বামপক্ষ $= \frac{1}{2}(2 \sin 20^\circ \sin 40^\circ) . \frac{\sqrt{3}}{2} . \sin 80^\circ$

$$= \frac{\sqrt{3}}{4} \{\cos (40^\circ - 20^\circ) - \cos (40^\circ + 20^\circ)\} \sin 80^\circ$$

$$= \frac{\sqrt{3}}{4} (\cos 20^\circ - \cos 60^\circ) \sin 80^\circ$$

$$= \frac{\sqrt{3}}{4} (\cos 20^\circ \sin 80^\circ - \tfrac{1}{2} . \sin 80^\circ)$$

$$= \frac{\sqrt{3}}{4} \{\tfrac{1}{2}(2 \sin 80^\circ \cos 20^\circ) - \tfrac{1}{2} \sin (180^\circ - 100^\circ)\}$$

$$= \frac{\sqrt{3}}{4} \{\tfrac{1}{2} (\sin 100^\circ + \sin 60^\circ) - \tfrac{1}{2} \sin 100^\circ\}$$

$= \frac{\sqrt{3}}{4} . \frac{1}{2} . \frac{\sqrt{3}}{2} = \frac{3}{16} =$ ডানপক্ষ।

উদাহরণ 5. $4 \cos A \cos B \cos C$-কে চারিটি cosine-এর যোগফলরূপে প্রকাশ কর।

$4 \cos A \cos B \cos C = 2 . (2 \cos A \cos B) \cos C$

$= 2 \{\cos (A + B) + \cos (A - B)\} \cos C$

$= 2\cos(A+B)\cos C + 2\cos(A-B)\cos C$

$= \cos(A+B+C) + \cos(A+B-C) + \cos(A-B+C) + \cos(A-B-C).$

উদাহরণ 6. প্রমাণ কর :

বিকল্প পদ্ধতি : $\tan^{-1}x+\tan^{-1}y+\tan^{-1}z=\frac{1}{2}\pi$

$$\therefore\ \tan^{-1}\frac{x+y+z-xyz}{1-yz-zx-xy}=\frac{1}{2}\pi$$

অর্থাৎ $\dfrac{x+y+z-xyz}{1-yz-zx-xy}=\tan\frac{1}{2}\pi$

$\therefore\ 1-yz-zx-xy=0$ অর্থাৎ $yz+zx+xy=1.$

উদাহরণ 9. দেখাও যে, $\cot^{-1}(\tan x)+\tan^{-1}(\cot x)=\pi-2x.$

বামপক্ষ$=\cot^{-1}\cot(\frac{1}{2}\pi-x)+\tan^{-1}\tan(\frac{1}{2}\pi-x)$

$=\frac{1}{2}\pi-x+\frac{1}{2}\pi-x=\pi-2x=$ ডানপক্ষ।

উদাহরণ 10. দেখাও যে, $\cos\tan^{-1}\sin\cot^{-1}x=\sqrt{\dfrac{x^2+1}{x^2+2}}.$

মনে কর, $\cot^{-1}x=\alpha$; তাহা হইলে, $\cot\alpha=x.$

$$\therefore\ \sin\cot^{-1}x=\sin\alpha=\frac{1}{\operatorname{cosec}\alpha}=\frac{1}{\sqrt{1+\cot^2\alpha}}=\frac{1}{\sqrt{1+x^2}}.$$

$\therefore\ \tan^{-1}\sin\cot^{-1}x=\tan^{-1}\dfrac{1}{\sqrt{1+x^2}}=\beta$ (মনে কর)।

$$\therefore\ \tan\beta=\frac{1}{\sqrt{1+x^2}}.$$

$\therefore$ বামপক্ষ$=\cos\beta=\dfrac{1}{\sec\beta}=\dfrac{1}{\sqrt{1+\tan^2\beta}}=\dfrac{1}{\sqrt{1+\dfrac{1}{1+x^2}}}$

$=\sqrt{\dfrac{x^2+1}{x^2+2}}=$ ডানপক্ষ।

উদাহরণ 11. সমাধান কর :

$$3\sin^{-1}\frac{2x}{1+x^2}-4\cos^{-1}\frac{1-x^2}{1+x^2}+2\tan^{-1}\frac{2x}{1-x^2}=\frac{\pi}{3}.\quad \text{[C. P. U.]}$$

প্রমাণিত সূত্র হইতে প্রদত্ত সমীকরণটি হইবে

$$3 \,.\, 2\tan^{-1}x - 4 \,.\, 2\tan^{-1}x + 2 \,.\, 2\tan^{-1}x = \tfrac{1}{3}\pi$$

অথবা, $2\tan^{-1}x = \frac{1}{3}\pi$ অথবা, $\tan^{-1}x = \frac{1}{6}\pi$

অথবা, $x = \tan\frac{1}{6}\pi = \dfrac{1}{\sqrt{3}}$.

উদাহরণ 12. সমাধান কর :

$$\tan^{-1}(x+1) + \tan^{-1}(x-1) = \tan^{-1}\tfrac{4}{7}. \qquad \text{[C. P. U.]}$$

প্রদত্ত সমীকরণটি হইতে

$$\tan^{-1}\frac{(x+1)+(x-1)}{1-(x+1)(x-1)} = \tan^{-1}\frac{4}{7}$$

অথবা, $\dfrac{2x}{1-x^2+1} = \dfrac{4}{7}$

অথবা, $14x = 8 - 4x^2$

অথবা, $2x^2 + 7x - 4 = 0$

অথবা, $(x+4)(2x-1) = 0$.

$\therefore\ x = -4, \frac{1}{2}$.

প্রশ্নমালা XI

প্রমাণ কর (**1–21**) :

1. $\tan^{-1}\frac{1}{2} + \tan^{-1}\frac{1}{3} = \frac{1}{4}\pi$.

2. $2\tan^{-1}\frac{1}{5} + \tan^{-1}\frac{1}{4} = \tan^{-1}\frac{32}{43}$. [W.B B.H.S.]

3. $\tan^{-1}x + \tan^{-1}y + \tan^{-1}\dfrac{1-x-y-xy}{1+x-y+xy} = \dfrac{\pi}{4}$. [C.P.U.]

4. $\tan^{-1}\frac{1}{3} + \tan^{-1}\frac{1}{5} + \tan^{-1}\frac{1}{7} + \tan^{-1}\frac{1}{8} = \frac{1}{4}\pi$. [C.P.U.]

5. (i) $\tan^{-1}\frac{2}{11} + \cot^{-1}\frac{24}{7} = \tan^{-1}\frac{1}{2}$. [W.B.B.H.S.]

(ii) $\tan^{-1}x + \cot^{-1}(x+1) = \tan^{-1}(x^2+x+1)$.

(iii) $\tan^{-1}x + \cot^{-1}y = \tan^{-1}\dfrac{xy+1}{y-x}$. [C.P.U.]

6. $2(\tan^{-1}\frac{1}{4} + \tan^{-1}\frac{2}{9}) = \cos^{-1}\frac{3}{5}$. [W.B.B.H.S.]

7. $\tan^{-1}\frac{27}{11} - \tan^{-1}\frac{3}{5} = \sin^{-1}\frac{3}{5}$.

8. $2\cot^{-1}5 + \cot^{-1}7 + 2\cot^{-1}8 = \frac{1}{4}\pi$. [W.B.B.H.S.]

9. (i) $\sin^{-1}\frac{1}{\sqrt{5}}+\sin^{-1}\frac{1}{\sqrt{10}}=\frac{\pi}{4}$. [C.P.U.]

(ii) $\sin^{-1}\frac{4}{5}+\sin^{-1}\frac{5}{13}+\sin^{-1}\frac{16}{65}=\frac{1}{2}\pi$.

10. $4(\cot^{-1}2+\operatorname{cosec}^{-1}\sqrt{10})=\pi$.

11. $\tan^{-1}\frac{b^2-c^2}{1+b^2c^2}+\tan^{-1}\frac{c^2-a^2}{1+c^2a^2}+\tan^{-1}\frac{a^2-b^2}{1+a^2b^2}=0$.

12. $\cot^{-1}\frac{ab+1}{a-b}+\cot^{-1}\frac{bc+1}{b-c}+\cot^{-1}\frac{ca+1}{c-a}=0$.

13. (i) $\sec^2(\tan^{-1}3)+\operatorname{cosec}^2(\cot^{-1}5)=36$.

(ii) $\sec^2(\cot^{-1}3)+\operatorname{cosec}^2(\tan^{-1}2)=2\frac{13}{36}$.

14. $\sin(2\sin^{-1}x)=2x\sqrt{(1-x^2)}$.

15. $2\tan^{-1}\sqrt{x}=\cos^{-1}\frac{1-x}{1+x}$.

16. $2\tan^{-1}\left(\sqrt{\frac{a-b}{a+b}}\tan\frac{x}{2}\right)=\cos^{-1}\frac{a\cos x+b}{a+b\cos x}$. [C.P.U.]

17. $\sin^{-1}\sqrt{\frac{x-b}{a-b}}=\cos^{-1}\sqrt{\frac{a-x}{a-b}}=\tan^{-1}\sqrt{\frac{x-b}{a-x}}$.

18. $\cot^{-1}(\tan 2x)+\cot^{-1}(-\tan 3x)=x$.

19. $\tan(\tan^{-1}a+\tan^{-1}b+\tan^{-1}c)$

$$=\cot(\cot^{-1}a+\cot^{-1}b+\cot^{-1}c).$$

20. $\sin\cot^{-1}\tan\cos^{-1}x=x$.

21. $\sin\cot^{-1}\cos\tan^{-1}x=\sqrt{\frac{x^2+1}{x^2+2}}$.

22. $\sec\theta-\operatorname{cosec}\theta=\frac{4}{3}$ হইলে, দেখাও যে, $\theta=\frac{1}{2}\sin^{-1}\frac{3}{4}$.

23. $\sec^{-1}x=\operatorname{cosec}^{-1}y$ হইলে, দেখাও যে, $\frac{1}{x^2}+\frac{1}{y^2}=1$.

24. $\cos^{-1}\frac{x}{a}+\cos^{-1}\frac{y}{b}=\alpha$ হইলে, প্রমাণ কর যে,

$$\frac{x^2}{a^2}-\frac{2xy}{ab}\cos\alpha+\frac{y^2}{b^2}=\sin^2\alpha.$$ [W.B.B.H.S.]

25. $\tan^{-1}x+\tan^{-1}y+\tan^{-1}z=\pi$ হইলে, দেখাও যে,

$$x+y+z=xyz.$$ [B.U. Ent.]

26. $\sin^{-1}x+\sin^{-1}y+\sin^{-1}z=\pi$ হইলে, দেখাও যে,

$$x\sqrt{(1-x^2)}+y\sqrt{(1-y^2)}+z\sqrt{(1-z^2)}=2xyz.$$

27. $\cos^{-1}x+\cos^{-1}y+\cos^{-1}z=\pi$ হইলে, দেখাও যে,

$$x^2+y^2+z^2+2xyz=1.$$

28. $\tan^{-1}y=4\tan^{-1}x$ হইলে, y-কে x-এর বীজগণিতীয় অপেক্ষকরূপে প্রকাশ কর।

29. $\tan^{-1}a$, $\tan^{-1}b$, $\tan^{-1}c$ সমান্তর শ্রেণীতে থাকিলে, a, b, c-এর মধ্যে বীজগণিতীয় সম্বন্ধ নির্ধারণ কর। a, b, c সমান্তর শ্রেণীতে থাকিলে, দেখাও যে,

$$a=b=c\ (b\neq 0,\ 1,\ \text{বা}\ -1).$$

30. মান নির্ণয় কর :

(i) $\sin(\sin^{-1}\frac{1}{3}+\cos^{-1}\frac{1}{3})$.

(ii) $\cos(\tan^{-1}2+\cot^{-1}2)$.

(iii) $\operatorname{cosec}(\tan^{-1}2+\sec^{-1}3)$.

31. সমাধান কর :

(i) $\tan^{-1}(1-x)+\tan^{-1}(1+x)=\frac{1}{4}\pi$. [C.P.U.]

(ii) $\sin^{-1}\dfrac{2p}{1+p^2}-\cos^{-1}\dfrac{1-q^2}{1+q^2}=\tan^{-1}\dfrac{2x}{1-x^2}$.

(iii) $\tan^{-1}\dfrac{x-1}{x-2}+\tan^{-1}\dfrac{x+1}{x+2}=\dfrac{\pi}{4}$.

(iv) $\cot(\cos^{-1}x)=\operatorname{cosec}(\tan^{-1}2)$.

(v) $\tan^{-1}\dfrac{x+1}{x-1}+\tan^{-1}\dfrac{x-1}{x}+\tan^{-1}7=0$.

(vi) $\sin^{-1}x+\sin^{-1}(1-x)=\cos^{-1}x$.

(vii) $\tan^{-1}(x-1)+\tan^{-1}x+\tan^{-1}(x+1)=\tan^{-1}3x$.

(viii) $\tan^{-1}x+\tan^{-1}2x+\tan^{-1}3x=\pi$. [C P.U.]

(ix) $\sin^{-1}\dfrac{5}{x}+\sin^{-1}\dfrac{12}{x}=\dfrac{\pi}{2}$. [W.B.B.H.S.]

32. সমাধান কর :

$\sin^{-1}x+\sin^{-1}y=\frac{2}{3}\pi$, $\cos^{-1}x-\cos^{-1}y=\frac{1}{3}\pi$. [W.B.B.H.S.]

দ্বাদশ অধ্যায়

লগারিদ্‌ম্ ও কোণানুপাতের তালিকা

(Logarithmic and Trigonometrical Tables)

12·1. সংজ্ঞা ঃ একটি নির্দিষ্ট রাশির কোন ঘাত অপর একটি নির্দিষ্ট রাশির সমান হইলে, সেই ঘাতের সূচককে দ্বিতীয় রাশির **লগারিদ্‌ম্** বলে, যাহার **নিধান** (base) হইবে প্রথম রাশি।

$a^x = N (a>0,\ a\neq 1)$ হইলে, সূচক x-কে a নিধান সাপেক্ষে N রাশিটির লগারিদ্‌ম্ বলা হয় এবং লেখা হয়, $\mathbf{x = \log_a N}$.

সুতরাং $x=\log_a N$ = হইলে, $N=a^x$.

বিপরীতক্রমে, $a^x = N$ হইলে, $x=\log_a N$.

উদাহরণস্বরূপ, $3^2=9$, সুতরাং $\log_3 9 = 2$;

$2^{-3}=\frac{1}{8}$, সুতরাং $\log_2 \frac{1}{8} = -3$; ইত্যাদি।

ভিন্ন ভিন্ন নিধান হইলে একই রাশির ভিন্ন ভিন্ন লগারিদ্‌ম্ পাওয়া যায়। যেমন,

$2^4=16$, সুতরাং $\log_2 16 = 4$; আবার, $4^2=16$, সুতরাং $\log_4 16=2$.

এইজন্য কোণ রাশির লগারিদ্‌মে নিধানের উল্লেখের নিতান্ত প্রয়োজন ; তবে কোন প্রশ্নে সমুদয় লগারিদ্‌ম্‌গুলির একই নিধান হইলে, সুবিধার জন্য ঐ নিধানটিকে উহ্য রাখা চলে।

অনুসিদ্ধান্ত ঃ (i) $a^x = N$ হইলে, $x=\log_a N$. $\therefore\ a^{\log_a N} = N$.

(ii) $a(\neq 0)$-এর যে-কোন নির্দিষ্ট বাস্তবমানের জন্য $a^0=1$. $\therefore\ \log_a 1 = 0$; অর্থাৎ 0 ও ∞ ব্যতীত যে-কোন বাস্তব নিধানের সাপেক্ষে 1-এর লগারিদ্‌ম্ শূন্য।

(iii) $a(\neq 0)$ যে-কোন রাশি হইলে, $a^1 = a$. $\therefore\ \log_a a = 1$; অর্থাৎ 0 ও 1 ব্যতীত যে-কোন নিধানের সাপেক্ষে উহার সমান রাশির লগারিদ্‌ম্ এক।

টীকা ঃ (i) a ধনাত্মক বাস্তব হইলে x-এর যে-কোন মানের জন্যই a^x কখনও একটি ঋণাত্মক রাশির সমান হয় না। সুতরাং নিধান ধনাত্মক বাস্তব হইলে কোন ঋণাত্মক রাশির লগারিদ্‌ম্ কাল্পনিক হইবে।

(ii) $a>1$ হইলে, $a^x \to 0$ হয়, যদি $x \to -\infty$ হয়

এবং $a<1$ হইলে, $a^x \to 0$ হয়, যদি $x \to +\infty$ হয়।

$\therefore$ $\log_a 0 \to -\infty$ যদি $a>1$ হয় এবং $\log_a 0 \to +\infty$ যদি $a<1$ হয়।

(iii) $a>1$ হইলে, $a^x \to \infty$ হয়, যদি $x \to +\infty$ হয়

এবং $a<1$ হইলে, $a^x \to \infty$ হয়, যদি $x \to -\infty$ হয়।

$\therefore$ $\log_a \infty \to \infty$, যদি $a>1$ হয় এবং $\log_a \infty \to -\infty$, যদি $a<1$ হয়।

12·2. লগারিদমের ধর্মাবলী :

(i) **দুইটি রাশির গুণফলের লগারিদম্ রাশি দুইটির লগারিদম্‌দ্বয়ের সমষ্টির সমান ; অর্থাৎ**

$$\mathbf{\log_a(m \times n) = \log_a m + \log_a n.}$$

মনে কর, $\log_a (m \times n) = x$, $\log_a m = y$ এবং $\log_a n = z$.

$\therefore$ সংজ্ঞানুসারে, $a^x = m \times n$, $a^y = m$ এবং $a^z = n$.

$\therefore$ $a^x = m \times n = a^y \times a^z = a^{y+z}$.

$\therefore$ $x = y + z$; অর্থাৎ $\log_a(m \times n) = \log_a m + \log_a n$.

অনুসিদ্ধান্ত : $\log_a(m \times n \times p) = \log_a\{m \times (n \times p)\}$

$= \log_a m + \log_a(n \times p) = \log_a m + \log_a n + \log_a p$.

সাধারণভাবে,

$\log_a(m.n.p.q\ldots) = \log_a m + \log_a n + \log_a p + \log_a q + \cdots\cdots$

অর্থাৎ যে-কোন সংখ্যক রাশির গুণফলের লগারিদম্, রাশিগুলির প্রত্যেকটির লগারিদমের সমষ্টির সমান।

(ii) **দুইটি রাশির ভাগফলের লগারিদম্, উহার লবের লগারিদম্ এবং হরের লগারিদমের অন্তরের সমান ; অর্থাৎ**

$$\mathbf{\log_a \left(\frac{m}{n}\right) = \log_a m - \log_a n.}$$

মনে কর, $\log_a\left(\frac{m}{n}\right) = x$, $\log_a m = y$ এবং $\log_a n = z$.

$\therefore$ সংজ্ঞানুসারে, $a^x = \frac{m}{n}$, $a^y = m$ এবং $a^z = n$.

$\therefore$ $a^x = \frac{m}{n} = \frac{a^y}{a^z} = a^{y-z}$.

$\therefore$ $x = y - z$; অর্থাৎ $\log_a\left(\frac{m}{n}\right) = \log_a m - \log_a n$.

(iii) **একটি রাশির কোন ঘাতের লগারিদম্, ঐ ঘাতের সূচক ও রাশিটির লগারিদমের গুণফলের সমান ; অর্থাৎ**

$$\mathbf{\log_a (m)^n = n \log_a m.}$$

মনে কর, $\log_a(m)^n = x$ এবং $\log_a m = y$.

$\therefore$ সংজ্ঞানুসারে, $a^x = m^n$ এবং $a^y = m$.

$$\therefore \quad a^x = m^n = (a^y)^n = a^{ny}.$$

$$\therefore \quad x = ny \text{ ; অর্থাৎ } \log_a(m)^n = n \log_a m.$$

টীকা : লগারিদমের ধর্মাবলী হইতে দেখা যায় যে, গুণন, ভাগ, উদ্ঘাতন (Involution) এবং মূলাকর্ষণ (Evolution) লগারিদমের সাহায্যে শুধু যোগ ও বিয়োগ প্রক্রিয়া দ্বারাই সম্পন্ন করা যায়।

12·3. নিধানের পরিবর্তন :

দুইটি পৃথক নিধানের সাপেক্ষে একই রাশির লগারিদমের পারস্পরিক সূত্রটি হইল

$$\mathbf{\log_a m = \log_b m \times \log_a b.}$$

মনে কর, $\log_a m = x$, $\log_b m = y$ এবং $\log_a b = z$.

$\therefore$ সংজ্ঞানুসারে, $a^x = m$, $b^y = m$ এবং $a^z = b$.

$$\therefore \quad a^x = m = b^y = (a^z)^y = a^{yz}.$$

$$\therefore \quad x = yz \text{ ; অর্থাৎ } \log_a m = \log_b m \times \log_a b.$$

একটি নিধানের সাপেক্ষে কোন রাশির লগারিদম্ জানা থাকিলে, এই সূত্রের সাহায্যে, অপর একটি নিধানের সাপেক্ষে রাশিটির লগারিদম্ জানা যাইবে।

অনুসিদ্ধান্ত : উপরের সূত্রে, $m = a$ বসাইলে,

$$\mathbf{\log_b a \times \log_a b = 1} \qquad (\because \ \log_a a = 1)$$

অর্থাৎ $\mathbf{\log_b a = \dfrac{1}{\log_a b}}$.

সুতরাং $\log_a m = \log_b m \times \log_a b$ হইতে,

$$\mathbf{\log_a m} = \log_b m \times \frac{1}{\log_b a} = \frac{\mathbf{\log_b m}}{\mathbf{\log_b a}}.$$

অতএব b-নিধানের সাপেক্ষে m ও a-এর লগারিদমদ্বয় জানা থাকিলে $\log_b m$ কে $\dfrac{1}{\log_b a}$ দ্বারা গুণ করিয়া, a-নিধানের সাপেক্ষে m-এর লগারিদম্ পাওয়া যাইবে। এস্থলে, $\dfrac{1}{\log_b a}$ কে $\log_a m$-এর নিধান a-এর **মডিউলাস** বলে।

টীকা ঃ উপরের অনুসিদ্ধান্তের তথ্যগুলি নিরপেক্ষভাবেও প্রমাণ করা যায়। যেমন, $\log_b a = x$ এবং $\log_a b = y$ ধরিলে, সংজ্ঞানুসারে, $b^x = a$ এবং $a^x = b$.

$\therefore \quad a = b^x = (a^y)^x = a^{xy}$.

$\therefore \quad xy = 1$; অর্থাৎ $\log_b a \times \log_a b = 1$.

12·4. সাধারণ ও নেপিয়ার লগারিদম্ ঃ

শূন্য ব্যতীত যে-কোন বাস্তব ধনাত্মক সংখ্যাকে নিধানরূপে ব্যবহার করা যাইলেও বাস্তবক্ষেত্রে কেবলমাত্র দুইটি রাশি 10 ও e-কে নিধানরূপে ব্যবহার করা হয়। সেজন্য লগারিদমে দুইটি পদ্ধতি প্রচলিত আছে—সাধারণ পদ্ধতি এবং নেপিয়ার পদ্ধতি।

10-কে নিধান ধরিলে কোন রাশির যে-লগারিদম্ হয়, তাহাকে **সাধারণ লগারিদম্** (Common logarithm) বলে। লিখিবার সুবিধার জন্য সাধারণতঃ নিধান 10-কে উহ্য রাখা হয়। সেজন্য কোন লগারিদমে নিধানের উল্লেখ না থাকিলে বুঝিতে হইবে উহার নিধান হইল 10. Henry Briggs প্রথম এই পদ্ধতির প্রচলন করেন বলিয়া আবিষ্কারকের নামানুসারে ইহাকে ব্রিগ্রিয়ান পদ্ধতিও বলা হয়। যে-কোন পাটীগণিতীয় (numerical) রাশির লগারিদমে এই পদ্ধতি ব্যবহৃত হয় এবং এজন্যই ইহাকে সাধারণ লগারিদম্ বলে। সুতরাং log 2-এর অর্থ হইল $\log_{10} 2$.

e এরূপ একটি রাশির প্রতীক যাহার মান

$$1 + \frac{1}{\lfloor 1} + \frac{1}{\lfloor 2} + \frac{1}{\lfloor 3} + \cdots\cdots$$

ইহা একটি অমেয় রাশি এবং 5 দশমিক স্থান পর্যন্ত ইহার আসন্ন মান 2·71828. এই e-কে নিধান ধরিলে কোন রাশির যে-লগারিদম্ হয়, তাহাকে **নেপিয়ার লগারিদম্** বলে। John Napier এই পদ্ধতির আবিষ্কারক এবং তাঁহার নামানুসারে এই পদ্ধতির নাম Napierian system. এখানে এই পদ্ধতির আলোচনা করিবার অবকাশ নাই।

12·2. সাধারণ লগারিদমের পূর্ণক ও অংশক ঃ

সাধারণ লগারিদমে নিধান 10. $10^x = n$ (n একটি ধনাত্মক রাশি)-সমীকরণের বীজ সাধারণভাবে পূর্ণসংখ্যা নহে। সুতরাং কোন রাশির সাধারণ লগারিদম্ যে পূর্ণসংখ্যা হইবেই তাহার কোন নিশ্চয়তা নাই। ইহার কিছু অংশ পূর্ণ এবং কিছু অংশ দশমিক হইতে পারে। এই পূর্ণঅংশকে **পূর্ণক** (Characteristic) এবং দশমিকাংশকে **অংশক** (Mantissa) বলে।

উদাহরণস্বরূপ, log 12·3 = 1·08991 ; সুতরাং 12·3-এর লগারিদ্‌মের পূর্ণক 1 এবং অংশক ·08991.

পূর্ণক শূন্য, ধনাত্মক বা ঋণাত্মক হইতে পারে, কিন্তু অংশক সর্বদা ধনাত্মক হইবে।

12·6. পূর্ণক নির্ণয়ের নিয়ম :

যে-কোন সংখ্যাকে দেখিয়াই উহার লগের পূর্ণক কত হইবে বলা যায়।

প্রথমে 1 অপেক্ষা বৃহত্তর সংখ্যা লওয়া যাউক।

$10^0 = 1.$ $\therefore$ $\log 1 = 0.$

$10^1 = 10.$ $\therefore$ $\log 10 = 1.$

$10^2 = 100.$ $\therefore$ $\log 100 = 2.$

$10^3 = 1000.$ $\therefore$ $\log 1000 = 3.$

$10^4 = 10000.$ $\therefore$ $\log 10000 = 4.$

... ...

সুতরাং 1 এবং 10-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদ্‌ম্ 0 অপেক্ষা বৃহত্তর এবং 1 অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ, যে-সংখ্যার পূর্ণাংশ এক-অঙ্ক বিশিষ্ট, তাহার লগারিদ্‌ম্ = 0 + একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ ;

অর্থাৎ পূর্ণাংশ এক-অঙ্ক-বিশিষ্ট সংখ্যার লগারিদ্‌মের পূর্ণক 0.

10 এবং 100-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদ্‌ম্ 1 অপেক্ষা বৃহত্তর এবং 2 অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ যে-সংখ্যার পূর্ণাংশ দুই-অঙ্ক-বিশিষ্ট, তাহার লগারিদ্‌ম্ = 1 + একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ ;

অর্থাৎ পূর্ণাংশ দুই-অঙ্ক-বিশিষ্ট সংখ্যার লগারিদ্‌মের পূর্ণক 1.

100 এবং 1000-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদ্‌ম্ 2 অপেক্ষা বৃহত্তর এবং 3 অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ যে-সংখ্যার পূর্ণাংশ তিন-অঙ্ক-বিশিষ্ট, তাহার লগারিদ্‌ম্ = 2 + একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ ;

অর্থাৎ পূর্ণাংশ তিন-অঙ্ক-বিশিষ্ট সংখ্যার লগারিদ্‌মের পূর্ণক 2.

অনুরূপভাবে, 1000 এবং 10000-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার অর্থাৎ যে-সংখ্যার পূর্ণাংশ চারি-অঙ্ক-বিশিষ্ট, তাহার লগারিদ্‌মের পূর্ণক 3. সাধারণভাবে, যে-সংখ্যার পূর্ণাংশ n-সংখ্যক-অঙ্ক-বিশিষ্ট, তাহার লগারিদ্‌মের পূর্ণক $(n-1)$.

অতএব নিয়মটি হইল,

1 অপেক্ষা বৃহত্তর সংখ্যার সাধারণ লগারিদ্‌মের পূর্ণক সর্বদা

ধনাত্মক এবং উহা সংখ্যাটির পূর্ণাংশের অঙ্ক-সংখ্যা অপেক্ষা এক কম হইবে।

এক্ষণে 1 অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক সংখ্যা লওয়া যাউক।

$$10^{0} = 1. \qquad \therefore \log 1 = 0.$$
$$10^{-1} = \tfrac{1}{10} = \cdot 1. \qquad \therefore \log \cdot 1 = -1.$$
$$10^{-2} = \tfrac{1}{100} = \cdot 01. \qquad \therefore \log \cdot 01 = -2.$$
$$10^{-3} = \tfrac{1}{1000} = \cdot 001. \qquad \therefore \log \cdot 001 = -3.$$
$$10^{-4} = \tfrac{1}{10000} = \cdot 0001. \qquad \therefore \log \cdot 0001 = -4.$$

সুতরাং ·1 এবং 1-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদম্ (-1) অপেক্ষা বৃহত্তর এবং 0 অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ পূর্ণাংশবিহীন যে-দশমিকের দশমিক বিন্দুর অব্যবহিত পরে শূন্য থাকে না, তাহার লগারিদম্ $(-1)+$একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ, অর্থাৎ তাহার লগারিদমের পূর্ণক (-1).

·01 এবং ·1-এ মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদম্ (-2) অপেক্ষা বৃহত্তর এবং (-1) অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ পূর্ণাংশবিহীন যে-দশমিকের দশমিক বিন্দুর অব্যবহিত পরে একটি শূন্য থাকে,

তাহার লগারিদম্$=(-2)+$একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ,

অর্থাৎ তাহার লগারিদমের পূর্ণক (-2).

·001 এবং ·01-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার লগারিদম্ (-3) অপেক্ষা বৃহত্তর এবং (-2) অপেক্ষা ক্ষুদ্রতর হইবে, অর্থাৎ পূর্ণাংশবিহীন যে-দশমিকের দশমিক বিন্দুর অব্যবহিত পরে দুইটি শূন্য থাকে, তাহার লগারিদম্$=(-3)+$একটি ধনাত্মক প্রকৃত দশমিক ভগ্নাংশ, অর্থাৎ তাহার লগারিদমের পূর্ণক (-3).

অনুরূপভাবে, ·0001 এবং ·001-এর মধ্যবর্তী যে-কোন সংখ্যার অর্থাৎ পূর্ণাংশবিহীন যে-দশমিকের দশমিক বিন্দুর অব্যবহিত পরে তিনটি শূন্য থাকে, তাহার লগারিদমের পূর্ণক (-4).

সাধারণভাবে, পূর্ণাংশবিহীন যে-দশমিকের দশমিক বিন্দুর অব্যবহিত পরে n-সংখ্যক শূন্য থাকে, তাহার লগারিদমের পূর্ণক $\{-(n+1)\}$.

অতএব নিয়মটি হইল,

1 অপেক্ষা ক্ষুদ্রতর ধনাত্মক সংখ্যার লগারিদমের পূর্ণক সর্বদা ঋণাত্মক এবং উহা সংখ্যাটির দশমিক বিন্দুর অব্যবহিত পরে যতগুলি শূন্য থাকিবে তাহা অপেক্ষা এক বেশী হইবে।

পূর্ণক ঋণাত্মক হইলে ইহার '–' চিহ্নটিকে মাথায় দিয়া লেখা হয়। উদাহরণস্বরূপ, log 25-এর পূর্ণক 1, log 1·972-এর পূর্ণক 0, log ·221-এর পূর্ণক (–1 অথবা, $\bar{1}$), log ·00117-এর পূর্ণক (–3 অথবা $\bar{3}$), ইত্যাদি।

12·7. অংশক নির্ণয়ের নিয়মঃ

কোন সংখ্যার লগারিদ্‌মের অংশক নির্ণয় করিবার কোন সাধারণ নিয়ম নাই। লগ-তালিকার সাহায্যে অংশক নির্ণয় করিতে হয়।

পুস্তকের শেষে প্রদত্ত প্রথম তালিকাটি দেখ। 5 দশমিক অঙ্ক পর্যন্ত কতিপয় সংখ্যার লগারিদ্‌ম্ দেওয়া আছে। উহার সাহায্যে চারি অঙ্কবিশিষ্ট সংখ্যার লগারিদ্‌মের অংশক নির্ণয় করা যায়।

অংশক নির্ণয় করিবার সময় দশমিক বিন্দুর অবস্থান বিবেচনা করিবার কোন প্রয়োজন নাই; কেবলমাত্র যে-অঙ্কগুলির দ্বারা সংখ্যাটি গঠিত সেগুলি বিবেচ্য বিষয়। প্রদত্ত সংখ্যাটিতে কেবলমাত্র দুইটি অঙ্ক থাকিলে, লগ-তালিকার সর্ববামের স্তম্ভের যে-সারিতে সংখ্যাটি অবস্থিত সেই সারি-বরাবর শূন্য অঙ্কের স্তম্ভে যে-সংখ্যাটি রহিয়াছে তাহার সর্ববামে দশমিক বিন্দু বসাইলে দুই-অঙ্ক-বিশিষ্ট প্রদত্ত সংখ্যাটির লগারিদ্‌মের অংশক পাওয়া যাইবে। প্রদত্ত সংখ্যাটিতে একটি মাত্র অঙ্ক থাকিলে উহার ডানদিকে একটি শূন্য দিয়া দুই অঙ্কবিশিষ্ট যে-সংখ্যাটি পাওয়া যায়, তাহার লগারিদ্‌মের অংশকই প্রদত্ত সংখ্যাটির লগারিদ্‌মের অংশক হইবে।

প্রদত্ত সংখ্যাটিতে যদি তিনটি অঙ্ক থাকে, তাহা হইলে লগ-তালিকার সর্ববামের স্তম্ভের যে-সারিতে সংখ্যাটির প্রথম দুই সার্থক অঙ্ক অবস্থিত, সেই সারি বরাবর যে-সংখ্যাটি প্রদত্ত সংখ্যার তৃতীয় অঙ্কের স্তম্ভে রহিয়াছে তাহার সর্ববামে দশমিক বিন্দু বসাইলে তিন-অঙ্ক-বিশিষ্ট প্রদত্ত সংখ্যাটির লগারিদ্‌মের অংশক পাওয়া যাইবে।

প্রদত্ত সংখ্যাটিতে চারিটি অঙ্ক থাকিলে, উহার লগারিদ্‌মের অংশক নির্ণয় করিবার জন্য লগ-তালিকার সর্বদক্ষিণে প্রদত্ত গড়-অন্তর ব্যবহার করিতে হয়। লগ-তালিকার সর্ববামের স্তম্ভের যে-সারিতে সংখ্যাটির প্রথম দুই সার্থক অঙ্ক অবস্থিত, সেই সারি বরাবর যে-সংখ্যাটি প্রদত্ত সংখ্যার তৃতীয় অঙ্কের স্তম্ভে রহিয়াছে, তাহার সহিত গড় অন্তর তালিকায় ঐ সারি বরাবর যে-সংখ্যাটি প্রদত্ত সংখ্যার চতুর্থ অঙ্কের স্তম্ভে রহিয়াছে তাহা যোগ কর। এই যোগফলের সর্ববামে দশমিক বিন্দু বসাইলে চারি-অঙ্ক-বিশিষ্ট প্রদত্ত সংখ্যাটির লগারিদ্‌মের অংশক পাওয়া যাইবে।

প্রদত্ত সংখ্যাটিতে চারের অধিক অঙ্ক থাকিলে কেবলমাত্র চারিটি অঙ্ক লইয়া উহার লগারিদমের অংশক নির্ণয় করা হয়।

টীকা : (i) যে-সমস্ত সংখ্যার সার্থক অঙ্কগুলি একই এবং একইক্রমে সাজান, তাহাদের দশমিক বিন্দুগুলির অবস্থান পৃথক হইলেও অংশকগুলি একই।

উদাহরণস্বরূপ, $\log 2{\cdot}34 = 0{\cdot}36922$,

$$\log 23{\cdot}4 = \log (2{\cdot}34 \times 10) = \log 2{\cdot}34 + \log 10 = {\cdot}36922 + 1 = 1{\cdot}36922,$$

$$\log 2340 = \log (2{\cdot}34 \times 1000) = \log 2{\cdot}34 + \log 10^3 = {\cdot}36922 + 3 = 3{\cdot}36922\,;$$

অর্থাৎ কোন সংখ্যার অংশক যত, সংখ্যাটিকে 10-এর কোন পূর্ণ ঘাত দ্বারা গুণ বা ভাগ করিলেও প্রাপ্ত সংখ্যাটির অংশক একই হইবে।

(ii) প্রদত্ত সংখ্যাটিতে পাঁচটি অঙ্ক থাকিলে লগ-তালিকা হইতে প্রথম চারিটি অঙ্ক লইয়া তাহার এবং তাহার পরের সংখ্যাটির লগারিদমের অংশক নির্ণয় করা হয়। তারপর ঐকিক নিয়মের সাহায্যে অনেক সময় প্রদত্ত প্রথম অঙ্কটির জন্য অংশক নির্ণয় করা হয়। ইহা একটি উদাহরণের মাধ্যমে আলোচিত হইল।

$\log 2345{\cdot}6$ নির্ণয় করিতে হইলে, লগ-তালিকা হইতে আমরা লিখি

$\log 2345 = 3{\cdot}37015$ এবং $\log 2346 = 3{\cdot}37033$.

ইহা হইতে বলা যায় যে, সংখ্যাটির 1 বৃদ্ধিতে লগারিদমে ${\cdot}00018$ বৃদ্ধি হয়

$\therefore \quad \ldots \qquad {\cdot}6 \cdots {\cdot}00018 \times {\cdot}6 = {\cdot}00011$ (প্রায়) বৃদ্ধি হয়।

$\therefore \quad \log 2345{\cdot}6 = 3{\cdot}37015 + {\cdot}00011 = 3{\cdot}37026.$

12·8. অ্যান্টি-লগারিদম্ঃ

কোন সংখ্যা N-এর লগারিদম্ যদি m হয়, তাহা হইলে N-কে m-এর **অ্যান্টি-লগারিদম্** (anti-logarithm) বলে।

উদাহরণস্বরূপ, $\log 2 = {\cdot}30103$ বলিয়া, ${\cdot}30103$-এর অ্যান্টি-লগারিদম্ হইল 2.

কোন সংখ্যার অ্যান্টি-লগারিদম্ নির্ণয় করিতে হইলে, অ্যান্টি-লগারিদমের তালিকা (পুস্তকের শেষে প্রদত্ত দ্বিতীয় তালিকাটি) হইতে লগারিদম্ তালিকানুযায়ী সংখ্যাটির দশমিক অংশের অ্যান্টি-লগারিদম্ দেখিয়া সংখ্যাটির পূর্ণাংশের অঙ্ক অনুযায়ী দশমিক বিন্দু বসাইতে হয়।

12·9. স্বাভাবিক কোণানুপাতের তালিকাঃ

পুস্তকের শেষে প্রদত্ত তৃতীয় তালিকাটি দেখ। ইহাকে **সাইন ও কোসাইনের স্বাভাবিক তালিকা** বলে। ইহাতে 1′ ব্যবধানে 0° হইতে 90° পর্যন্ত কোণগুলির সাইন ও কোসাইনের মান দেওয়া আছে। উপরের বামদিক হইতে আরম্ভ করিয়া উপর হইতে নীচে এবং বামদিক হইতে ডানদিকে সাইনের মান লেখা আছে। নীচের ডানদিক হইতে আরম্ভ করিয়া উপরের দিকে এবং ডানদিক হইতে বাম দিকে কোসাইনের মান লেখা আছে। যে-কোন কোণের সাইনের মান, উহার পূরক কোণের কোসাইনের মানের সমান বলিয়া তালিকাটি এরূপভাবে গঠন করা হইয়াছে যে, একই তালিকা হইতে সাইন ও কোসাইনের উভয় মানই পাওয়া যাইবে। মূল তালিকাটিতে সাইন বা কোসাইনের মান 10′ ব্যবধানে দেওয়া আছে এবং পাশের গড়-অন্তর তালিকাতে প্রতি 1′ ব্যবধানে সাইন বা কোসাইনের ব্যবধানের শুধুমাত্র সার্থক অঙ্কগুলি দেওয়া আছে। কোণ 0° হইতে 90° পর্যন্ত ক্রমান্বয়ে বৃদ্ধি পাইলে, সাইনের মান 0 হইতে 1 পর্যন্ত ক্রমান্বয়ে বৃদ্ধি পাইবে এবং কোসাইনের মান 1 হইতে 0 পর্যন্ত ক্রমান্বয়ে হ্রাস পাইবে। সেইজন্য কোণ বর্ধিত হইলে সাইনের ক্ষেত্রে গড়-অন্তর যোগ, কিন্তু কোসাইনের ক্ষেত্রে গড়-অন্তর বিয়োগ করিতে হইবে। উদাহরণস্বরূপ, তালিকা হইতে,

$\sin 34°56' = \cdot57119 + \cdot00144 = \cdot57263$

এবং $\cos 34°56' = \cdot82082 - \cdot00099 = \cdot81983$.

পুস্তকের শেষে প্রদত্ত চতুর্থ তালিকাটি দেখ। ইহাকে **ট্যানজেণ্ট ও কোট্যানজেণ্টের স্বাভাবিক তালিকা** বলে। ইহাতে 1′ ব্যবধানে 0° হইতে 90° পর্যন্ত কোণগুলির ট্যানজেণ্ট ও কোট্যানজেণ্টের মান দেওয়া আছে। তৃতীয় তালিকাটির ন্যায় কোণ বর্ধিত হইলে ট্যানজেণ্টের ক্ষেত্রে গড়-অন্তর যোগ এবং কোট্যানজেণ্টের ক্ষেত্রে গড়-অন্তর বিয়োগ করিয়া এই তালিকাটি হইতে যে-কোন কোণের ট্যানজেণ্টের এবং কোট্যানজেণ্টের মান নির্ণয় করা সম্ভব।

12·10. লগারিদ্‌মিক কোণানুপাতের তালিকাঃ

পুস্তকের শেষে প্রদত্ত পঞ্চম তালিকাটি দেখ। ইহাকে **সাইন ও কোসাইনের** লগারিদ্‌মিক্ তালিকা বলে। 0° হইতে 90° পর্যন্ত কোণের সাইন ও কোসাইন, 0° হইতে 45° পর্যন্ত কোণের ট্যানজেণ্ট এবং 45° হইতে 90° পর্যন্ত কোণের কোট্যানজেণ্টের মান ধনাত্মক এবং এক অপেক্ষা ক্ষুদ্রতর। সুতরাং উহাদের লগারিদ্‌ম্ ঋণাত্মক হইবে। তালিকাটিকে ঋণরাশিমুক্ত করিবার জন্য কোণানুপাতের

লগারিদম্ তালিকাভুক্ত করিবার পূর্বে উহার সহিত 10 যোগ করা হইয়াছে। ইহাকে লগারিদ্‌মিক কোণানুপাত বলা হয় এবং উহাদিগকে $L \sin \theta$, $L \cos \theta$ ইত্যাদি লেখা হয়।

সুতরাং $L \sin \theta = 10 + \log \sin \theta$, $L \cos \theta = 10 + \log \cos \theta$, ইত্যাদি।

অতএব তালিকাটি হইতে, 1′ ব্যবধানে 0° হইতে 90° পর্যন্ত লগারিদ্‌মিক সাইন ও কোসাইনের মান পাওয়া যায় অর্থাৎ $L \sin \theta$ এবং $L \cos \theta$-এর মান পাওয়া যায়, উহারা $\log \sin \theta$ এবং $\log \cos \theta$-এর মান নহে।

$$L \operatorname{cosec} \theta = 10 + \log \operatorname{cosec} \theta = 10 + \log \frac{1}{\sin \theta}$$
$$= 10 + \log (\sin \theta)^{-1}$$
$$= 10 - (L \sin \theta - 10) = 20 - L \sin \theta.$$

অনুরূপভাবে, $L \sec \theta = 20 - L \cos \theta$.

পুস্তকের শেষে প্রদত্ত ষষ্ঠ তালিকাটি **লগারিদ্‌মিক্ ট্যানজেণ্ট ও কোট্যানজেণ্টের তালিকা**। ইহা হইতে 1′ ব্যবধানে 0° হইতে 90° পর্যন্ত লগারিদ্‌মিক ট্যানজেণ্ট ($L \tan \theta$) এবং লগারিদ্‌মিক কোট্যানজেণ্ট ($L \cot \theta$)-এর মান পাওয়া যায়।

12·11. সমানুপাতী অংশের তথ্য ঃ

কোন সংখ্যার লগারিদমের মানের পরিবর্তন ঐ সংখ্যার স্বল্পপরিবর্তনের সমানুপাতী হইবে। কোন কোণানুপাতের মানের পরিবর্তন কোণের স্বল্পপরিবর্তনের সমানুপাতী হইবে।

Calculus-এর সাহায্যে ইহা প্রমাণ করা যায়। এ তথ্যকে এখানে সত্য বলিয়া ধরিয়া লওয়া হইবে।

12·12. উদাহরণাবলী ঃ

উদাহরণ 1. $\log 2 = 0{\cdot}3010300$, $\log 3 = 0{\cdot}4771213$ এবং $\log 7 = 0{\cdot}8450980$ হইলে, (i) $\log 84$, (ii) $\log 105$ এবং (iii) $\log {\cdot}294$-এর মান নির্ণয় কর।

(i) $\log 84 = \log (2^2 \times 3 \times 7) = 2 \log 2 + \log 3 + \log 7$
$$= 2 \times {\cdot}3010300 + {\cdot}4771213 + {\cdot}8450980$$
$$= {\cdot}6020600 + {\cdot}4771213 + {\cdot}8450980 = 1{\cdot}9242793.$$

(ii $\log 105=\log (3\times 7\times \frac{10}{2})=\log 3+\log 7+\log 10-\log 2$

$=\cdot4771213+\cdot8450980+1-\cdot3010300$

$=2\cdot3222193-\cdot3010300=2\cdot0211893.$

(iii) $\log \cdot294=\log \frac{294}{1000}=\log 294-\log 10^3$

$=\log (2\times 3\times 7^2)-3\log 10$

$=\log 2+\log 3+2\log 7-3$

$=\cdot3010300+\cdot6771213+2\times\cdot8450980-3$

$=-3+\cdot7781513+1\cdot6901960=-3+2\cdot4683473$

$=-1+\cdot4683473=\bar{1}\cdot4683473.$

উদাহরণ 2. (i) $\log 2=\cdot30103$ হইলে, 2^{64}-এর তুল্যমান সংখ্যাটির অঙ্কসংখ্যা নির্ণয় কর। [W. B. B. H. S.]

(ii) 3^{-20}-এর তুল্যমান দশমিকটির প্রথম সার্থক অঙ্কটির অবস্থান নির্ণয় কর।

(i) $\log 2^{64}=64\log 2=64\times\cdot30103=19\cdot26592.$

সুতরাং 2^{64}-এর তুল্যমান সংখ্যাটির লগের পূর্ণক 19.

$\therefore$ 2^{64}-এর তুল্যমান সংখ্যাটির অঙ্কসংখ্যা $=19+1=20.$

(ii) $\log 3^{-20}=-20\log 3=-20\times\cdot47712$

$=-9\cdot5424=-9-\cdot5424$

$=-9-1+(1-\cdot5424)=-10+\cdot4576=\overline{10}\cdot4576.$

সুতরাং 3^{-20}-এর তুল্যমান দশমিকটির লগের পূর্ণক -10.

$\therefore$ 3^{-20}-এর তুল্যমান দশমিকটিতে দশমিক বিন্দুর পর (10 – 1 টি বা 9টি শূন্য আছে।

$\therefore$ প্রথম সার্থক অঙ্কটি দশম অঙ্ক।

উদাহরণ 3. $\log 2=\cdot30103$, $\log 3=\cdot47712$ এবং $\log 7=\cdot84509$ হইলে, দেখাও যে, $(\frac{21}{20})^{100}$, 100 অপেক্ষা বৃহত্তর।

$\log (\frac{21}{20})^{100}=100\log (\frac{3\times 7}{2\times 10})$

$=100\,[\log 3+\log 7-\log 2-\log 10]$

$=100\,[\cdot47712+\cdot84509-\cdot30103-1]$

$=100\,[1\cdot32221-1\cdot30103]=100\times\cdot02118=2\cdot118.$

সুতরাং $(\frac{21}{20})^{100}$-এর তুল্যমান সংখ্যাটির লগের পূর্ণক 2 এবং অংশক $\cdot118$ (শূন্য অপেক্ষা বৃহত্তর)।

$\therefore$ $(\frac{21}{20})^{100}$-এর তুল্যমান সংখ্যাটির অঙ্কসংখ্যা $=2+1=3$ এবং $(\frac{21}{20})^{100}$-এর তুল্যমান সংখ্যাটি তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যা 100 অপেক্ষা বৃহত্তর।

উদাহরণ 4. $\log 3868 = 3{\cdot}58749$ এবং $\log 3869 = 3{\cdot}58761$ হইলে, $\log 38{\cdot}686$-এর মান কত? কোন্ সংখ্যার লগারিদম্ $2{\cdot}58755$?

এখানে, $\log 3868 = 3{\cdot}58749$ এবং $\log 3869 = 3{\cdot}58761$.

সুতরাং সংখ্যাটিতে 1 বৃদ্ধি পাইলে লগারিদমে ${\cdot}00012$ বৃদ্ধি পায়

$\therefore$ ... ${\cdot}6$ ... ... ${\cdot}6 \times {\cdot}00012$ বা ${\cdot}00007$ (প্রায়) বৃদ্ধি পায়।

$\therefore$ $\log 38{\cdot}686$-এর অংশক $= {\cdot}58749 + {\cdot}00007 = {\cdot}58756$

এবং ইহার পূর্ণক $= 2 - 1 = 1$.

$\therefore$ $\log 38{\cdot}686 = 1{\cdot}58756$.

পুনরায়, $3{\cdot}58755$ রাশিটি $3{\cdot}58749$ ও $3{\cdot}58761$-এর মধ্যে অবস্থিত।

সুতরাং যে-সংখ্যার লগারিদম্ $3{\cdot}58755$, সেই সংখ্যাটি 3868 ও 3869-এর মধ্যে অবস্থিত। $3{\cdot}58755 - 3{\cdot}58749 = {\cdot}00006$.

এক্ষণে, লগারিদমে ${\cdot}00012$ বৃদ্ধিতে সংখ্যাটিতে 1 বৃদ্ধি পায়

$\therefore$ ... ${\cdot}00006$ ... ... $\frac{1}{{\cdot}00012} \times {\cdot}00006$ বা ${\cdot}5$ বৃদ্ধি পায়।

$\therefore$ $3{\cdot}58755 = \log 3868{\cdot}5$. $\therefore$ $2{\cdot}58755 = \log 386{\cdot}85$.

যেহেতু অংশকদ্বয় সমান, সুতরাং সংখ্যাদ্বয়ের অঙ্কদ্বয় একই এবং একইক্রমে সাজান এবং পূর্ণক 2 বলিয়া সংখ্যাটির তিনটি অঙ্কের পর দশমিক বসিবে।

$\therefore$ নির্ণেয় সংখ্যা $= 386{\cdot}85$.

উদাহরণ 5. লগ-তালিকার সাহায্যে 10-এর নবম মূল নির্ণয় কর।

মনে কর, $x = (10)^{\frac{1}{9}}$.

$\therefore$ $\log x = \log (10)^{\frac{1}{9}} = \frac{1}{9} \log 10 = {\cdot}11111$.

$\therefore$ $x = \text{Anti-log } {\cdot}11111 = 1{\cdot}2915$, (এ্যাণ্টি-লগের তালিকা হইতে)।

সুতরাং $\sqrt[9]{10} = 1{\cdot}2915$.

উদাহরণ 6. লগ-তালিকার সাহায্যে $\frac{\sqrt[3]{48{\cdot}7} \times ({\cdot}00321)^{\frac{1}{2}}}{0{\cdot}372}$-এর মান নির্ণয় কর। [C. P. U.]

মনে কর, $x = \frac{(48{\cdot}7)^{\frac{1}{3}} \times ({\cdot}00321)^{\frac{1}{2}}}{{\cdot}372}$.

$\therefore \quad \log x = \log \dfrac{(48{\cdot}7)^{\frac{1}{3}} \times ({\cdot}00321)^{\frac{1}{2}}}{{\cdot}372}$

$= \frac{1}{3}\log 48{\cdot}7 + \frac{1}{2}\log {\cdot}00321 - \log {\cdot}372$

$= \frac{1}{2} \times 1{\cdot}68753 + \frac{1}{2} \times \bar{3}{\cdot}50650 - \bar{1}{\cdot}57054$

$= {\cdot}56251 + \frac{1}{2}(-3 + {\cdot}50650) - (-1 + {\cdot}57054)$

$= {\cdot}56251 - 1{\cdot}5 + 25325 + 1 - {\cdot}57054$

$= 1{\cdot}81576 - 2{\cdot}07054 = -1 + 2{\cdot}81576 - 2{\cdot}07054$

$= \bar{1}{\cdot}74522.$

$\therefore \quad x = \text{Anti-log } \bar{1}{\cdot}74522 = {\cdot}55619.$

উদাহরণ 7. $3^x.7^{2x+1} = 11^{x+5}$ সমীকরণটিকে সমাধান করিয়া দুই দশমিক স্থান পর্যন্ত x-এর মান নির্ণয় কর।

প্রদত্ত সমীকরণের উভয়পক্ষের লগারিদম্ লইলে,

$$x \log 3 + (2x+1)\log 7 = (x+5)\log 11$$

অথবা, $x(\log 3 + 2\log 7 - \log 11) = 5\log 11 - \log 7$

অথবা, $x = \dfrac{5\log 11 - \log 7}{\log 3 + 2\log 7 - \log 11}$

$$= \frac{5 \times 1{\cdot}04139 - 0{\cdot}84510}{{\cdot}47712 + 2 \times {\cdot}84510 - 1{\cdot}04139} = \frac{4{\cdot}36185}{1{\cdot}12593} = 3{\cdot}87.$$

উদাহরণ 8. (i) প্রদত্ত $\cos 69^\circ 36' = {\cdot}34857$ এবং $1'$-এর জন্য অন্তর 27; $\cos 69^\circ 36' 50''$-এর মান নির্ণয় কর।

(ii) প্রদত্ত $L \sin 65^\circ 48' = 9{\cdot}06006$ এবং
$L \sin 65^\circ 49' = 9{\cdot}96012$; $L \sin 65^\circ 48' 2_''$-এর মান নির্ণয় কর।

(iii) প্রদত্ত $L \tan 79^\circ 51' 40'' = 10{\cdot}7475657$ এবং
$L \tan 79^\circ 51' 50'' = 10{\cdot}7476172$;
এরূপ কোণ নির্ণয় কর, যাহার $L \tan = 10{\cdot}7476532$.

(i) $1'$ বা $60''$-এর জন্য অন্তর 27 (অর্থাৎ ${\cdot}00027$)

$\therefore \quad 1''$ „ „ „ $\dfrac{1}{60} \times {\cdot}00027$

$\therefore \quad 50''$ „ „ „ $\dfrac{50}{60} \times {\cdot}00027 = {\cdot}00023$ (প্রায়)।

$\therefore \quad \cos 62^\circ 36' 50'' = {\cdot}34857 - {\cdot}00023 = {\cdot}34834.$

(ii) কোণের বৃদ্ধি 1′ বা 60″ হইলে L sin-এর মানের বৃদ্ধি হয়

$9{\cdot}96012 - 9{\cdot}96006 = {\cdot}00006$

∴ „ „ 25″ „ „ „ $\dfrac{{\cdot}00006 \times 25}{60}$

$= {\cdot}00003$ (প্রায়)।

∴ $L \sin 65°48'25'' = 9{\cdot}96006 + {\cdot}00003 = 9{\cdot}96009.$

(iii) মনে কর, নির্ণেয় কোণ $= \theta$.

যেহেতু $10{\cdot}7475657 < 10{\cdot}7476532 < 10{\cdot}7476872$,

সুতরাং θ, $79°51'40''$ এবং $79°51'50''$-এর মধ্যবর্তী।

∴ মনে কর, $\theta = 79°51'40'' + x''$.

এখন, L tan-এর মানের অন্তর

$10{\cdot}7476872 - 10{\cdot}7475657 = {\cdot}0001215$ হইলে, কোণের অন্তর হয় $10''$.

∴ L tan-এর মানের অন্তর $10{\cdot}7476532 - 10{\cdot}7475657$ বা ${\cdot}0000875$ হইলে, কোণের অন্তর হয় $\dfrac{{\cdot}0000875}{{\cdot}0001215} \times 10'' = 7{\cdot}2''$ (প্রায়)।

∴ $x = 7{\cdot}2$.

∴ নির্ণেয় কোণ $= 79°51'40'' + 7{\cdot}2'' = 79°51'47{\cdot}2''$.

প্রশ্নমালা XII

1. $\log 2 = 0{\cdot}3010300$, $\log 3 = 0{\cdot}4771213$ এবং $\log 7 = 0{\cdot}8450980$ হইলে, মান নির্ণয় কর :

(i) $\log 12$. (ii) $\log 45$. (iii) $\log 75$. (iv) $\log 5\frac{1}{16}$.

(v) $\log {\cdot}1875$. (vi) $\log {\cdot}015$. (vii) $\log {\cdot}0054$. (viii) $\log ({\cdot}405)^{\frac{1}{5}}$.

(ix) $\log \left\{\dfrac{(7{\cdot}2)^3 \times ({\cdot}016)^4}{(1\frac{1}{5})^{15}}\right\}$. (x) $\log \left\{\dfrac{(10{\cdot}8)^{\frac{1}{2}} \times ({\cdot}24)^{\frac{5}{3}}}{(90)^{-2}}\right\}$.

2. তিন দশমিক স্থান পর্যন্ত মান নির্ণয় কর :

(i) $\log_3 54$. (ii) $\log_{\sqrt{8}} 81$.

3. নিম্নের রাশিগুলির লগারিদ্‌মের পূর্ণক নির্ণয় কর :

(i) 2·9. (ii) 117·68. (iii) 0·4352. (iv) 0·07. (v) ·00101.

4. নিম্নের রাশিগুলির লগারিদ্‌ম্ নির্ণয় কর :

(i) 5. (ii) 19. (iii) 149. (iv) 3867·2.

(v) ·234. (vi) ·0102. (vii) ·00819. (viii) 0·0000023.

5. নিম্নের রাশিগুলির এ্যান্টি-লগারিদ্‌ম্ (anti-log) নির্ণয় কর :

(i) ·0106. (ii) ·1968. (iii) 2·3456. (iv) 4·8463.

(v) $\bar{1}$·365. (vi) $\bar{2}$·468. (vii) $-$·3869. (viii) -2·7080.

6. $\log 2 = \cdot3010$ এবং $\log 3 = \cdot4771$ হইলে, (i) 3^{12}-এর এবং (ii) $(12)^{12}$-এর তুল্যমান সংখ্যার অঙ্ক-সংখ্যা নির্ণয় কর। [W.B.B.H.S.]

7. 2^{-10}-এর তুল্যমান রাশিটির দশমিক বিন্দুর এবং প্রথম সার্থক অঙ্কটির মাঝে কতগুলি শূন্য আছে ?

8. 3^{-16}-এর তুল্যমান দশমিকটির প্রথম সার্থক অঙ্কটির অবস্থান নির্ণয় কর।

9. $\log 2 = \cdot30103$, $\log 3 = \cdot47712$ এবং $\log 7 = \cdot84509$ হইলে, দেখাও যে, $(\frac{28}{27})^{100}$, 100 অপেক্ষা বৃহত্তর।

10. $\log 63374 = 4\cdot8019111$ এবং $\log 63375 = 4\cdot8019180$ হইলে, $\log 533\cdot743$-এর মান কত ?

কোন্ সংখ্যার লগারিদ্‌ম্ 1·8019136 ?

11. $\log 37\cdot203 = 1\cdot5705780$ এবং $\log 1915631 = 6\cdot2823120$ হইলে, 372·03, 37·203, 3·7203 এবং ·0037203-এর গুণফল নির্ণয় কর।

12. $\log_{10} 165 = 2\cdot2175$ এবং $\log_{10} 6974 = 3\cdot8435$ হইলে, $\sqrt[5]{\cdot00000165}$-এর মান নির্ণয় কর। [W.B.B.H.S.]

13. $\log_{10}2 = \cdot3010$ এবং $\log_{10}e = \cdot4343$ হইলে, $y = ke^{-0\cdot038t}$ সূত্র হইতে, দুই দশমিক স্থান পর্যন্ত 't'-এর মান নির্ণয় কর, যখন $y = \frac{1}{2}k$.

14. 789·45-এর অষ্টম মূল নির্ণয় কর।

15. 1129-এর অষ্টাদশমূল নির্ণয় কর।

16. লগ-তালিকার সাহায্যে আসন্ন দুই দশমিক স্থান পর্যন্ত মান নির্ণয় কর

$$2\cdot41 \times (1\cdot78)^{\frac{1}{2}} \div (0\cdot24)^{\frac{1}{2}}.$$ [C.P.U.]

17. $\log 2 = \cdot 3010300$, $\log 3 = \cdot 4771213$ এবং

$\log 25\cdot 9569 = 5\cdot 4142524$ (আসন্ন সাত দশমিক স্থান পর্যন্ত)

হইলে, $\left\{\dfrac{(\cdot 32)^3 \times (625)^4}{(\cdot 00432)^2 \times (\cdot 3124)^3 \times 25}\right\}^{\frac{1}{5}}$-এর মান নির্ণয় কর।

18. মান নির্ণয় কর :

(i) $\dfrac{1}{\sqrt[7]{36\cdot 21}}$. (ii) $\dfrac{5\cdot 631 \times 42\cdot 13 \times \cdot 2783}{2\cdot 451 \times \cdot 8392 \times 12\cdot 61}$.

(iii) $\sqrt[3]{\left\{\dfrac{294 \times 125}{42 \times 32}\right\}^2}$. (iv) $\sqrt[7]{\left\{\dfrac{294 \times 425}{142 \times 324}\right\}^2}$.

19. লগ-তালিকার সাহায্যে, দেখাও যে,

$750\{1 - (1\cdot 065)^{-12}\} = 397\cdot 55$ (প্রায়)।

20. $\log 101 = 2\cdot 0043214$ এবং $\log 111\cdot 5675 = 2\cdot 0475354$ হইলে, $\dfrac{101}{100} + \left(\dfrac{101}{100}\right)^2 + \left(\dfrac{101}{100}\right)^3 + \cdots\cdots$ দশম পদ পর্যন্ত শ্রেণীটির মান নির্ণয় কর।

21. $\log 2 = \cdot 30103$, $\log 3 = \cdot 47712$, $\log 5 = \cdot 64897$ এবং $\log 7 = \cdot 84510$ ধরিয়া সমাধান কর :

(i) $2^x . 3^{2x} = 100$. (ii) $5^{5-3x} = 2^{x+2}$ [W.B.B.H.S.]

(iii) $6^{3-4x} . 4^{x+5} = 8$. (iv) $7^{3x+2} + 4^{x+2} = 7^{3x+1} + 2^{2x+6}$.

22. log 2, log 3, ইত্যাদির মান ব্যবহার করিয়া সমাধান কর :

(i) $2^x = 3^y$, $2^{y+1} = 3^{x-1}$. (ii) $2^x 7^y = 80000$, $3^y = 500$.

23. তালিকা হইতে মান নির্ণয় কর :

(i) sin 37°37′. (ii) cos 48°29′. (iii) tan 21°45′.

(iv) cot 53°56′. (v) sec 45°18.′ (vi) cosec 67°29′.

(vii) log sin 38°23′. (viii) L cos 41°34′.

(ix) L tan 35°24′. (X) L cot 51°47′.

(xi) L sec 73°29′. (xii) L cosec 41°35′.

24. (i) প্রদত্ত sin 54°32′ = ·81446 এবং sin 54°33′ = ·81462 ; sin 54°32′48″-এর মান নির্ণয় কর।

(ii) প্রদত্ত $\cos 53^\circ 17' = \cdot 5257191$ এবং $1'$-এর জন্য অন্তর $= 2474$; $\cos 58^\circ 17' 20''$-এর মান নির্ণয় কর।

(iii) প্রদত্ত $L \sin 37^\circ 43' 50'' = 9 \cdot 7867152$ এবং

$$L \sin 37^\circ 44' = 9 \cdot 7867424 ;$$

$L \sin 37^\circ 43' 56''$-এর মান নির্ণয় কর।

(iv) $\cos 65^\circ 28' = \cdot 41522$ এবং $\cos 65^\circ 29' = \cdot 41496$ হইলে, এরূপ একটি কোণ নির্ণয় কর, যাহার cosine $= \cdot 41506$.

(v) দেওয়া আছে, $L \tan 56^\circ 25' 30'' = 10 \cdot 17799$ এবং $L \tan 57^\circ 25' 40'' = 10 \cdot 17804$; এরূপ কোণ নির্ণয় কর, যাহার $L \tan = 10 \cdot 17801$.

25. (i) $\sin \theta = 6$ হইলে, θ-এর মান নির্ণয় কর। (দেওয়া আছে, $\log 6 = \cdot 77815$, $L \sin 36^\circ 53' = 9 \cdot 77802$ এবং $1'$-এর জন্য অন্তর 17.)

(ii) $\dfrac{\sin 34^\circ 17' \times \cos 77^\circ 23'}{\tan 27^\circ 12'}$-এর মান নির্ণয় কর।

ত্রয়োদশ অধ্যায়

ত্রিভুজের ধর্ম

(Properties of Triangles)

13·1. প্রত্যেক ত্রিভুজের তিনটি বাহু এবং তিনটি কোন এই ছয়টি অংশ আছে। এই অংশ ছয়টি পরস্পর নিরপেক্ষ নহে। ABC ত্রিভুজের BAC, CBA এবং ACB কোণত্রয়কে যথাক্রমে A, B ও C এবং উহাদের বিপরীত বাহুগুলিকে অর্থাৎ BC, CA ও AB বাহুত্রয়কে যথাক্রমে a, b ও c দ্বারা সূচিত করা হয়। ত্রিভুজের ক্ষেত্রফলকে $\triangle$, অর্ধ-পরিসীমাকে s, পরিবৃত্তের ব্যাসার্ধকে R এবং অন্তর্বৃত্তের ব্যাসার্ধকে r দ্বারা সূচিত করা হয়।

ABC ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণ ; অর্থাৎ $A+B+C=\pi$.

13·2. সাইন-সূত্র (**Sine Rule**) ঃ

ত্রিভুজের বাহুগুলি উহাদের বিপরীত কোণের সাইনের সমানুপাতী

অর্থাৎ $\dfrac{a}{\sin A}=\dfrac{b}{\sin B}=\dfrac{c}{\sin C}$.

মনে কর, ABC একটি ত্রিভুজ ; প্রথম চিত্রে C একটি সূক্ষ্মকোণ, দ্বিতীয় চিত্রে C

(i) (ii) (iii)

একটি স্থূলকোণ এবং তৃতীয় চিত্রে C একটি সমকোণ। A হইতে BC-এর উপর [চিত্র (i)-এ], অথবা BC-এর বর্ধিতাংশের উপর [চিত্র (ii)-এ] AD লম্ব টান।

এখন যে-কোন চিত্রের ABD ত্রিভুজ হইতে,

$$AD=AB\,.\,\frac{AD}{AB}=AB.\ \sin\ \angle ABD=c\ \sin B\ ;$$

চিত্র (i)-এর ACD ত্রিভুজ হইতে,

$$AD = AC \cdot \frac{AD}{AC} = AC.\ \sin\ \angle ACD = b\ \sin\ C\ ;$$

এবং চিত্র (ii)-এর ACD ত্রিভুজ হইতে,

$$AD = AC\ .\ \frac{AD}{AC} = AC.\ \sin\ \angle ACD = b\ \sin\ (\pi - C) = b\ \sin\ C.$$

$$\therefore\quad b\ \sin\ C = c\ \sin\ B,\ \text{অর্থাৎ}\ \frac{b}{\sin\ B} = \frac{c}{\sin\ C}.$$

অনুরূপভাবে, B হইতে CA-এর উপর লম্ব টানিয়া প্রমাণ করা যায় যে,

$$\frac{a}{\sin\ A} = \frac{c}{\sin\ C}.$$

$$\therefore\quad \frac{a}{\sin\ A} = \frac{b}{\sin\ B} = \frac{c}{\sin\ C}.$$

চিত্র (iii)-এ, C-কোণ সমকোণ বলিয়া,

$$\sin\ A = \frac{BC}{AB} = \frac{a}{c},\ \ \sin\ B = \frac{AC}{AB} = \frac{b}{c}\ \text{এবং}\ \sin\ C = \sin\ 90^\circ = 1.$$

$$\therefore\quad \frac{a}{\sin\ A} = c,\ \frac{b}{\sin\ B} = c\ \text{এবং}\ c = \frac{c}{1} = \frac{c}{\sin\ C}.$$

সুতরাং $\dfrac{a}{\sin\ A} = \dfrac{b}{\sin\ B} = \dfrac{c}{\sin\ C}$

অর্থাৎ ত্রিভুজের বাহুগুলি উহাদের বিপরীত কোণের সাইনের সমানুপাতী।

বিকল্প পদ্ধতি :

মনে কর, ABC ত্রিভুজের পরিবৃত্তের কেন্দ্র O এবং ব্যাসার্ধ R.

চিত্র (I)-এ, A কোণ সূক্ষ্মকোণ ; চিত্র (II)-এ A-কোণ স্থূলকোণ এবং চিত্র (III)-এ A-কোণ সমকোণ।

(I) (II) (III)

BO-কে যুক্ত করিয়া বর্ধিত কর, উহা যেন পরিবৃত্তকে D বিন্দুতে ছেদ করে। CD যুক্ত কর।

চিত্র (I) এবং (II)-এ, $BO = R$, $BD = 2R$ এবং $\angle BCD = 90^\circ$;

BCD ত্রিভুজ হইতে, $\sin \angle BDC = \dfrac{BC}{BD} = \dfrac{a}{2R}$. … … (1)

চিত্র (I)-এ, $\angle BDC = \angle BAC = A$ (একই বৃত্তাংশস্থ কোণ বলিয়া);

চিত্র (II)-এ, $\angle BDC = 180^\circ - \angle BAC = 180^\circ - A$ (কারণ ABDC বৃত্তস্থ চতুর্ভুজ)।

$\therefore$ উভয়ক্ষেত্রে, $\sin BDC = \sin A$.

সুতরাং (1) হইতে, $\sin A = \dfrac{a}{2R}$, অর্থাৎ $\dfrac{a}{\sin A} = 2R$.

চিত্র (III)-এ, A-কোণ সমকোণ বলিয়া, O বিন্দু BC-এর উপর অবস্থিত এবং $BC = 2R$, অর্থাৎ $a = 2R$.

$\therefore$ $\sin A = \sin 90^\circ = 1 = \dfrac{a}{2R}$; অর্থাৎ $\dfrac{a}{\sin A} = 2R$.

সুতরাং সকল ক্ষেত্রেই, $\dfrac{a}{\sin A} = 2R$.

অনুরূপভাবে, AO এবং CO বর্ধিত করিয়া প্রমাণ করা যায় যে,

$$\frac{b}{\sin B} = 2R \text{ এবং } \frac{c}{\sin C} = 2R.$$

$$\therefore \frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C} = 2R.$$

টীকা : $a = 2R \sin A$, $b = 2R \sin B$, $c = 2R \sin C$;

$$\sin A = \frac{a}{2R}, \quad \sin B = \frac{b}{2R}, \quad \sin C = \frac{c}{2R}.$$

13·3. কোসাইন-সূত্র (Cosine Rule) :

ত্রিভুজের কোণগুলির কোসাইনকে বাহুগুলির মাধ্যমে প্রকাশ :

$\mathbf{a^2 = b^2 + c^2 - 2bc \cos A}$, অর্থাৎ $\mathbf{\cos A = \dfrac{b^2 + c^2 - a^2}{2bc}}$.

$\mathbf{b^2 = c^2 + a^2 - 2ca \cos B}$, অর্থাৎ $\mathbf{\cos B = \dfrac{c^2 + a^2 - b^2}{2ca}}$.

$\mathbf{c^2 = a^2 + b^2 - 2ab \cos C}$, অর্থাৎ $\mathbf{\cos C = \dfrac{a^2 + b^2 - c^2}{2ab}}$.

অনুচ্ছেদ 13·2-এর চিত্র (i) (ii) ও (iii) দ্রষ্টব্য।

C-কোণ সূক্ষ্মকোণ হইলে [চিত্র (i)], জ্যামিতির নিয়মানুসারে,

$$AB^2 = BC^2 + CA^2 - 2BC.\ CD.$$

$$\therefore\quad c^2 = a^2 + b^2 - 2a.\ AC.\ \frac{CD}{AC}$$ [ত্রিভুজ ACD হইতে]

$$= a^2 + b^2 - 2ab \cos C.$$

পুনরায়, C-কোণ স্থূলকোণ হইলে [চিত্র (ii)], জ্যামিতির নিয়মানুসারে,

$$AB^2 = BC^2 + CA^2 + 2BC.\ CD.$$

$$\therefore\quad c^2 = a^2 + b^2 + 2a.AC.\ \frac{CD}{AC}$$ [ত্রিভুজ ACD হইতে]

$$= a^2 + b^2 + 2ab \cos \angle ACD = a^2 + b^2 + 2ab \cos(\pi - C)$$

$$= a^2 + b^2 - 2ab \cos C.$$

আবার, C-কোণ সমকোণ হইলে [চিত্র (iii)], পীথাগোরাসের উপপাদ্য হইতে,

$$AB^2 = BC^2 + CA^2.$$

$$\therefore\quad c^2 = a^2 + b^2 = a^2 + b^2 - 2ab.\ 0$$

$$= a^2 + b^2 - 2ab \cos 90^\circ = a^2 + b^2 - 2ab \cos C.$$

সুতরাং, C-কোণের মান যাহাই হউক না কেন,

$c^2 = a^2 + b^2 - 2ab \cos C$, অর্থাৎ $\cos C = \dfrac{a^2 + b^2 - c^2}{2ab}$.

অনুরূপভাবে, অপর দুইটি সূত্রও প্রমাণ করা যায়।

টীকা : $$\tan A = \frac{\sin A}{\cos A} = \frac{\dfrac{a}{2R}}{\dfrac{b^2 + c^2 - a^2}{2bc}} = \frac{abc}{R}.\ \frac{1}{b^2 + c^2 - a^2}.$$

অনুরূপভাবে, $\tan B = \dfrac{abc}{R}.\ \dfrac{1}{c^2 + a^2 - b^2}$

এবং $\tan C = \dfrac{abc}{R}.\ \dfrac{1}{a^2 + b^2 - c^2}$.

13·4. ABC ত্রিভুজে, $\mathbf{a = b \cos C + c \cos B}$;

$\mathbf{b = c \cos A + a \cos C}$;

$\mathbf{c = a \cos B + b \cos A}$.

অনুচ্ছেদ 13·2-এ চিত্র (i), (ii) ও (iii) দ্রষ্টব্য।

C-কোণ সূক্ষ্মকোণ হইলে, চিত্র (i) হইতে,

$$\text{BC}=\text{BD}+\text{CD}=\text{AB}.\ \frac{\text{BD}}{\text{AB}}+\text{AC}.\ \frac{\text{CD}}{\text{AC}}$$

$$=\text{AB}\cos\angle\text{ABD}+\text{AC}\cos\angle\text{ACD}.$$

$\therefore\ a=c\cos\text{B}+b\cos\text{C}.$

পুনরায়, C-কোণ স্থূলকোণ হইলে, চিত্র (ii) হইতে,

$$\text{BC}=\text{BD}-\text{CD}=\text{AB}.\ \frac{\text{BD}}{\text{AB}}-\text{AC}.\ \frac{\text{CD}}{\text{AC}}$$

$$=\text{AB}\cos\angle\text{ABD}-\text{AC}\cos\angle\text{ACD}.$$

$\therefore\ a=c\cos\text{B}-b\cos(\pi-\text{C})=c\cos\text{B}+b\cos\text{C}.$

আবার, C-কোণ সমকোণ হইলে, চিত্র (iii) হইতে,

$$\text{BC}=\text{AB}.\ \frac{\text{BC}}{\text{AB}}=\text{AB}\cos\angle\text{ABC}.$$

$\therefore\ a=c\cos\text{B}=c\cos\text{B}+b\cos\text{C}\ [\because\ \cos\text{C}=\cos 90^\circ=0\ ].$

সুতরাং, C-কোণের মান যাহাই হউক না কেন,

$$a=b\cos\text{C}+c\cos\text{B}.$$

অনুরূপভাবে, অপর দুইটি সূত্রও প্রমাণ করা যায়।

টীকা: 13·2, 13·3 ও 13·4 অনুচ্ছেদের সূত্রগুলি পরস্পর নিরপেক্ষ নহে। ইহাদের যে-কোন একটি হইতে অপর সূত্রগুলি প্রমাণ করা যায়। উদাহরণস্বরূপ,

$$b^2+c^2-a^2=b.b+c.c-a.a$$

$$=b(c\cos\text{A}+a\cos\text{C})+c(a\cos\text{B}+b\cos\text{A})$$

$$-a(b\cos\text{C}+c\cos\text{B})$$

$$=2bc\cos\text{A}\ \text{অর্থাৎ}\ \cos\text{A}=\frac{b^2+c^2-a^2}{2bc}.$$

ইহা 13·3 অনুচ্ছেদে পাওয়া গিয়াছে।

13·5. ত্রিভুজের বাহুগুলির মাধ্যমে অর্ধকোণগুলির কোণানুপাত নির্ণয়:

সূত্র হইতে, $2\sin^2\frac{\text{A}}{2}=1-\cos\text{A}=1-\frac{b^2+c^2-a^2}{2bc}$

$$=\frac{2bc-b^2-c^2+a^2}{2bc}=\frac{a^2-(b^2+c^2-2bc)}{2bc}$$

$$=\frac{a^2-(b-c)^2}{2bc}=\frac{(a-b+c)(a+b-c)}{2bc}.$$

এক্ষণে, ত্রিভুজের অর্ধপরিসীমা $=s$ হইলে, $2s=a+b+c$.

$$\therefore\quad a-b+c=a+b+c-2b=2s-2b=2(s-b),$$

$$a+b-c=a+b+c-2c=2s-2c=2(s-c).$$

সুতরাং $2\sin^2\frac{A}{2}=\frac{2(s-b).\ 2(s-c)}{2bc}$

অথবা, $\sin^2\frac{A}{2}=\frac{(s-b)(s-c)}{bc}$

অর্থাৎ $\mathbf{\sin\frac{A}{2}=\sqrt{\frac{(s-b)(s-c)}{bc}}}$.

বর্গমূলের কেবলমাত্র ধনাত্মক মানটি লইতে হইবে ; কারণ ত্রিভুজের যে-কোন কোণ A, 180° অপেক্ষা ক্ষুদ্রতর অর্থাৎ $\frac{1}{2}A<90°$; সুতরাং $\sin\frac{1}{2}A$ ধনাত্মক হইবে।

অনুরূপভাবে, $\mathbf{\sin\frac{B}{2}=\sqrt{\frac{(s-c)(s-a)}{ca}}}$

এবং $\mathbf{\sin\frac{C}{2}=\sqrt{\frac{(s-a)(s-b)}{ab}}}$.

পুনরায়, $2\cos^2\frac{A}{2}=1+\cos A=1+\frac{b^2+c^2-a^2}{2bc}$

$$=\frac{2bc+b^2+c^2-a^2}{2bc}=\frac{(b+c)^2-a^2}{2bc}=\frac{(b+c+a)(b+c-a)}{2bc}$$

$$=\frac{(a+b+c)(a+b+c-2a)}{2bc}=\frac{2s(2s-2a)}{2bc}=\frac{2s(s-a)}{bc}.$$

$\therefore\quad \cos^2\frac{A}{2}=\frac{s(s-a)}{bc}$, অর্থাৎ $\mathbf{\cos\frac{A}{2}=\sqrt{\frac{s(s-a)}{bc}}}$

এখানেও বর্গমূলের কেবলমাত্র ধনাত্মক মানটি লইতে হইবে ; কারণ $\frac{1}{2}A<90°$ বলিয়া $\cos\frac{1}{2}A$ ধনাত্মক।

অনুরূপভাবে, $\mathbf{\cos\frac{B}{2}=\sqrt{\frac{s(s-b)}{ca}}}$ এবং $\mathbf{\cos\frac{C}{2}=\sqrt{\frac{s(s-c)}{ab}}}$.

আবার, $\tan\dfrac{A}{2}=\dfrac{\sin\frac{1}{2}A}{\cos\frac{1}{2}A}=\dfrac{\sqrt{\dfrac{(s-b)(s-c)}{bc}}}{\sqrt{\dfrac{s(s-a)}{bc}}}=\sqrt{\dfrac{(s-b)(s-c)}{s(s-a)}}.$

অনুরূপভাবে, $\tan\dfrac{B}{2}=\sqrt{\dfrac{(s-c)(s-a)}{s(s-b)}}$

এবং $\tan\dfrac{C}{2}=\sqrt{\dfrac{(s-a)(s-b)}{s(s-c)}}.$

টীকা : $\sin A=2\sin\frac{1}{2}A\cos\frac{1}{2}A=2\sqrt{\dfrac{(s-b)(s-c)}{bc}}\sqrt{\dfrac{s(s-a)}{bc}}$

$$=\frac{2}{bc}\sqrt{s(s-a)(s-b)(s-c)}.$$

অনুরূপভাবে, $\sin B=\dfrac{2}{ca}\sqrt{s(s-a)(s-b)(s-c)}$;

$$\sin C=\frac{2}{ab}\sqrt{s(s-a)(s-b)(s-c)}.$$

10·6. ত্রিভুজের ক্ষেত্রফল :

মনে কর, ABC ত্রিভুজের ক্ষেত্রফল $\triangle$; BC বাহুর উপর AD লম্ব টান।

$\triangle ABD$ হইতে, $AD=AC.\dfrac{AD}{AC}=b\sin C.$

এক্ষণে, $\triangle=\frac{1}{2}$ ভূমি $\times$ উচ্চতা $=\frac{1}{2}BC.AD$

$=\frac{1}{2}ab\sin C.$

অনুরূপভাবে, B ও C হইতে বিপরীত বাহুর উপর লম্ব টানিয়া প্রমাণ করা যায় যে,

$\triangle=\frac{1}{2}ca\sin B=\frac{1}{2}bc\sin A.$

$\therefore\ \triangle=\frac{1}{2}bc\sin A=\frac{1}{2}ca\sin B=\frac{1}{2}ab\sin C$

$=\frac{1}{2}$ (দুইটি বাহুর গুণফল) $\times$ (অন্তর্ভুক্ত কোণের সাইন)।

পুনরায়, $\triangle=\frac{1}{2}bc\sin A=bc\sin\frac{1}{2}A.\cos\frac{1}{2}A$

$$=bc\sqrt{\frac{(s-b)(s-c)}{bc}}.\sqrt{\frac{s(s-a)}{bc}}$$

$$=\sqrt{s(s-a)(s-b)(s-c)}.$$

$s=\frac{1}{2}(a+b+c)$ বসাইলে,

$$\Delta=\frac{1}{4}\sqrt{(a+b+c)(b+c-a)(c+a-b)(a+b-c)}$$
$$=\frac{1}{4}\sqrt{2b^2c^2+2c^2a^2+2a^2b^2-a^4-b^4-c^4}.$$

আবার, $\Delta=\frac{1}{2}bc\sin A=\frac{1}{2}bc.\frac{a}{2R}=\frac{abc}{4R}$.

টীকা : (i) $\sin A=\frac{2\Delta}{bc}$, $\sin B=\frac{2\Delta}{ca}$, $\sin C=\frac{2\Delta}{ab}$.

(ii) $\tan\frac{A}{2}=\sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}=\frac{(s-b)(s-c)}{\Delta}=\frac{\Delta}{s(s-a)}$.

$\tan\frac{B}{2}=\frac{(s-c)(s-a)}{\Delta}=\frac{\Delta}{s(s-b)}$,

$\tan\frac{C}{2}=\frac{(s-a)(s-b)}{\Delta}=\frac{\Delta}{s(s-c)}$.

(iii) $R=\frac{abc}{4\Delta}$.

13·7. ট্যান্জেন্ট-সূত্র (Tangent Rule) :

যে-কোন ত্রিভুজ ABC-তে, $\tan\frac{B-C}{2}=\frac{b-c}{b+c}\cot\frac{A}{2}$;

$$\tan\frac{C-A}{2}=\frac{c-a}{c+a}\cot\frac{B}{2};$$

$$\tan\frac{A-B}{2}=\frac{a-b}{a+b}\cot\frac{C}{2}.$$

পূর্বে প্রমাণিত হইয়াছে যে, যে-কোন ত্রিভুজে, $\frac{b}{\sin B}=\frac{c}{\sin C}$

অথবা, $\frac{b}{c}=\frac{\sin B}{\sin C}$.

যোগ-ভাগ প্রক্রিয়ার সাহায্যে,

$$\frac{b-c}{b+c}=\frac{\sin B-\sin C}{\sin B+\sin C}=\frac{2\cos\frac{1}{2}(B+C)\sin\frac{1}{2}(B-C)}{2\sin\frac{1}{2}(B+C)\cos\frac{1}{2}(B-C)}$$
$$=\cot\frac{1}{2}(B+C)\tan\frac{1}{2}(B-C)$$
$$=\cot(\tfrac{1}{2}\pi-\tfrac{1}{2}A)\tan\frac{1}{2}(B-C) \qquad [\because \tfrac{1}{2}A+\tfrac{1}{2}(B+C)=\tfrac{1}{2}\pi]$$
$$=\tan\frac{1}{2}A\tan\frac{1}{2}(B-C).$$

$$\therefore \quad \tan\frac{B-C}{2}=\frac{b-c}{b+c}\cdot\frac{1}{\tan\frac{1}{2}A}=\frac{b-c}{b+c}\cot\frac{A}{2}.$$

অনুরূপভাবে, অপর দুইটি সূত্রও প্রমাণ করা যায়।

13·8. উদাহরণাবলী :

উদাহরণ 1. ABC ত্রিভুজে, প্রমাণ কর যে,

$a\cos\frac{1}{2}(B-C)=(b+c)\sin\frac{1}{2}A.$ [W.B.B.H.S.]

ABC ত্রিভুজে, $a=2R\sin A$, $b=2R\sin B$, $c=2R\sin C$.

$$\therefore \quad \frac{b+c}{a}=\frac{2R(\sin B+\sin C)}{2R\sin A}$$

$$=\frac{2\sin\frac{1}{2}(B+C)\cos\frac{1}{2}(B-C)}{2\sin\frac{1}{2}A\cos\frac{1}{2}A}$$

$$=\frac{\sin(\frac{1}{2}\pi-\frac{1}{2}A)\cos\frac{1}{2}(B-C)}{\sin\frac{1}{2}A\cos\frac{1}{2}A}\quad [\because \tfrac{1}{2}A+\tfrac{1}{2}(B+C)=\tfrac{1}{2}\pi]$$

$$=\frac{\cos\frac{1}{2}A\cos\frac{1}{2}(B-C)}{\sin\frac{1}{2}A\cos\frac{1}{2}A}=\frac{\cos\frac{1}{2}(B-C)}{\sin\frac{1}{2}A}.$$

$\therefore \quad a\cos\frac{1}{2}(B-C)=(b+c)\sin\frac{1}{2}A.$

উদাহরণ 2. যে-কোন ত্রিভুজ ABC-তে, প্রমাণ কর যে,

$a\sin(B-C)+b\sin(C-A)+c\sin(A-B)=0.$ [W.B.B.H.S.]

ABC ত্রিভুজে, $a=2R\sin A$, $b=2R\sin B$, $c=2R\sin C$.

$\therefore$ বামপক্ষ $=2R\sin A\sin(B-C)+2R\sin B\sin(C-A)$
$+2R\sin C\sin(A-B)$

$=2R[\sin(B+C)\sin(B-C)+\sin(C+A)\sin(C-A)$
$+\sin(A+B)\sin(A-B)]$

$[\because A+B+C=\pi]$

$=2R[\sin^2B-\sin^2C+\sin^2C-\sin^2A+\sin^2A-\sin^2B]$

$=2R\times 0=$ ডানপক্ষ।

উদাহরণ 3. একটি ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে 7 সে.মি., 5 সে.মি. এবং 3 সে.মি.। দেখাও যে, বৃহত্তম কোণটি 120°. [B. U. Ent.]

ত্রিভুজের বৃহত্তম বাহুর বিপরীত কোণই বৃহত্তম। সুতরাং $a=7$, $b=5$, $c=3$ হইলে বৃহত্তম কোণটি হইবে A.

এখন, $\cos A=\dfrac{b^2+c^2-a^2}{2bc}=\dfrac{5^2+3^2-7^2}{2.5.3}=\dfrac{25+9-49}{30}$

$=-\frac{15}{30}=-\frac{1}{2}=-\cos 60^\circ=\cos(180^\circ-60^\circ)=\cos 120^\circ.$

$\therefore$ $A=120^\circ$, অর্থাৎ বৃহত্তম কোণটি 120°.

উদাহরণ 4. ABC ত্রিভুজের $A=60^\circ$ হইলে, দেখাও যে,

$$b+c=2a\cos\tfrac{1}{2}(B-C).$$

ABC ত্রিভুজে, $b=c\cos A+a\cos C$ এবং $c=a\cos B+b\cos A$.

$\therefore$ $b+c=(c\cos A+a\cos C)+(a\cos B+b\cos A)$

$=a(\cos B+\cos C)+(b+c)\cos A$

$=a.2\cos\frac{1}{2}(B+C)\cos\frac{1}{2}(B-C)+(b+c)\cos 60^\circ$

$=2a\cos 60^\circ\cos\frac{1}{2}(B-C)+(b+c).\frac{1}{2}$

$[\because\ B+C=180^\circ-A=120^\circ]$

অথবা, $(b+c)-\frac{1}{2}(b+c)=2a.\frac{1}{2}\cos\frac{1}{2}(B-C)$

অথবা, $\frac{1}{2}(b+c)=a\cos\frac{1}{2}(B-C)$

অথবা, $b+c=2a\cos\frac{1}{2}(B-C)$.

উদাহরণ 5. ABC ত্রিভুজে প্রমাণ কর যে,

$$bc\cos^2\tfrac{1}{2}A+ca\cos^2\tfrac{1}{2}B+ab\cos^2\tfrac{1}{2}C=s^2.$$

বামপক্ষ $=bc.\dfrac{s(s-a)}{bc}+ca.\dfrac{s(s-b)}{ca}+ab.\dfrac{s(s-c)}{ab}$

$=s(s-a)+s(s-b)+s(s-c)$

$=s(s-a+s-b+s-c)=s\{3s-(a+b+c)\}.$

$=s(3s-2s)=s\,.\,s=s^2=$ ডানপক্ষ।

উদাহরণ 6. $\dfrac{1}{b+c}+\dfrac{1}{c+a}=\dfrac{3}{a+b+c}$ হইলে, দেখাও যে, $C=60^\circ$.

এক্ষণে, $\dfrac{1}{b+c}+\dfrac{1}{c+a}=\dfrac{1}{a+b+c}+\dfrac{1}{a+b+c}+\dfrac{1}{a+b+c}$

অথবা, $\left(\dfrac{1}{b+c}-\dfrac{1}{a+b+c}\right)+\left(\dfrac{1}{c+a}-\dfrac{1}{a+b+c}\right)=\dfrac{1}{a+b+c}$

অথবা, $\dfrac{a}{b+c}+\dfrac{b}{c+a}=1$

অথবা, $a(c+a)+b(b+c)=(b+c)(c+a)$

অথবা, $ac+a^2+b^2+bc=bc+c^2+ab+ac$

অথবা, $a^2+b^2-c^2=ab$

অথবা, $\dfrac{a^2+b^2-c^2}{2ab}=\frac{1}{2}$

অথবা, $\cos C=\frac{1}{2}=\cos 60^\circ$.

$\therefore\ C=60^\circ$.

উদাহরণ 7. a, b, c সমান্তর শ্রেণীতে থাকিলে, দেখাও যে, $\cot\frac{1}{2}A, \cot\frac{1}{2}B, \cot\frac{1}{2}C$ সমান্তর শ্রেণী গঠন করে।

$\cot\frac{1}{2}A, \cot\frac{1}{2}B, \cot\frac{1}{2}C$-কে সমান্তর শ্রেণী গঠন করিতে হইলে,

$$\cot\tfrac{1}{2}B-\cot\tfrac{1}{2}A=\cot\tfrac{1}{2}C-\cot\tfrac{1}{2}B$$

অর্থাৎ $\dfrac{s(s-b)}{\triangle}-\dfrac{s(s-a)}{\triangle}=\dfrac{s(s-c)}{\triangle}-\dfrac{s(s-b)}{\triangle}$

অর্থাৎ, $(s-b)-(s-a)=(s-c)-(s-b)$

অর্থাৎ, $a-b=b-c$

অর্থাৎ, যদি a, b, c সমান্তর শ্রেণীতে থাকে।

উদাহরণ 8. দেখাও যে, $a^2\sin 2B+b^2\sin 2A=4\triangle$.

বামপক্ষ $=a^2.2\sin B\cos B+b^2.2\sin A\cos A$

$=2a\sin B.a\cos B+2b\sin A.b\cos A$

$=2a\sin B\,(a\cos B+b\cos A)$ $[\because a\sin B=b\sin A]$

$=2a\sin B.c=4.\frac{1}{2}c.a\sin B=4\triangle=$ ডানপক্ষ।

প্রশ্নমালা XIII (A)

ABC ত্রিভুজে প্রমাণ কর (**1—20**):

1. $(b-c)\cos\frac{1}{2}A=a\sin\frac{1}{2}(B-C)$ [W.B.B.H.S.]
2. $a\sin(\frac{1}{2}A+C)=(b+c)\sin\frac{1}{2}A$. [W.B.B.H.S.]
3. $a(\sin B-\sin C)+b(\sin C-\sin A)+c(\sin A-\sin B)=0$.
4. $a^2(\cos^2B-\cos^2C)+b^2(\cos^2C-\cos^2A)$ $+c^2(\cos^2A-\cos^2B)=0$.
5. (i) $a^3\sin(B-C)+b^3\sin(C-A)+c^3\sin(A-B)=0$.

   (ii) $a^3\cos(B-C)+b^3\cos(C-A)+c^3\cos(A-B)=3abc$.

6. $(b^2-c^2)\cot A+(c^2-a^2)\cot B+(a^2-b^2)\cot C=0.$

7. $a\sin\frac{1}{2}A\sin\frac{1}{2}(B-C)+b\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}(C-A)$
$+c\sin\frac{1}{2}C\sin\frac{1}{2}(A-B)=0.$

8. $\dfrac{b^2-c^2}{\cos B+\cos C}+\dfrac{c^2-a^2}{\cos C+\cos A}+\dfrac{a^2-b^2}{\cos A+\cos B}=0.$

9. (i) $a^2\sin(B-C)\operatorname{cosec}A+b^2\sin(C-A)\operatorname{cosec}B$
$+c^2\sin(A-B)\operatorname{cosec}C=0.$

(ii) $\dfrac{a^2\sin(B-C)}{\sin B+\sin C}+\dfrac{b^2\sin(C-A)}{\sin C+\sin A}+\dfrac{c^2\sin(A-B)}{\sin A+\sin B}=0.$

10. $a\cos A+b\cos B+c\cos C=4R\sin A\sin B\sin C.$

11. $(b+c)\cos A+(c+a)\cos B+(a+b)\cos C=a+b+c.$

12. $bc\cos A+ca\cos B+ab\cos C=\frac{1}{2}(a^2+b^2+c^2).$

13. (i) $\dfrac{a\sin(B-C)}{b^2-c^2}=\dfrac{b\sin(C-A)}{c^2-a^2}=\dfrac{c\sin(A-B)}{a^2-b^2}.$

(ii) $\dfrac{\cos A}{a}+\dfrac{a}{bc}=\dfrac{\cos B}{b}+\dfrac{b}{ca}=\dfrac{\cos C}{c}+\dfrac{c}{ab}.$

14. $(s-a)\tan\frac{1}{2}A=(s-b)\tan\frac{1}{2}B=(s-c)\tan\frac{1}{2}C.$

15. $(c+a)\tan\frac{1}{2}(C-A)=(c-a)\tan\frac{1}{2}(C+A).$

16. (i) $\dfrac{b-c}{a}\cos^2\dfrac{A}{2}+\dfrac{c-a}{b}\cos^2\dfrac{B}{2}+\dfrac{a-b}{c}\cos^2\dfrac{C}{2}=0.$

(ii) $\dfrac{b^2-c^2}{a}\cos A+\dfrac{c^2-a^2}{b}\cos B+\dfrac{a^2-b^2}{c}\cos C=0.$

17. $\dfrac{(b^2-c^2)\sin B\sin C}{\sin(B-C)}=2\triangle.$

18. (i) $a^2+b^2+c^2=4\triangle(\cot A+\cot B+\cot C).$

(ii) $b^2\sin 2C+c^2\sin 2B=4\triangle.$

(iii) $a^2\cot A+b^2\cot B+c^2\cot C=4\triangle.$

19. (i) $a\sin B\sin C+b\sin C\sin A+c\sin A\sin B=\dfrac{3\triangle}{R}.$

(ii) $a\cos B\cos C+b\cos C\cos A+c\cos A\cos B=\dfrac{abc}{4R^2}.$

20. $(a^2\operatorname{cosec}A+b^2\operatorname{cosec}B+c^2\operatorname{cosec}C)\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C=\triangle.$

21. ABC ত্রিভুজে $a=2b$ এবং $A=3B$ হইলে, ত্রিভুজের কোণগুলি নির্ণয় কর।

22. (i) $(a+b+c)(a+b-c)=3ab$ হইলে, দেখাও যে, $C=60°$.

(ii) $a^4+b^4+c^4=2a^2(b^2+c^2)$ হইলে, দেখাও যে, $A=45°$ বা $135°$.

23. (i) একটি ত্রিভুজের তিনটি বাহু 13 সে. মি., 8 সে. মি.এবং 7 সে. মি. ; দেখাও যে, বৃহত্তম কোণটি 120°.

(ii) একটি ত্রিভুজের তিনটি বাহু 8 সে. মি., 15 সে. মি., 17 সে. মি. ; দেখাও যে, বৃহত্তম কোণটি 90°. [C.P.U.]

24. দেখাও যে, 20 সে. মি., 21 সে. মি. এবং 29 সে. মি. বাহুবিশিষ্ট ত্রিভুজটি সমকোণী। [W.B.B.H.S.]

25. (i) ABC ত্রিভুজে $\cos A=\dfrac{\sin B}{2\sin C}$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমদ্বিবাহু।

(ii) ABC ত্রিভুজে $\dfrac{\cos A+2\cos C}{\cos A+2\cos B}=\dfrac{\sin B}{\sin C}$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমদ্বিবাহু অথবা সমকোণী।

(iii) ABC ত্রিভুজে, $(a^2+b^2)\sin(A-B)=(a^2-b^2)\sin(A+B)$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমদ্বিবাহু অথবা সমকোণী। [W.B.B.H.S.]

26. ABC ত্রিভুজে, $\cos A:\cos B=b:a$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমদ্বিবাহু অথবা সমকোণী।

27. একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত 2 : 3 : 7 এবং উহার পরিবৃত্তের ব্যাসার্ধ 10 সে. মি.। ত্রিভুজটির বাহুগুলি নির্ণয় কর। [W.B.B.H.S.]

28. 13 সে. মি., 14 সে. মি. এবং 15 সে. মি. বাহুবিশিষ্ট ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর।

29. ABC ত্রিভুজের তিনটি বাহু সমান্তর শ্রেণীতে থাকিলে, দেখাও যে,

$$a\cos^2\tfrac{1}{2}B+b\cos^2\tfrac{1}{2}A=\tfrac{3}{2}c.$$

30. a^2, b^2, c^2 সমান্তর শ্রেণীভুক্ত হইলে, দেখাও যে, $\cot A, \cot B, \cot C$ সমান্তর শ্রেণীভুক্ত।

31. $\dfrac{\sin A}{3}=\dfrac{\sin B}{3}=\dfrac{\sin C}{4}$ হইলে, দেখাও যে, $\cos C=\frac{1}{9}$.

32. (i) $2a=b+c$ হইলে, প্রমাণ কর যে,

$$2\cot\tfrac{1}{2}A=\cot\tfrac{1}{2}B+\cot\tfrac{1}{2}C.$$

(ii) $3a=b+c$ হইলে, প্রমাণ কর যে, $\cot\frac{1}{2}B\cot\frac{1}{2}C=2.$

13·9. ত্রিভুজের পরিব্যাসার্ধ :

পূর্বেই প্রমাণিত হইয়াছে যে, $\dfrac{a}{\sin A}=\dfrac{b}{\sin B}=\dfrac{c}{\sin C}=2R.$

পুনরায়, $R=\dfrac{a}{2\sin A}=\dfrac{abc}{2bc\sin A}=\dfrac{abc}{4\triangle}.$

13·10. ত্রিভুজের অন্তর্ব্যাসার্ধ :

কোন ত্রিভুজের তিনটি বাহুকে স্পর্শ করিয়া অঙ্কিত বৃত্তকে ঐ ত্রিভুজের **অন্তর্বৃত্ত** বা **অন্তর্লিখিত বৃত্ত** (inscribed circle) বলে। ঐ বৃত্তের কেন্দ্রকে **অন্তঃকেন্দ্র** (In-centre) এবং উহার ব্যাসার্ধকে **অন্তর্ব্যাসার্ধ** (In-radius) বলে।

মনে কর, ABC ত্রিভুজের অন্তর্বৃত্তের কেন্দ্র I এবং উহার ব্যাসার্ধ r.

মনে কর, অন্তর্বৃত্তটি ABC ত্রিভুজের BC, CA ও AB বাহুগুলিকে যথাক্রমে D, E ও F বিন্দুতে স্পর্শ করিয়াছে।

ID, IE এবং IF যথাক্রমে BC, CA এবং AB-এর উপর লম্ব এবং

$$ID=IE=IF=r.$$

IA, IB ও IC যুক্ত করা হইল।

এখন, $\triangle ABC=\triangle IBC+\triangle ICA+\triangle IAB$

$$=\tfrac{1}{2}BC.ID+\tfrac{1}{2}CA.IE+\tfrac{1}{2}AB.IF$$

$$=\tfrac{1}{2}(ar+br+cr)=\tfrac{1}{2}r(a+b+c)=rs$$

[$\because$ $s=$ ABC ত্রিভুজের অর্ধপরিসীমা $=\frac{1}{2}(a+b+c)$]

সুতরাং $\triangle=rs$ অর্থাৎ $r=\dfrac{\triangle}{s}.$

পুনরায়, $a=BC=BD+DC=ID.\dfrac{BD}{ID}+ID.\dfrac{DC}{ID}$

$$=r\cot\tfrac{1}{2}B+r\cot\tfrac{1}{2}C$$ [$\triangle IBD$ ও $\triangle ICD$ হইতে]

$$=r\left[\frac{\cos\frac{1}{2}B}{\sin\frac{1}{2}B}+\frac{\cos\frac{1}{2}C}{\sin\frac{1}{2}C}\right]$$

$$=\frac{r(\cos\frac{1}{2}B\sin\frac{1}{2}C+\cos\frac{1}{2}C\sin\frac{1}{2}B)}{\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}$$

$$=\frac{r\sin(\frac{1}{2}B+\frac{1}{2}C)}{\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}=\frac{r\sin(\frac{1}{2}\pi-\frac{1}{2}A)}{\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}$$

$$[\because \quad \tfrac{1}{2}A+\tfrac{1}{2}B+\tfrac{1}{2}C=\tfrac{1}{2}\pi]$$

$$=\frac{r\cos\frac{1}{2}A}{\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}.$$

$$\therefore \quad r=\frac{a\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}{\cos\frac{1}{2}A}=\frac{2R\sin A\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C}{\cos\frac{1}{2}A}.$$

[13·2 অনুচ্ছেদ হইতে]

$$\therefore \quad \mathbf{r=4R\sin\tfrac{1}{2}A\sin\tfrac{1}{2}B\sin\tfrac{1}{2}C}.$$

আবার, $r=\frac{\triangle}{s}=\frac{\sqrt{s(s-a)(s-b)(s-c)}}{s}$

$$=(s-a)\sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}.$$

$$\therefore \quad \mathbf{r=(s-a)\tan\tfrac{1}{2}A}.$$

অনুরূপভাবে, $\mathbf{r=(s-b)\tan\frac{1}{2}B}$; $\mathbf{r=(s-c)\tan\frac{1}{2}C}$.

টীকা ঃ ত্রিভুজের শীর্ষবিন্দু হইতে অন্তঃকেন্দ্রের দূরত্ব

ABC ত্রিভুজের শীর্ষত্রয় হইতে অন্তঃকেন্দ্রের দূরত্বগুলি হইল যথাক্রমে IA, IB ও IC.

এখন $\triangle IAF$ হইতে, $\mathbf{IA}=IF.\frac{IA}{IF}=IF\ \text{cosec}\ IAF=\mathbf{r\ cosec\ \frac{1}{2}A}$.

অনুরূপভাবে, $\mathbf{IB=r\ cosec\ \frac{1}{2}B}$ এবং $\mathbf{IC=r\ cosec\ \frac{1}{2}C}$.

13·11. ত্রিভুজের বহির্ব্যাসার্ধ ঃ

কোন ত্রিভুজের যে-কোন এক বাহু এবং অপর দুই বাহুর বর্দ্ধিতাংশকে স্পর্শ করিয়া অঙ্কিত বৃত্তকে ঐ ত্রিভুজের **বহির্বৃত্ত** (Ex-circle) বা **বহির্লিখিত বৃত্ত** (Escribed circle) বলে। প্রত্যেক ত্রিভুজের এরূপ তিনটি বহির্বৃত্ত হয়। ABC ত্রিভুজের BC বাহুকে এবং AB ও AC বাহুর বর্দ্ধিতাংশকে যে-বৃত্ত স্পর্শ করে, সেই বৃত্তকে A-কোণের বিপরীত বহির্বৃত্ত বলে।

মনে কর, ABC ত্রিভুজের A-কোণের বিপরীতস্থ বহির্বৃত্তের কেন্দ্র I_1, এবং ব্যাসার্ধ r_1 ; বৃত্তটি BC বাহুকে D-বিন্দুতে এবং AC ও AB বাহুর বর্দ্ধিতাংশকে যথাক্রমে E ও F বিন্দুতে স্পর্শ করে। I_1D, I_1E এবং I_1F যথাক্রমে BC, AC-এর বর্দ্ধিতাংশের উপর এবং AB-এর বর্দ্ধিতাংশের উপর লম্ব।

একক্ষণে, $I_1D = I_1E = I_1F = r_1$.

I_1A, I_1B ও I_1C যুক্ত করা হইল।

সুতরাং $\triangle ABC = \triangle I_1AB + \triangle I_1AC - \triangle I_1BC$

$= \frac{1}{2} I_1F . AB + \frac{1}{2} I_1E . AC - \frac{1}{2} I_1D . BC$

$= \frac{1}{2} r_1 . c + \frac{1}{2} r_1 . b - \frac{1}{2} r_1 . a$

$= \frac{1}{2} r_1 (b + c - a) = \frac{1}{2} r_1 (2s - 2a) = r_1 (s - a)$.

[$\because$ s = ABC ত্রিভুজের অর্ধ-পরিসীমা $= \frac{1}{2}(a + b + c)$]

$\therefore \quad \triangle = r_1(s - a)$, অর্থাৎ $\mathbf{r_1 = \dfrac{\triangle}{s - a}}$.

অনুরূপভাবে, B ও C কোণের বিপরীতস্থ বহির্বৃত্তের ব্যাসার্ধ যথাক্রমে r_2 এবং r_3 হইলে,

$$\mathbf{r_2 = \frac{\triangle}{s - b}} \text{ এবং } \mathbf{r_3 = \frac{\triangle}{s - c}}.$$

পুনরায়, $a = BC = BD + CD = I_1D . \dfrac{BD}{I_1D} + I_1D . \dfrac{CD}{I_1D}$

$= r_1 \cot I_1BD + r_1 \cot I_1CD$ [$\triangle I_1BD$ ও $\triangle I_1CD$ হইতে]

$= r_1 [\cot \frac{1}{2}(\pi - B) + \cot \frac{1}{2}(\pi - C)]$

$= r_1 [\cot (\frac{1}{2}\pi - \frac{1}{2}B) + \cot (\frac{1}{2}\pi - \frac{1}{2}C)]$

$= r_1 [\tan \frac{1}{2}B + \tan \frac{1}{2}C] = r_1 \left[\dfrac{\sin \frac{1}{2}B}{\cos \frac{1}{2}B} + \dfrac{\sin \frac{1}{2}C}{\cos \frac{1}{2}C}\right]$

$= r_1 \dfrac{\sin \frac{1}{2}B \cos \frac{1}{2}C + \cos \frac{1}{2}B \sin \frac{1}{2}C}{\cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C} = r_1 \dfrac{\sin (\frac{1}{2}B + \frac{1}{2}C)}{\cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C}$

$= r_1 \dfrac{\sin (\frac{1}{2}\pi - \frac{1}{2}A)}{\cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C}$ [$\because$ $\frac{1}{2}A + \frac{1}{2}B + \frac{1}{2}C = \frac{1}{2}\pi$]

$= \dfrac{\cos \frac{1}{2}A}{\cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C}$.

$\therefore \quad r_1 = a \cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C \sec \frac{1}{2}A$

$= 2R \sin A \cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C \sec \frac{1}{2}A$

$= 4R \sin \frac{1}{2}A \cos \frac{1}{2}A \cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C \sec \frac{1}{2}A$

$= 4R \sin \frac{1}{2}A \cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C$.

অনুরূপভাবে, $r_2 = 4R \cos \frac{1}{2}A \sin \frac{1}{2}B \cos \frac{1}{2}C$

এবং $r_3 = 4R \cos \frac{1}{2}A \cos \frac{1}{2}B \sin \frac{1}{2}C$.

আবার, $r_1 = \frac{\triangle}{s-a} = \frac{\sqrt{s(s-a)(s-b)(s-c)}}{s-a}$

$$= s\sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}.$$

$\therefore\ \mathbf{r_1 = s \tan \tfrac{1}{2}A}.$

অনুরূপভাবে, $\mathbf{r_2 = s \tan \tfrac{1}{2}B}$ এবং $\mathbf{r_3 = s \tan \tfrac{1}{2}C}$.

টীকা ঃ ত্রিভুজের শীর্ষবিন্দু হইতে বহিঃকেন্দ্রের দূরত্ব

$\triangle AI_1F$ হইতে, $I_1A = I_1F.\frac{I_1A}{I_1F} = I_1F \operatorname{cosec} I_1AF$

$$= r_1 \operatorname{cosec} \tfrac{1}{2}A = 4R \cos \tfrac{1}{2}B \cos \tfrac{1}{2}C.$$

$\triangle BI_1F$ হইতে, $I_1B = I_1F.\frac{I_1B}{I_1F} = I_1F \operatorname{cosec} I_1BF$

$$= r_1 \operatorname{cosec} (90^\circ - \tfrac{1}{2}B) = r_1 \sec \tfrac{1}{2}B.$$

অনুরূপভাবে, $I_1C = r_1 \sec \frac{1}{2} C$.

এইরূপে প্রমাণ করা যায় যে,

$I_2A = r_2 \sec \frac{1}{2}A$; $I_2B = r_2 \operatorname{cosec} \frac{1}{2}B$; $I_2C = r_2 \sec \frac{1}{2}C$

এবং $I_3A = r_3 \sec \frac{1}{2}A$; $I_3B = r_3 \sec \frac{1}{2}B$; $I_3C = r_3 \operatorname{cosec} \frac{1}{2}C$.

13·12. উদাহরণাবলী ঃ

উদাহরণ 1. প্রমাণ কর যে, $4 \cos \frac{1}{2}A \cos \frac{1}{2}B \cos \frac{1}{2}C = \frac{s}{R}$.

$$\text{বামপক্ষ} = 4.\sqrt{\frac{s(s-a)}{bc}}.\sqrt{\frac{s(s-b)}{ca}}.\sqrt{\frac{s(s-c)}{ab}}$$

$$= \frac{4s}{abc}\sqrt{s(s-a)(s-b)(s-c)} = \frac{4s}{abc}.\triangle$$

$$= s.\frac{4\triangle}{abc} = \frac{s}{R} = \text{ডানপক্ষ।}$$

উদাহরণ 2. দেখাও যে, $r_1r_2 + r_2r_3 + r_3r_1 = s^2$.

$$\text{বামপক্ষ} = \frac{\triangle}{s-a}\cdot\frac{\triangle}{s-b} + \frac{\triangle}{s-b}\cdot\frac{\triangle}{s-c} + \frac{\triangle}{s-c}\cdot\frac{\triangle}{s-a}$$

$$= \frac{\triangle^2}{(s-a)(s-b)(s-c)}(s-c+s-a+s-b)$$

$$= \frac{s(s-a)(s-b)(s-c)}{(s-a)(s-b)(s-c)}\{3s-(a+b+c)\}$$

$$= s(3s-2s) = s.s = s^2 = \text{ডানপক্ষ।}$$

উদাহরণ 3. ABC ত্রিভুজে, প্রমাণ কর যে,

$$\cos A+\cos B+\cos C=1+\frac{r}{R}. \qquad \text{[B.U. Ent.]}$$

বামপক্ষ $=(\cos A+\cos B)+\cos C$

$=2\cos\frac{1}{2}(A+B)\cos\frac{1}{2}(A-B)+1-2\sin^2\frac{1}{2}C$

$=1+2\cos(90^\circ-\frac{1}{2}C)\cos\frac{1}{2}(A-B)-2\sin\frac{1}{2}C.\sin\frac{1}{2}C$

$[\because A+B+C=180^\circ]$

$=1+2\sin\frac{1}{2}C\cos\frac{1}{2}(A-B)-2\sin\frac{1}{2}C.\sin\{90^\circ-\frac{1}{2}(A+B)\}$

$=1+2\sin\frac{1}{2}C\{\cos\frac{1}{2}(A-B)-\cos\frac{1}{2}(A+B)\}$

$=1+2\sin\frac{1}{2}C.2\sin\frac{1}{2}A\sin\frac{1}{2}B$

$=1+4\sin\frac{1}{2}A\sin\frac{1}{2}B\sin\frac{1}{2}C=1+\frac{r}{R}=$ ডানপক্ষ।

উদাহরণ 4. কোন ত্রিভুজে $r=r_1-r_2-r_3$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমকোণী।

ত্রিভুজটিতে $r=r_1-r_2-r_3$

অথবা, $r_2+r_3=r_1-r$

অথবা, $\frac{\Delta}{s-b}+\frac{\Delta}{s-c}=\frac{\Delta}{s-a}-\frac{\Delta}{s}$

অথবা, $\frac{1}{s-b}+\frac{1}{s-c}=\frac{1}{s-a}-\frac{1}{s}$

অথবা, $\frac{s-c+s-b}{(s-b)(s-c)}=\frac{s-s+a}{s(s-a)}$

অথবা, $\frac{2s-b-c}{(s-b)(s-c)}=\frac{a}{s(s-a)}$

অথবা, $\frac{a}{(s-b)(s-c)}=\frac{a}{s(s-a)}$ $\qquad [\because 2s=a+b+c]$

অথবা, $\frac{(s-b)(s-c)}{s(s-a)}=1$

অথবা, $\tan^2\frac{1}{2}A=1$

অথবা, $\tan\frac{1}{2}A=1$ $\qquad$ ($\because$ $\frac{1}{2}A$ সর্বদা সূক্ষ্মকোণ হইবে)

$\therefore$ $\frac{1}{2}A=45^\circ$, অর্থাৎ $A=90^\circ$.

সুতরাং ত্রিভুজটি সমকোণী।

প্রশ্নমালা XIII (B)

ABC ত্রিভুজে প্রমাণ কর (1—16) :

1. $\frac{1}{r_1}+\frac{1}{r_2}+\frac{1}{r_3}=\frac{1}{r}$.

2. $r_1+r_2+r_3=r+4R$.

3. $\frac{b-c}{r_1}+\frac{c-a}{r_2}+\frac{a-b}{r_3}=0$.

4. $\frac{bc-r_2r_3}{r_1}=\frac{ca-r_3r_1}{r_2}=\frac{ab-r_1r_2}{r_3}$.

5. $(r_1-r)(r_2-r)(r_3-r)=4Rr^2$.

6. $\sqrt{rr_1r_2r_3}=\triangle=r^2 \cot \frac{1}{2}A \cot \frac{1}{2}B \cot \frac{1}{2}C$.

7. $\sin A+\sin B+\sin C=\frac{s}{R}$.

8. $\cos B+\cos C-\cos A=\frac{r_1}{R}-1$.

9. $a \cos B \cos C+b \cos C \cos A+c \cos A \cos B=\frac{\triangle}{R}$.

10. $a \cot A+b \cot B+c \cot C=2(R+r)$.

11. $\frac{1}{(s-a)(s-b)}+\frac{1}{(s-b)(s-c)}+\frac{1}{(s-c)(s-a)}=\frac{1}{r^2}$.

12. $a^2b^2c^2 (\sin 2A+\sin 2B+\sin 2C)=32\triangle^3$. [C. P. U.]

13. $4\left(\frac{s}{a}-1\right)\left(\frac{s}{b}-1\right)\left(\frac{s}{c}-1\right)=\frac{r}{R}$. [C. P. U.]

14. $\left(\frac{1}{r}-\frac{1}{r_1}\right)\left(\frac{1}{r}-\frac{1}{r_2}\right)\left(\frac{1}{r}-\frac{1}{r_3}\right)=\frac{4R}{r^2s^2}$.

15. $\left(\frac{1}{r}+\frac{1}{r_1}+\frac{1}{r_2}+\frac{1}{r_3}\right)^2=\frac{4}{r}\left(\frac{1}{r_1}+\frac{1}{r_2}+\frac{1}{r_3}\right)$.

16. $\frac{(r_1+r_2)(r_2+r_3)(r_3+r_1)}{r_1r_2+r_2r_3+r_3r_1}=4R$.

17. ABC ত্রিভুজে $a=13$ সে. মি., $b=14$ সে. মি., $c=15$ সে. মি. হইলে, r ও R-এর পরিমাপ নির্ণয় কর।

18. কোন ত্রিভুজের বাহুগুলি যথাক্রমে 5 সে.মি., 8 সে.মি. এবং 5 সে.মি.। প্রমাণ কর যে, উহার দুইটি বহির্বৃত্ত সমান।

19. একটি ত্রিভুজের ক্ষেত্রফল 60 বর্গ সে.মি.। বহির্বৃত্তের ব্যাসার্ধগুলি যথাক্রমে 5 সে.মি., 12 সে. মি. এবং 20 সে.মি. হইলে, ত্রিভুজের বাহুগুলি নির্ণয় কর।

20. a, b, c সমান্তর শ্রেণীভুক্ত হইলে, দেখাও যে, r_1, r_2, r_3 বিপরীত শ্রেণীভুক্ত।

21. কোন ত্রিভুজে $3R = 4r$ হইলে, দেখাও যে,

$$4(\cos A + \cos B + \cos C) = 7.$$

22. $R = 2r$ হইলে, প্রমাণ কর যে, ত্রিভুজটি সমবাহু।

23. $\left(1 - \frac{r_1}{r_2}\right)\left(1 - \frac{r_1}{r_3}\right) = 2$ হইলে, প্রমাণ কর যে, ত্রিভুজটি সমকোণী।

24. $8R^2 = a^2 + b^2 + c^2$ হইলে, দেখাও যে, ত্রিভুজটি সমকোণী।

25. যদি কোন ত্রিভুজের বহির্বৃত্তের ব্যাস উহার পরিসীমার সমান হয়, দেখাও যে, ত্রিভুজটি সমকোণী।

চতুর্দশ অধ্যায়

ত্রিভুজের সমাধান

(Solution of Triangles)

14·1. একটি ত্রিভুজের তিনটি বাহু এবং তিনটি কোণ মিলিয়া মোট ছয়টি অংশ আছে। এই অংশগুলি পরস্পর নিরপেক্ষ নহে। ইহাদের মধ্যে পারস্পরিক সম্বন্ধ আছে। সাধারণতঃ তিনটি অংশ দেওয়া থাকিলে ঐ পারস্পরিক সম্বন্ধগুলি হইতে অপর তিনটি অংশ নির্ণয় করা যায়। এই অংশ তিনটি নির্ণয় করাই হইল **ত্রিভুজের সমাধান** (Solution of Triangles)। ইহার ফলে ত্রিভুজটির সম্পূর্ণ বৈশিষ্ট্যই নির্ণীত হয়।

প্রদত্ত অংশ তিনটি নিম্নলিখিত রূপ হইতে পারে :

(i) তিনটি বাহু ;
(ii) তিনটি কোণ ;
(iii) দুইটি বাহু এবং উহাদের অন্তর্ভূত কোণ ;
(iv) দুইটি কোণ এবং একটি বাহু ;
(v) দুইটি বাহু এবং উহাদের একটির বিপরীত কোণ।

টীকা : প্রদত্ত অংশ তিনটির মধ্যে অন্ততঃ একটি বাহু থাকা আবশ্যক ; কারণ কোন একটি ত্রিভুজের তিনটি কোণ দেওয়া থাকিলে, ঐ কোণগুলির সমান কোণ-বিশিষ্ট অসংখ্য সদৃশকোণী ত্রিভুজ পাওয়া যাইবে।

14·2. তিনটি বাহু প্রদত্ত হইলে ত্রিভুজের সমাধান :

মনে কর, ABC ত্রিভুজের তিনটি বাহু a, b, c দেওয়া আছে। উহার তিনটি কোণ নির্ণয় করিতে হইবে অর্থাৎ ত্রিভুজটি সমাধান করিতে হইবে।

ত্রিভুজের প্রদত্ত যে-কোন দুই বাহুর সমষ্টি তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হইলে, জ্যামিতিক প্রণালীতে একটি ত্রিভুজ (এবং একটি মাত্র ত্রিভুজই) অঙ্কন সম্ভব। সুতরাং ত্রিভুজটির কোণগুলির পরিমাণও নির্দিষ্ট হইবে।

যে-কোন একটি কোণ A নির্ণয় করিতে হইলে, $\cos A = \frac{b^2+c^2-a^2}{2bc}$

সূত্রটির প্রয়োগে cos A নির্ণয় করা যায় এবং কোসাইনের তালিকা হইতে A-এর মান নির্ণয় করা যায়। $0<A<\pi$ বলিয়া, নির্দিষ্টভাবে A-এর একটি মান পাওয়া যাইবে। অনুরূপভাবে, অপর একটি কোণ B নির্ণয় করা যায় এবং $A+B+C=\pi$ হইতে তৃতীয় কোণ C নির্ণয় করা যায়।

যদি কোনও ক্ষেত্রে cos A-এর মান কোন বিশিষ্ট কোণের কোসাইনের সহিত সমান হয়, তাহা হইলে তালিকা ব্যবহার করিবার প্রয়োজন নাই।

উচ্চতর গণিতে প্রমাণিত হইয়াছে যে, কোসাইন তালিকা অপেক্ষা লগারিদ্‌মিক ট্যানজেণ্টের তালিকার সাহায্যে কোণের নিকটতর আসন্ন মান পাওয়া যায়।

সুতরাং উপরোক্ত কোসাইনের সূত্রের পরিবর্তে, প্রয়োজনবোধে ট্যানজেণ্ট-সূত্র প্রয়োগ করিয়া নিম্নের প্রদর্শিত প্রণালীর প্রয়োগই বাঞ্ছনীয়:

A-কোণটি নির্ণয় করিতে হইলে লওয়া হয়, $\tan\frac{A}{2}=\sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}$.

উভয়পক্ষের লগারিদ্‌ম্ লইয়া 10 যোগ করিলে $L\tan\frac{1}{2}A$-এর মান পাওয়া যাইবে, অর্থাৎ $L\tan\frac{1}{2}A=10+\frac{1}{2}\log\left\{\frac{(s-b)(s-c)}{s(s-a)}\right\}$.

এখন ডানপক্ষকে সরল করিয়া $L\tan\frac{1}{2}A$-এর মান পাওয়া যাইবে। তৎপরে লগারিদ্‌মিক্ ট্যানজেণ্টের তালিকার সাহায্যে $\frac{1}{2}A$-এর মান পাওয়া যাইবে এবং $0<\frac{1}{2}A<\frac{1}{2}\pi$ বলিয়া $\frac{1}{2}A$-কোণের পরিমাণ মাত্র একটি হইবে। সুতরাং $\frac{1}{2}A$-কোণের পরিমাণ নির্দিষ্টরূপে পাওয়া যাইবে, অর্থাৎ A-কোণের পরিমাণ নির্দিষ্টরূপে পাওয়া যাইবে।

অনুরূপভাবে, B ও C কোণের মান পাওয়া যাইবে; অথবা B-কোণের মান নির্ণয় করিয়া $A+B+C=\pi$ হইতে C কোণের মান নির্ণয় করা যাইবে।

যদি কোনও ক্ষেত্রে $\tan\frac{1}{2}A$-এর মান কোন বিশিষ্ট কোণের ট্যানজেণ্টের মানের সহিত সমান হয়, তাহা হইলে তালিকা ব্যবহার করিবার প্রয়োজন নাই।

উদাহরণ: একটি ত্রিভুজের তিনটি বাহু 7, 8, 9 হইলে, ত্রিভুজটির কোণগুলি নির্ণয় কর।

প্রদত্ত: $L\tan 24^\circ 5'40''=9{\cdot}6505069$, $L\tan 24^\circ 5'50''=9{\cdot}6505634$,
$L\tan 29^\circ 12'20''=9{\cdot}7474183$, $L\tan 29^\circ 12'30''=9{\cdot}7474677$,
$\log 2={\cdot}3010300$.

এখানে মনে কর, $a=7,\ b=8,\ c=9$.

$\therefore\ s=\frac{1}{2}(a+b+c)=\frac{1}{2}(7+8+9)=12.$

$\therefore \quad \tan\frac{A}{2}=\sqrt{\frac{(s-b)(s-c)}{s(s-a)}}=\sqrt{\frac{(12-8)(12-9)}{12(12-7)}}=\sqrt{\frac{2}{10}}.$

$\therefore \quad L\tan\frac{1}{2}A=10+\frac{1}{2}\log 2-\frac{1}{2}\log 10=10+{\cdot}1505150-{\cdot}5$
$=9{\cdot}6505150.$

এখন, $L\tan\frac{1}{2}A$ সংখ্যাটি $L\tan 24°5'40''$ এবং $L\tan 24°5'50''$-এর মধ্যবর্তী হইবে,

অর্থাৎ $\frac{1}{2}A$ কোণটি $24°5'40''$ এবং $24°5'50''$-এর মধ্যবর্তী হইবে।

মনে কর, $\frac{1}{2}A=24°5'40''+x''$.

অতএব, x''-এর জন্য অন্তর $=9{\cdot}6505150-9{\cdot}6505069={\cdot}0000081$;

এবং $10''$-এর জন্য অন্তর $=9{\cdot}6505634-9{\cdot}6505069={\cdot}0000565$.

$\therefore \quad \frac{x}{10}=\frac{81}{565}$, অর্থাৎ $x=\frac{81\times 10}{565}=1{\cdot}43''$ (প্রায়)।

$\therefore \quad \frac{1}{2}A=24°5'40''+1{\cdot}43''=24°5'41{\cdot}''43.$

$\therefore \quad A=48°11'22{\cdot}''86.$

অনুরূপভাবে, $B=58°24'42{\cdot}''7.$

$\therefore \quad C=180°-(A+B)=180°-106°36'5{\cdot}56''=73°23'54{\cdot}44''.$

14·3. তিনটি কোণ প্রদত্ত হইলে ত্রিভুজের সমাধান ঃ

এক্ষেত্রে ত্রিভুজের সম্পূর্ণ সমাধান সম্ভব নহে ; কারণ তিনটি নির্দিষ্ট কোণের সমান কোণ-বিশিষ্ট অসংখ্য সদৃশকোণী ত্রিভুজ হইতে পারে। এই সমস্ত ত্রিভুজগুলি সদৃশকোণী বলিয়া সদৃশ হইবে। ত্রিভুজের বাহুগুলির দৈর্ঘ্য নির্ণয় করা না গেলেও $\frac{a}{\sin A}=\frac{b}{\sin B}=\frac{c}{\sin C}$ সূত্রের সাহায্যে বাহুগুলির অনুপাত নির্ণয় করা যাইবে।

সুতরাং $a:b:c=\sin A:\sin B:\sin C.$

উদাহরণ ঃ কোন ত্রিভুজের কোণত্রয়ের অনুপাত $1:2:3$; প্রমাণ কর যে, অনুরূপ বাহুগুলির অনুপাত $1:\sqrt{3}:2.$ [W. B. B. H. S.]

কোণগুলির অনুপাত $1:2:3$ এবং উহাদের সমষ্টি π বলিয়া, কোণগুলি হইল যথাক্রমে $\frac{1}{6}\pi, \frac{2}{6}\pi, \frac{3}{6}\pi$ অর্থাৎ $\frac{1}{6}\pi, \frac{1}{3}\pi, \frac{1}{2}\pi$.

$\therefore$ অনুরূপ বাহুগুলির অনুপাত $=\sin\frac{1}{6}\pi:\sin\frac{1}{3}\pi:\sin\frac{1}{2}\pi$

$=\frac{1}{2}:\frac{1}{2}\sqrt{3}:1$

$=1:\sqrt{3}:2.$

প্রশ্নমালা XIV (A)

1. $a=\sqrt{6}, b=2, c=\sqrt{3}+1$ হইলে, ত্রিভুজটির সমাধান কর।

2. $a=5, b=7$ এবং $c=8$ হইলে, ত্রিভুজটির সমাধান কর।
(প্রদত্ত $\cos 38^\circ 11' = \frac{11}{14}$).

3. একটি ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে 3 সে.মি., 5 সে.মি. এবং 7 সে.মি.। বৃহত্তম কোণটি নির্ণয় কর। [W. B. B. H. S.]

4. কোন ত্রিভুজের বাহুত্রয় 2, 3 এবং 4 একক হইলে, ত্রিভুজের বৃহত্তম কোণ নির্ণয় কর। দেওয়া আছে $\log 2 = \cdot 3010300$, $\log 3 = \cdot 4771213$; $L \tan 52^\circ 14' = 10\cdot 1108395$ এবং $L \tan 52^\circ 15' = 10\cdot 1111004$.
[W. B. B. H. S.]

5. (*a*) ত্রিভুজের বাহুগুলি 130, 123 এবং 77 মিটার ; বৃহত্তম কোণটি নির্ণয় কর।

দেওয়া আছে $\log 2 = \cdot 30103$, $L \tan 38^\circ 39' = 9\cdot 9029376$,
$L \tan 38^\circ 40' = 9\cdot 9031966$. (W. B. B. H. S.)

(*b*) ত্রিভুজের বাহুগুলি 5, 6, 7 ; দেখাও যে, বৃহত্তম কোণটি $78^\circ 27' 46\cdot 8''$. দেওয়া আছে, $\log 6 = \cdot 7781513$, $L \cos 39^\circ 14' = 9\cdot 8890644$ এবং $1'$-এর প্রভেদ $= \cdot 0001032$. [W. B. B. H. S.]

6. ত্রিভুজের বাহুত্রয় 17, 13, 10 ; লগ-তালিকার সাহায্যে ক্ষুদ্রতম কোণটি নির্ণয় কর।

7. ত্রিভুজের বাহুগুলি 4, 5, 6 ; প্রমাণ কর যে, ত্রিভুজটির বৃহত্তম কোণটি ক্ষুদ্রতম কোণের দ্বিগুণ।

8. ত্রিভুজের বাহুগুলি 9, 10, 11 ; বাহু 10-এর বিপরীত কোণটি নির্ণয় কর। দেওয়া আছে $\log 2 = \cdot 30103$, $L \tan 29^\circ 30' = 9\cdot 7526420$,
$L \tan 29^\circ 29' = 9\cdot 7523472$. [W. B. B. H. S.]

9. কোন ত্রিভুজের বাহুত্রয় যথাক্রমে 4, 5 এবং 6 মিটার। 5 মিটার দৈর্ঘ্যের বাহুর বিপরীত কোণের পরিমাণ কত ?

দেওয়া আছে $\log 2 = \cdot 30103$,
$L \cos 27^\circ 53' = 9\cdot 9464040$, $1'$-এর প্রভেদ $= \cdot 0000669$.

10. একটি ত্রিভুজের $a=18$, $b=20$, $c=22$; $L \tan \frac{1}{2}A$-এর মান নির্ণয় কর। (প্রদত্ত $\log 2 = \cdot 3010300$ এবং $\log 3 = \cdot 4771213$).

11. $A=30^\circ$ এবং $B=45^\circ$ হইলে, প্রমাণ কর যে,

$$b : c = 2 : (\sqrt{3}+1).$$

12. একটি ত্রিভুজের দুইটি কোণ 45° এবং 60°; বাহুগুলির দৈর্ঘ্যত্রয়ের তুলনা কর।

13. কোন ত্রিভুজের ক্ষুদ্রতম ও বৃহত্তম কোণদ্বয়ের অনুপাত $2 : 5$ এবং অপর কোণটি ক্ষুদ্রতম কোণের দেড়গুণ। ত্রিভুজের বাহুগুলির তুলনা কর।

14. কোন ত্রিভুজের কোণত্রয়ের অনুপাত $2 : 3 : 7$; অনুরূপ বাহুগুলির অনুপাত নির্ণয় কর।

15. একটি ত্রিভুজের দুইটি কোণ যথাক্রমে 40° এবং 60°; উহার বৃহত্তম বাহুটি 22 সেন্টিমিটার। ক্ষুদ্রতম বাহুটি নির্ণয় কর।

দেওয়া আছে $L \sin 40^\circ = 9{\cdot}8080675$.

$L \sin 80^\circ = 9{\cdot}9933515$, $\log 22 = 1{\cdot}3424227$,

$\log 14359 = 4{\cdot}1571242$, 1-এর অন্তর $= {\cdot}0000302$.

16. 2 মিটার দীর্ঘ একটি তারকে তিনটি অংশে বাঁকাইয়া একটি ত্রিভুজ বানান হইল। ত্রিভুজটির দুইটি কোণ 35° এবং 60° হইলে, আসন্ন দুই দশমিক স্থান পর্যন্ত ত্রিভুজটির বাহুগুলির দৈর্ঘ্য নির্ণয় কর।

(প্রদত্ত $\sin 35^\circ = {\cdot}5736$, $\sin 60^\circ = {\cdot}8660$ এবং $\sin 85^\circ = {\cdot}9962$).

14·4. দুইটি বাহু এবং উহার অন্তর্ভুর্ত কোণ প্রদত্ত হইলে ত্রিভুজের সমাধান ঃ

মনে কর, ABC ত্রিভুজের দুইটি বাহু a ও b এবং উহাদের অন্তর্ভূর্ত কোণ C দেওয়া আছে। উহার অপর দুইটি কোণ A, B এবং তৃতীয় বাহু c নির্ণয় করিতে হইবে, অর্থাৎ ত্রিভুজটি সমাধান করিতে হইবে।

জ্যামিতিক প্রণালীতে প্রদত্ত অংশগুলির সাহায্যে একটি ত্রিভুজ (এবং একটি মাত্র ত্রিভুজই) অঙ্কন সম্ভব। সুতরাং A, B এবং c-এর পরিমাণও নির্দিষ্ট হইবে।

ABC ত্রিভুজে, $A+B+C=180^\circ$ বলিয়া, $A+B=180^\circ-C$

অর্থাৎ $\frac{1}{2}(A+B) = 90^\circ - \frac{1}{2}C$

এবং $\tan\dfrac{A-B}{2} = \dfrac{a-b}{a+b}\cot\dfrac{C}{2}$.

প্রথমটি হইতে $\frac{1}{2}(A+B)$-এর মান পাওয়া যাইবে।

দ্বিতীয়টি হইতে, $L \tan \frac{A-B}{2} = 10 + \log\left(\frac{a-b}{a+b} \cot \frac{C}{2}\right)$

$$= \log\frac{a-b}{a+b} + L \cot \frac{C}{2}.$$

এক্ষণে, a, b ও c প্রদত্ত বলিয়া, ডানপক্ষের মান নির্ণয় করা যাইবে অর্থাৎ $L \tan \frac{1}{2}(A-B)$-এর মান পাওয়া যাইবে। তৎপরে লগারিদ্‌মিক্ ট্যানজেণ্টের তালিকার সাহায্যে $\frac{1}{2}(A-B)$-এর মান পাওয়া যাইবে।

সুতরাং $\frac{1}{2}(A+B)$ এবং $\frac{1}{2}(A-B)$ উভয়েই নির্ণীত হইল। ইহাদের যোগ ও বিয়োগ ক্রিয়ার সাহায্যে যথাক্রমে A ও B-এর মান নির্দিষ্টরূপে পাওয়া যাইবে।

এখন A ও B এবং প্রদত্ত a ও b-এর সাহায্যে $\frac{a}{\sin A} = \frac{b}{\sin B} = \frac{c}{\sin C}$ সূত্রের প্রয়োগে c-এর মান পাওয়া যাইবে।

অনুসিদ্ধান্ত : a, b এবং C প্রদত্ত বলিয়া $c^2 = a^2 + b^2 - 2ab \cos C$ সূত্রের সাহায্যে C-এর মান পাওয়া যাইবে ; C-এর মান পাইবার পর $\frac{b}{\sin B} = \frac{c}{\sin C}$ সূত্রের সাহায্যে B-এর মান পাওয়া যাইবে এবং তৎপরে $A = \{180^\circ - (B+C)\}$ হইতে A-এর মান পাওয়া যাইবে।

কিন্তু 14·2 অনুচ্ছেদে বর্ণিত কারণের জন্য ট্যানজেণ্ট সূত্রেরই সাধারণতঃ প্রয়োগ করা হয়।

টীকা : $a = b$ হইলে, $A = B$. সুতরাং $A + B + C = 2B + C = 180^\circ$ হইতে, B (=A) নির্ণীত হইবে। ইহার পর সাইনের সূত্র প্রয়োগ করিলেই c-এর মান পাওয়া যাইবে।

উদাহরণ : একটি ত্রিভুজের দুইটি বাহু 5 সে.মি. ও 3 সে.মি. এবং উহাদের অন্তর্ভূত কোণ 120° ; ত্রিভুজটির অপর কোণগুলি নির্ণয় কর। (প্রদত্ত $\log 4{\cdot}8 = {\cdot}6812412$, $L \tan 8^\circ 12' = 9{\cdot}1586706$, 60″-এর জন্য অন্তর $= 8940$).

[B. U. Ent.]

মনে কর, ABC ত্রিভুজের $b = 5$ সে.মি., $c = 3$ সে.মি. এবং $A = 120^\circ$.

এখন, $\frac{1}{2}(B+C) = \frac{1}{2}(180^\circ - A) = \frac{1}{2}(180^\circ - 120^\circ) = 30^\circ$. ...(1)

আবার, $\tan \frac{1}{2}(B-C) = \frac{5-3}{5+3} \cot(\frac{1}{2}.\ 120^\circ) = \frac{1}{4}.\ \frac{1}{\sqrt{3}} = \frac{1}{\sqrt{48}}$.

$$\therefore\ L \tan \frac{1}{2}(B-C) = 10 + \log\frac{1}{\sqrt{48}} = 10 + \log(48)^{-\frac{1}{2}}$$

$$= 10 - \frac{1}{2}\log 48 = 10 - \frac{1}{2}(1{\cdot}6812412) = 9{\cdot}1593794.$$

এখন, মানের বৃদ্ধি ·0008940 হইলে, কোণের বৃদ্ধি হয় 60″.

$\therefore$ মানের বৃদ্ধি (9·1593794 − 9·1586706) অথবা ·0007088 হইলে,

কোণের বৃদ্ধি হয় $60'' \times \frac{7088}{8940} = 48''$ (প্রায়)।

$\therefore$ $\text{L} \tan \frac{1}{2}(\text{B}-\text{C}) = \text{L} \tan 8^\circ 12' 48''$.

$\therefore$ $\frac{1}{2}(\text{B}-\text{C}) = 8^\circ 12' 48''$. ... ... (2)

(1) ও (2) যোগ করিলে, $\text{B} = 38^\circ 12' 48''$.

(1) হইতে (2) বিয়োগ করিলে, $\text{C} = 21^\circ 47' 12''$.

14·5. দুইটি কোণ এবং একটি বাহু প্রদত্ত হইলে ত্রিভুজের সমাধান ঃ

মনে কর, ABC ত্রিভুজের দুইটি কোণ A ও B এবং একটি বাহু a দেওয়া আছে। উহার অপর কোণটি C এবং অপর বাহু দুইটি b, c নির্ণয় করিতে হইবে ; অর্থাৎ ত্রিভুজটি সমাধান করিতে হইবে।

জ্যামিতিক প্রণালীতে প্রদত্ত অংশগুলির সাহায্যে একটি মাত্র ত্রিভুজ অঙ্কন করা যায়। সুতরাং C, b ও c-এর নির্দিষ্ট মান পাওয়া যাইবে।

ABC ত্রিভুজের তিনটি কোণের সমষ্টি দুই সমকোণ অর্থাৎ $\text{A}+\text{B}+\text{C}=180^\circ$.

A ও B প্রদত্ত ; সুতরাং তৃতীয় কোণটি নির্ণয় করা যাইবে।

$\frac{a}{\sin \text{A}} = \frac{b}{\sin \text{B}} = \frac{c}{\sin \text{C}}$ সূত্রটি ব্যবহার করিয়া অপর দুইটি বাহু b ও c নির্ণয় করা যাইবে।

উদাহরণ ঃ একটি ত্রিভুজের দুইটি কোণ 50° ও 65°40′ এবং একটি বাহু 2·5 সে.মি. ; ত্রিভুজটি সমাধান কর।

মনে কর, ABC ত্রিভুজের $\text{A}=50^\circ$, $\text{B}=65^\circ 40'$ এবং $c=2\cdot 5$ সে.মি.।

$\therefore$ $\text{A}+\text{B}=115^\circ 40'$.

আবার, $\text{A}+\text{B}+\text{C}=180^\circ$.

$\therefore$ $\text{C}=180^\circ-(\text{A}+\text{B})=180^\circ-115^\circ 40'=64^\circ 20'$.

$\frac{a}{\sin \text{A}} = \frac{b}{\sin \text{B}} = \frac{c}{\sin \text{C}}$ সূত্র হইতে,

$a = \frac{c \sin \text{A}}{\sin \text{C}}$ এবং $b = \frac{c \sin \text{B}}{\sin \text{C}}$.

$\therefore \log a = \log c + \log \sin A - \log \sin C$

$= \log 2{\cdot}5 + L \sin 50^\circ - L \sin 64^\circ 20'$

$= {\cdot}39794 + 9{\cdot}88425 - 9{\cdot}95488$

$= {\cdot}32731 = \log 2{\cdot}1248,$

অর্থাৎ, $a = 2{\cdot}1248$ সে.মি. ;

এবং $\log b = \log c + \log \sin B - \log \sin C$

$= \log 2{\cdot}5 + L \sin 65^\circ 40' - L \sin 64^\circ 20'$

$= {\cdot}39794 + 9{\cdot}95960 - 9{\cdot}95488$

$= {\cdot}40266 = \log 2{\cdot}5275$

অর্থাৎ, $b = 2{\cdot}5275$ সে.মি. ।

$\therefore$ নির্ণেয় সমাধান হইল $a = 2{\cdot}1248$ সে.মি., $b = 2{\cdot}5275$ সে.মি. এবং $C = 64^\circ 20'$.

প্রশ্নমালা XIV (B)

1. $a = 2$ সে.মি., $b = 4$ সে.মি. এবং $C = 60^\circ$ হইলে, ত্রিভুজটি সমাধান কর।

2. $a = 21, b = 11, C = 34^\circ 42' 30''$ হইলে, A নির্ণয় কর।

   প্রদত্ত $\log 2 = {\cdot}30103$ এবং $L \tan 72^\circ 38' 45'' = 10{\cdot}50515$.

3. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 80 সে.মি. এবং 100 সে.মি., তাহাদের অন্তর্গত কোণ 60° ; অপর কোণ দুইটি নির্ণয় কর। দেওয়া আছে,
$\log 3 = {\cdot}47712$, $L \tan 10^\circ 53' 36'' = 9{\cdot}28432$. [W. B. B. H. S.]

4. একটি ত্রিভুজাকৃতি অঙ্গনের দুইটি বাহু 32 ও 48 মিটার এবং উহাদের অন্তর্ভুক্ত কোণ $64^\circ 36'$. দেখাও যে, অপর শীর্ষদ্বয়ের কোণদ্বয় $40^\circ 8' 39{\cdot}4''$ এবং $75^\circ 15' 20{\cdot}6''$. দেওয়া আছে $\log 2 = {\cdot}30103$.

   $L \cot 32^\circ 18' = 10{\cdot}19916$; $L \tan 17^\circ 33' = 9{\cdot}50004$,

   $L \tan 17^\circ 34' = 9{\cdot}50048$. [C. P. U.]

5. একটি ত্রিভুজের দুইটি বাহু 11 সে.মি. ও 9 সে.মি. এবং উহাদের অন্তর্ভুক্ত কোণ 60°. ত্রিভুজটির অপর কোণদ্বয় নির্ণয় কর। দেওয়া আছে,
$\log 3 = {\cdot}4771213$, $L \tan 9^\circ 49' = 9{\cdot}2381203$, $1'$-এর জন্য অন্তর = 7514.

   [C.P.U.]

6. যদি কোন ত্রিভুজের বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহু যথাক্রমে 24 মিটার ও 16 মিটার এবং উহাদের অন্তর্ভুক্ত কোণ 60° হয়, তাহা হইলে লগ-তালিকার সাহায্যে ত্রিভুজটি সমাধান কর।

7. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য $2\sqrt{6}$ একক ও $(6-2\sqrt{3})$ একক এবং উহাদের অন্তর্ভূত কোণ 75° হইলে, দেখাও যে, ত্রিভুজটির তৃতীয় বাহুটির দৈর্ঘ্য $2\sqrt{6}$ একক।

8. ABC ত্রিভুজে, $b=25{\cdot}16$ সে.মি., $c=14{\cdot}72$ সে.মি., $A=47^\circ 18'$. B ও C নির্ণয় কর। দেওয়া আছে, $L \cot 23^\circ 39' = 10{\cdot}35860$,

$L \tan 30^\circ 52' = 9{\cdot}77654$,

$\log 1044 = 3{\cdot}01870$, $\log 3988 = 3{\cdot}60076$.

9. একটি ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 12 সে. মি. ও 8 সে. মি. এবং উহাদের অন্তর্গত কোণ $36^\circ 12'$; অপর কোণ দুইটি নির্ণয় কর। প্রদত্ত $\log 2 = {\cdot}30103$, $L \tan 71^\circ 54' = 10{\cdot}4857$, $L \tan 31^\circ 28' = 9{\cdot}6867$.

10. ABC ত্রিভুজের $a : b = 7 : 3$ এবং $C = 60^\circ$; A এবং B নির্ণয় কর। দেওয়া আছে, $\log 2 = {\cdot}3010300$, $\log 3 = {\cdot}4771213$,

$L \tan 34^\circ 42' = 3{\cdot}8403776$, $1'$-এর জন্য অন্তর $= 2699$.

11. কোন ত্রিভুজের কোণগুলি সমান্তর শ্রেণীভুক্ত এবং উহার বৃহত্তম ও ক্ষুদ্রতম বাহুদ্বয়ের অনুপাত $3 : 2$; উহার কোণগুলি নির্ণয় কর।

প্রদত্ত $\log 2 = {\cdot}3010300$, $\log 3 = {\cdot}4771213$,

$L \tan 19^\circ 6' = 9{\cdot}5394287$, $1'$-এর জন্য অন্তর $= 4084$.

12. কোন ত্রিভুজের দুইটি বাহু 65 এবং 25 একক; ঐ বাহুদ্বয়ের বিপরীত কোণদ্বয়ের অন্তর 60°. ত্রিভুজটির কোণগুলি নির্ণয় কর। দেওয়া আছে, $\log 2 = {\cdot}3010300$, $\log 3 = {\cdot}4771213$, $L \tan 37^\circ 35' = 9{\cdot}8862878$, $1'$-এর জন্য অন্তর $= 2614$.

13. $A = 30^\circ$, $B = 45^\circ$ এবং $b = 2$ সে.মি. হইলে, ত্রিভুজটি সমাধান কর।

14. $B = 60^\circ 15'$, $C = 54^\circ 30'$ এবং $a = 100$ মিটার হইলে, ত্রিভুজটি সমাধান কর।

15. একটি ত্রিভুজের দুইটি কোণ যথাক্রমে 65°, $52^\circ 40'$ এবং অবশিষ্ট কোণটির বিপরীত বাহু 126 সে. মি. হইলে, দেখাও যে, ত্রিভুজটির বৃহত্তম বাহুর দৈর্ঘ্য প্রায় $128{\cdot}91$ সে. মি.।

16. একটি ত্রিভুজের দুইটি কোণ $41^\circ13'22''$ এবং $71^\circ19'5''$ এবং প্রথম কোণটির বিপরীত বাহু 55 সে.মি.; অপর কোণটির বিপরীত বাহু নির্ণয় কর। দেওয়া আছে, $\log\ 55=1\cdot7403627$, $\log\ 79063=4\cdot8979775$; $L\sin 41^\circ13'22''=9\cdot8188779$, $L\sin 71^\circ19'5''=9\cdot9764927$.

14·6. দুইটি বাহু এবং উহাদের একটির বিপরীত কোণ প্রদত্ত হইলে ত্রিভুজের সমাধান :

মনে কর, ABC ত্রিভুজের দুইটি বাহু a ও b এবং a-বাহুর বিপরীত কোণ A দেওয়া আছে। উহার অপর বাহু c এবং অপর কোণ দুইটি B, C নির্ণয় করিতে হইবে; অর্থাৎ ত্রিভুজটি সমাধান করিতে হইবে।

এস্থলে $\dfrac{a}{\sin A}=\dfrac{b}{\sin B}$ সূত্র হইতে অর্থাৎ $\sin B=\dfrac{b\sin A}{a}$ হইতে, B-কোণের মান নির্ণয় করা যাইবে এবং ইহার পর $A+B+C=180^\circ$ হইতে C-কোণের মান পাওয়া যাইবে।

কিন্তু এক্ষেত্রে তিনটি বিভিন্ন অবস্থা উপস্থিত হইতে পারে।

(i) $b\sin A>a$; এক্ষেত্রে $\sin B\left(=\dfrac{b\sin A}{a}\right)$, এক অপেক্ষা বৃহত্তর। ইহা অবাস্তব, অর্থাৎ এস্থলে B নির্ণয় করা যায় না। সুতরাং এস্থলে কোন ত্রিভুজ অঙ্কন করা সম্ভব নয়।

(ii) $b\sin A=a$; এক্ষেত্রে $\sin B\left(=\dfrac{b\sin A}{a}\right)=1$, অর্থাৎ $B=90^\circ$ এবং $C=90^\circ-A$. সুতরাং এস্থলে ABC একটি সমকোণী ত্রিভুজ, যাহার B কোণ সমকোণ এবং $b^2=c^2+a^2$ সূত্রের সাহায্যে c-এর মান পাওয়া যাইবে।

(iii) $b\sin A<a$; এক্ষেত্রে $\sin B\left(=\dfrac{b\sin A}{a}\right)$, এক অপেক্ষা ক্ষুদ্রতর। সুতরাং এস্থলে B-এর মান নির্ণয় করা সম্ভব। কিন্তু সম্পূরক কোণের সাইন সমান হয় বলিয়া, ত্রিভুজের এই B-কোণটি সূক্ষ্মকোণ বা স্থূলকোণ দুইই হইতে পারে। অতএব B-এর দুইটি মান পাওয়া যাইবে, যাহারা পরস্পর সম্পূরক। এস্থলেও তিনটি বিভিন্ন অবস্থার উদ্ভব হইতে পারে।

(*a*) $a>b$ হইলে, $A>B$ হইবে। সুতরাং B স্থূলকোণ হইলে, Aও স্থূলকোণ হইবে। কিন্তু ইহা অসম্ভব, কারণ কোন ত্রিভুজেরই দুইটি স্থূলকোণ থাকিতে পারে না। সুতরাং B কেবলমাত্র সূক্ষ্মকোণ হইতে পারে। A ও B উভয়েই

নির্দিষ্ট হইলে $A+B+C=180^\circ$ হইতে C-এর মান পাওয়া যাইবে। ইহার পর, $\frac{a}{\sin A}=\frac{b}{\sin B}=\frac{c}{\sin C}$ সূত্রের সাহায্যে c-এর মান পাওয়া যাইবে। অতএব, এক্ষেত্রে ত্রিভুজটির কেবলমাত্র একটি সমাধান সম্ভব।

(b) $a=b$ হইলে, $A=B$ হইবে। সুতরাং এস্থলেও B স্থূলকোণ হইতে পারে না। এক্ষেত্রেও B সূক্ষ্মকোণ হইবে এবং (a)-এর ন্যায় ত্রিভুজটির কেবলমাত্র একটি সমাধান সম্ভব।

(c) $a<b$ হইলে, $A<B$ হইবে। সুতরাং B সূক্ষ্মকোণ বা স্থূলকোণ উভয়ই হইতে পারে ; অর্থাৎ a, b ও A প্রদত্ত হইলে এবং $a<b$ হইলে দুইটি ত্রিভুজ অঙ্কন করা যাইবে এবং দুইটি সমাধান পাওয়া যাইবে।

B-এর ভিন্ন মানের জন্য $A+B+C=180^\circ$ সূত্র হইতে C-এর ভিন্ন মান পাওয়া যাইবে।

আবার, $\frac{a}{\sin A}=\frac{b}{\sin B}=\frac{c}{\sin C}$ সূত্রের সাহায্যে c-বাহুর মান নির্ণয় করা যাইবে।

ত্রিভুজের সমাধানের এরূপ ক্ষেত্রকে **দ্ব্যর্থক ক্ষেত্র** (ambiguous case) বলে।

উপরোক্ত সিদ্ধান্তগুলিকে সংক্ষেপে নিম্নলিখিত ভাবে উল্লেখ করা যায় : ABC ত্রিভুজের a, b ও A প্রদত্ত হইলে এবং

(i) $a<b \sin A$ হইলে, কোন ত্রিভুজ অঙ্কন সম্ভব নহে ;

(ii) $a=b \sin A$ হইলে, সমাধান হইবে একটি নির্দিষ্ট সমকোণী ত্রিভুজ ;

(iii) $a \geqslant b$ (অর্থাৎ $>b \sin A$) হইলে, B-সূক্ষ্মকোণবিশিষ্ট একটিমাত্র ত্রিভুজ অঙ্কন করা যাইবে।

(iv) $a>b \sin A$ কিন্তু $<b$ হইলে, দুইটি সমাধান পাওয়া যাইবে এবং এই ক্ষেত্রকে দ্ব্যর্থক ক্ষেত্র বলা হয়।

14·7. দ্ব্যর্থক ক্ষেত্রের বীজগণিতীয় আলোচনা :

ABC ত্রিভুজের a, b ও A প্রদত্ত হইলে, প্রথমে B নির্ণয় না করিয়া, $a^2=b^2+c^2-2\,bc \cos A$ সূত্র হইতে c-এর মান নির্ণয় করা যায়। ইহাকে c-এর একটি দ্বিঘাত সমীকরণ ধরিলে,

$$c^2-2bc \cos A+(b^2-a^2)=0.$$

সমাধান করিলে, $c=b\cos A\pm\sqrt{a^2-b^2\sin^2 A}$.

(i) $a<b\sin A$ হইলে, $a^2-b^2\sin^2 A$ ঋণাত্মক হইবে ; সুতরাং c-এর দুইটি মানই কাল্পনিক হইবে। অতএব কোন ত্রিভুজ অঙ্কন সম্ভব নহে।

(ii) $a=b\sin A$ হইলে, $a^2-b^2\sin^2 A=0$; সুতরাং c-এর দুইটি মান বাস্তব এবং পরস্পর সমান। অতএব B-সমকোণ-বিশিষ্ট একটি মাত্র ত্রিভুজ হইবে।

(iii) $a>b\sin A$ হইলে, $a^2-b^2\sin^2 A$ ধনাত্মক হইবে ; সুতরাং c-এর মান দুইটি বাস্তব এবং অসমান হইবে (উভয় মান সর্বত্র গ্রাহ্য নাও হইতে পারে)।

(*a*) $a>b$ অর্থাৎ $a^2>b^2(\sin^2 A+\cos^2 A)$ হইলে,

$$a^2-b^2\sin^2 A>b^2\cos^2 A$$

অর্থাৎ $\sqrt{a^2-b^2\sin^2 A}>b\cos A$ হইবে ; c-এর একটি মান ধনাত্মক এবং অপরটি ঋণাত্মক হইবে। অতএব, একটি মাত্র সমাধান সম্ভব।

(*b*) $a=b$ হইলে, $a^2-b^2\sin^2 A=b^2-b^2\sin^2 A=b^2\cos^2 A$; সুতরাং c-এর একটি মান শূন্য হইবে। অতএব, একটিমাত্র সমাধান সম্ভব।

(*c*) $a<b$ অর্থাৎ $a^2<b^2(\sin^2 A+\cos^2 A)$ হইলে,

$$a^2-b^2\sin^2 A<b^2\cos^2 A$$

অর্থাৎ $\sqrt{a^2-b^2\sin^2 A}<b\cos A$ হইবে ; সুতরাং c-এর উভয়মানই বাস্তব এবং ধনাত্মক। অতএব, এক্ষেত্রে দুইটি সমাধান হইবে।

14·8. দ্ব্যর্থক ক্ষেত্রের জ্যামিতিক আলোচনা :

মনে কর, ABC ত্রিভুজের a, b ও A দেওয়া আছে। জ্যামিতিক প্রণালীতে ত্রিভুজ অঙ্কন করিয়া উপরোক্ত বিষয়গুলি আরও পরিষ্কার করা যায়।

$\angle$A-এর সমান করিয়া $\angle$CAX অঙ্কিত করিয়া উহার একটি বাহু হইতে b-এর সমান করিয়া AC অংশ কাটিয়া লও। AX সরলরেখার উপর CN লম্ব টান।

$$\therefore \frac{CN}{AC}=\sin A.$$

$$\therefore CN=AC\sin A=b\sin A.$$

এখন C-কে কেন্দ্র করিয়া a-এর সমান ব্যাসার্ধ লইয়া একটি বৃত্ত অঙ্কন কর।

(i) $a<b \sin A$ হইলে অর্থাৎ $a<CN$ হইলে, বৃত্তটি AX-এর সহিত একেবারেই মিলিত হইবে না। সুতরাং কোন ত্রিভুজই অঙ্কন করা সম্ভব হইবে না অর্থাৎ ত্রিভুজটির কোন সমাধান পাওয়া যাইবে না।

(ii) $a=b \sin A=CN$ হইলে, বৃত্তটি AX-কে N-এর সহিত সমাপতিত B বিন্দুতে স্পর্শ করিবে। সুতরাং একটি সমকোণী ত্রিভুজ উৎপন্ন হইবে, যাহার বাহুদ্বয় BC ও CA এবং কোণ $\angle BAC$ যথাক্রমে প্রদত্ত a, b ও A-এর সমান। অতএব ABC নির্ণেয় ত্রিভুজ।

(iii) $a>b$ এবং $a>b \sin A$ অর্থাৎ $a>CN$ হইলে, বৃত্তটি AX-কে A বিন্দুর উভয়দিকে অবস্থিত দুইটি বিন্দুতে (B এবং B′) ছেদ করিবে। AB′C ত্রিভুজের B′C ও CA বাহুদ্বয় যথাক্রমে a ও b-এর সমান হইলেও $\angle B'AC$ প্রদত্ত কোণ A-এর সমান না হইয়া উহার সম্পূরক হইবে। সুতরাং $\triangle ABC'$ নির্ণেয় সমাধান নহে। এস্থলে একটি-মাত্র ত্রিভুজই ($\triangle ABC$) অঙ্কন করা সম্ভব। অতএব একটি-মাত্র সমাধান পাওয়া যাইবে।

(iv) $a=b=AC$ হইলে, C′, B-এর সহিত মিলিয়া যাইবে এবং একটিমাত্র

ত্রিভুজ ABC অঙ্কন করা যাইবে। অতএব একটিমাত্র সমাধান পাওয়া যাইবে।

(v) $a > b \sin A$ অর্থাৎ $a >$ CN কিন্তু $< b$ হইলে, বৃত্তটি AX-কে A বিন্দুর একই দিকে দুইটি বিন্দুতে (B_1 ও B_2) ছেদ করিবে। এস্থলে, AB_1C এবং AB_2C ত্রিভুজ দুইটির তিনটি অংশ, প্রদত্ত তিনটি অংশের সমান। সুতরাং দুইটি বিভিন্ন সমাধান সম্ভব হইবে। এরূপ ক্ষেত্রকে দ্ব্যর্থক ক্ষেত্র বলে।

14·9. উদাহরণ :

(i) ABC ত্রিভুজের $a = \sqrt{6}$, $b = 2$ এবং $A = 60°$; ত্রিভুজটি সমাধান কর।

(ii) যদি ABC ত্রিভুজের $a = \sqrt{6}$, $b = 2$ এবং $B = 45°$ প্রদত্ত হয়, সেক্ষেত্রে ত্রিভুজটির সমাধান কিরূপ হইবে ?

(i) ABC ত্রিভুজের $\frac{a}{\sin A} = \frac{b}{\sin B}$ সূত্র হইতে,

$$\sin B = \frac{b \sin A}{a} = \frac{2 \sin 60°}{\sqrt{6}} = \frac{2}{\sqrt{6}} \times \frac{\sqrt{3}}{2} = \frac{1}{\sqrt{2}} = \sin 45°.$$

$\therefore$ $B = 45°$ বা $(180° - 45°)$, অর্থাৎ $B = 45°$ বা $135°$.

কিন্তু $B = 135°$ হইতে পারে না, কারণ $B = 135°$ হইলে, $A + B > 180°$ হইবে, ইহা অসম্ভব ; $\therefore$ $B = 45°$.

$\therefore$ $C = 180° - (A + B) = 180° - (60° + 45°) = 75°$.

আবার, $\frac{b}{\sin B} = \frac{c}{\sin C}$ সূত্র হইতে,

$$c = \frac{b \sin C}{\sin B} = \frac{2 \sin 75°}{\sin 45°} = \frac{2 \sin (45° + 30°)}{\sin 45°}$$

$$= \frac{2\left(\frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2}\right)}{\frac{1}{\sqrt{2}}} = \sqrt{3} + 1.$$

সুতরাং ত্রিভুজটির নির্ণেয় সমাধান হইল, $B = 45°$, $C = 75°$, $c = \sqrt{3} + 1$.

(iii) $\sin A = \frac{a \sin B}{b} = \frac{\sqrt{6} \sin 45^\circ}{2} = \frac{\sqrt{6} \cdot \frac{1}{\sqrt{2}}}{2} = \frac{\sqrt{3}}{2} = \sin 60^\circ.$

$\therefore$ $A = 60^\circ$ বা $(180^\circ - 60^\circ)$ অর্থাৎ $A = 60^\circ$ বা 120°.

$A = 60^\circ$ হইলে, $C = 180^\circ - (A + B) = 180^\circ - (60^\circ + 45^\circ) = 75^\circ$

এবং $c = \frac{b \sin C}{\sin B} = \frac{2 \sin 75^\circ}{\sin 45^\circ} = \sqrt{3} + 1.$

$A = 120^\circ$ হইলে, $C = 180^\circ - (A + B) = 180^\circ - (120^\circ + 45^\circ) = 15^\circ$

এবং $c = \frac{b \sin C}{\sin B} = \frac{2 \sin 15^\circ}{\sin 45^\circ} = \frac{2 \sin (45^\circ - 30^\circ)}{\sin 45^\circ}$

$$= \frac{2\left(\frac{1}{\sqrt{2}} \cdot \frac{\sqrt{3}}{2} - \frac{1}{\sqrt{2}} \cdot \frac{1}{2}\right)}{\frac{1}{\sqrt{2}}} = \sqrt{3} - 1.$$

এক্ষেত্রে $b > a \sin B$ কিন্তু $< a$; সেইজন্য দুইটি সমাধান পাওয়া যাইতেছে।

$\therefore$ সমাধান দুইটি হইল, $c = \sqrt{3} + 1$, $A = 60^\circ$, $C = 75^\circ$;

অথবা, $c = \sqrt{3} - 1$, $A = 120^\circ$, $C = 15^\circ$.

প্রশ্নমালা XIV (C)

1. $a = 2$ সে. মি., $b = 8$ সে. মি. এবং $A = 45^\circ$ হইলে, ত্রিভুজটি সমাধান কর।

2. $b = 6$ সে.মি., $c = 4\sqrt{3}$ সে. মি. এবং $B = 60^\circ$ প্রদত্ত হইলে, দেখাও যে, ত্রিভুজটির একটিমাত্র সমাধান সম্ভব।

3. $A = 60^\circ$, $a = 7$ মিটার এবং $b = 8$ মিটার প্রদত্ত হইলে, দেখাও যে, ত্রিভুজটির দুইটি সমাধান পাওয়া যাইবে।

4. $b = \sqrt{3}$, $c = 1$ এবং $B = 60^\circ$ হইলে, ত্রিভুজটি সমাধান কর।

5. $a = 3$, $b = 3\sqrt{3}$, $A = 30^\circ$ হইলে, B-এর মান নির্ণয় কর।

6. $b = 2$, $c = \sqrt{3} + 1$ এবং $B = 45^\circ$ হইলে, ত্রিভুজটি সমাধান কর।

7. ABC ত্রিভুজে $a = 356$, $b = 294$, $A = 71^\circ 15' 38''$ হইলে লগ-তালিকার সাহায্যে B এবং C নির্ণয় কর।

8. একটি ত্রিভুজে $b = 5$, $c = 7{\cdot}4$ এবং $B = 32^\circ 45'$; C নির্ণয় কর। প্রদত্ত $\log 5 = {\cdot}69897$, $\log 7{\cdot}4 = {\cdot}86923$, $L \sin 32^\circ 45' = 9{\cdot}73318$,

$L \sin 53^\circ 11' = 9{\cdot}90339$, $L \sin 53^\circ 12' = 9{\cdot}90349$.

9. ABC ত্রিভুজে $a=16$, $c=25$ এবং $C=60^\circ$; অবশিষ্ট কোণদ্বয় নির্ণয় কর। প্রদত্ত $\log 2 = \cdot 30103$, $\log 3 = \cdot 4771213$,

$L \sin 33^\circ 39' = 9\cdot 7436024$, $1'$-এর জন্য প্রভেদ $=1897$.

10. ABC ত্রিভুজে $a=32$, $b=45$ এবং $A=35^\circ 24'$; অবশিষ্ট কোণদ্বয় নির্ণয় কর। দেওয়া আছে $\log 3\cdot 2 = \cdot 50515$, $\log 4\cdot 5 = \cdot 65321$,

$L \sin 35^\circ 24' = 9\cdot 76289$, $L \sin 54^\circ 32' = 9\cdot 91087$,

$L \sin 54^\circ 33' = 9\cdot 91096$.

11. ABC ত্রিভুজে $b=16$, $c=25$, $B=33^\circ 15'$; অবশিষ্ট কোণদ্বয় নির্ণয় কর। দেওয়া আছে $\log 2 = \cdot 30103$, $L \sin 33^\circ 15' = 9\cdot 7390129$,

$L \sin 58^\circ 56' = 9\cdot 9327616$, $L \sin 58^\circ 57' = 9\cdot 9328376$.

12. দেখাও যে, দ্ব্যর্থক ক্ষেত্রে ত্রিভুজ দুইটির পরিবৃত্তদ্বয়ের ব্যাসার্ধদ্বয় সমান।

13. ত্রিভুজ সমাধানে b, c, B প্রদত্ত হইলে $(b<c)$ এবং a-এর সম্ভাব্য মান দুইটি a_1, a_2 হইলে, দেখাও যে,

$$(a_1 - a_2)^2 + (a_1 + a_2)^2 \tan^2 B = 4b^2.$$

14. ত্রিভুজ সমাধানে a, b, A প্রদত্ত হইলে, যদি দ্ব্যর্থক ক্ষেত্র উৎপন্ন হয়, তাহা হইলে সেই ক্ষেত্রে তৃতীয় বাহুটির দুইটি মান c_1 ও c_2 $(c_1 > c_2)$ হইলে, প্রমাণ কর যে, $c_1 - c_2 = 2a \cos B_1$, (B-এর সূক্ষ্মমান B_1) এবং

$$\cos \frac{C_1 - C_2}{2} = \frac{b \sin A}{a}.$$

15. ত্রিভুজ সমাধানে b, c, C প্রদত্ত হইলে, যদি দ্ব্যর্থক ক্ষেত্র উৎপন্ন হয় এবং A ও B কোণের যথাক্রমে A_1, B_1 এবং A_2, B_2 দুইটি করিয়া মান পাওয়া যায়, তাহা হইলে, প্রমাণ কর যে,

$$\frac{\sin A_1}{\sin B_1} + \frac{\sin A_2}{\sin B_2} = 2 \cos C.$$

16. দেখাও যে, দুইটি সমাধানের ক্ষেত্রে, C-এর মান দুইটি দ্বারা

$$\frac{(a+b)^2}{1+\cos C} + \frac{(a-b)^2}{1-\cos C} = \frac{2a^2}{\sin^2 A}$$ সমীকরণটি সিদ্ধ হয়।

[বামপক্ষ $= \dfrac{\{(a+b)^2 + (a-b)^2\} - \{(a+b)^2 - (a-b)^2\} \cos C}{1 - \cos^2 C}$

$= \dfrac{2(a^2 + b^2 - 2ab \cos C)}{\sin^2 C} = \dfrac{2c^2}{\sin^2 C} = \cdots$]

পঞ্চদশ অধ্যায়

উচ্চতা ও দূরত্ব

(Heights and Distances)

15·1. কোন বস্তুর দূরত্ব বা উচ্চতা প্রত্যক্ষভাবে পরিমাপ করা না গেলে কোন কোন পরিমাপক যন্ত্রের সাহায্যে ঐ বস্তুর দ্বারা দর্শকের চোখে উৎপন্ন কোণের পরিমাপ নির্ণয় করিয়া ত্রিকোণমিতিক সূত্রের প্রয়োগে ঐ বস্তুর উচ্চতা বা দূরত্ব নির্ণয় করা হয়। জরিপের কাজে, চন্দ্র-সূর্য-গ্রহ-নক্ষত্রের দূরত্ব নির্ণয়ে ত্রিকোণমিতির প্রয়োগ হইয়া থাকে।

ভূমিতলের সমান্তরাল সরলরেখাকে **অনুভূমিক** (horizontal) রেখা এবং উহার উপর লম্ব সরলরেখাকে **উল্লম্ব** (vertical) রেখা বলে। অন্যভাবেও বলা যায় যে, কোন বস্তুকে পৃথিবী যে-দিকে আকর্ষণ করে সে-দিকে অঙ্কিত সরলরেখাকে উল্লম্বরেখা এবং উহার উপর লম্ব সরলরেখাকে অনুভূমিক রেখা বলে।

মনে কর, OX একটি অনুভূমিক সরলরেখা। A বিন্দুটি উহার উপরের দিকে এবং B বিন্দুটি উহার নীচের দিকে অবস্থিত। যদি কোন দর্শক O বিন্দুতে তাহার চোখ রাখিয়া A ও B বিন্দুর প্রতি দৃষ্টিপাত করে, তাহা হইলে ∠XOA কোণটিকে A বিন্দুর **উন্নতি কোণ** (angle of elevation) এবং ∠XOB কোণটিকে (ঘড়ির কাঁটার গতির দিকে লইয়া) B বিন্দুর **অবনতি কোণ** (angle of depression) বলে।

15·2. অনুভূমিক তলে অবস্থিত কোন দুর্গম বস্তুর উচ্চতা ও দূরত্ব নির্ণয়ঃ

মনে কর, অনুভূমিক সমতলে A একটি বিন্দু এবং ঐ তলের উপর লম্বভাবে

অবস্থিত PQ একটি বস্তু। A বিন্দুতে বস্তুটির শীর্ষ P-এর উন্নতিকোণ α.
মনে কর, বস্তুটির উচ্চতা $PQ = h$ এবং A হইতে Q-এর দূরত্ব d অর্থাৎ $AQ = d$.

(i) যদি সম্ভব হয়, তাহা হইলে, A হইতে PQ-এর দিকে $AB(=a)$ অংশ কাটিয়া লও। মনে কর, B বিন্দুতে P-এর উন্নতি কোণ β.

এখন, চিত্র (i) হইতে,

$$a = AB = AQ - BQ = h \cot \alpha - h \cot \beta = h \left(\frac{\cos \alpha}{\sin \alpha} - \frac{\cos \beta}{\sin \beta}\right).$$

$$= h\frac{\sin \beta \cos \alpha - \cos \beta \sin \alpha}{\sin \alpha \sin \beta} = \frac{h \sin (\beta - \alpha)}{\sin \alpha \sin \beta}.$$

$$\therefore \quad h = \frac{a \sin \alpha \sin \beta}{\sin (\beta - \alpha)} = a \sin \alpha \sin \beta \operatorname{cosec} (\beta - \alpha).$$

$$\therefore \quad d = AQ = h \cot \alpha = a \cos \alpha \sin \beta \operatorname{cosec} (\beta - \alpha).$$

এক্ষণে লগারিদমের সাহায্য লইয়া h ও d নির্ণয় করা হয়।

(ii) A হইতে PQ-এর দিকে কোন দূরত্ব পরিমাপ করা সম্ভবপর না হইলে, A হইতে সুবিধামত অপর যে-কোন দিকে $AB(=a)$ অংশ কাটিয়া লও।

A বিন্দুতে P-এর উন্নতি কোণ α ; $\angle PAB$ ও $\angle PBA$ কোণদ্বয় মাপিয়া লও। মনে কর, $\angle PAB = \theta$ এবং $\angle PBA = \phi$.

এখন, চিত্র (ii) হইতে, $\triangle ABP$ হইতে,

$$\frac{AP}{\sin \phi} = \frac{AB}{\sin APB} = \frac{a}{\sin \{180^\circ - (\theta + \phi)\}} = \frac{a}{\sin (\theta + \phi)}.$$

$$\therefore \quad AP = \frac{a \sin \phi}{\sin(\theta + \phi)} = a \sin \phi \operatorname{cosec} (\theta + \phi).$$

$\therefore$ $h = \text{PQ} = \text{AP} \sin \alpha = a \sin \alpha \sin \phi \operatorname{cosec} (\theta + \phi)$

এবং $d = \text{AQ} = \text{AP} \cos \alpha = a \cos \alpha \sin \phi \operatorname{cosec} (\theta + \phi)$.

এস্থলেও লগারিদমের সাহায্য লইয়া h ও d নির্ণয় করা হয়।

15·3. দুইটি দৃশ্যমান দুর্গম বস্তুর দূরত্ব নির্ণয়ঃ

মনে কর, P ও Q দুইটি দুর্গম বস্তু এবং ইহাদের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় করিতে হইবে।

সুবিধামত দুইটি বিন্দু A ও B লও।

মনে কর, উহাদের মধ্যবর্তী দূরত্ব a.

A বিন্দুতে উৎপন্ন তিনটি কোণ $\angle$PAB, $\angle$QAB এবং $\angle$PAQ মাপিয়া লও এবং মনে কর, উহাদের পরিমাপ যথাক্রমে α, β এবং θ.

B বিন্দুতে উৎপন্ন দুইটি কোণ $\angle$ABP এবং $\angle$ABQ মাপিয়া লও এবং মনে কর, উহাদের পরিমাপ যথাক্রমে γ ও δ.

এখন, $\triangle$ APB হইতে, $\dfrac{\text{AP}}{\sin \gamma} = \dfrac{\text{AB}}{\sin \text{APB}}$

$$= \frac{a}{\sin\{180^\circ - (\alpha + \gamma)\}} = \frac{a}{\sin (\alpha + \gamma)}.$$

$$\therefore \quad \text{AP} = a \sin \gamma \operatorname{cosec} (\alpha + \gamma).$$

অনুরূপভাবে, $\triangle$AQB হইতে, $\dfrac{\text{AQ}}{\sin \delta} = \dfrac{\text{AB}}{\sin \text{AQB}}$

$$= \frac{a}{\sin \{180^\circ - (\beta + \delta)\}} = \frac{a}{\sin (\beta + \delta)}.$$

$\therefore$ $\text{AQ} = a \sin \delta \operatorname{cosec} (\beta + \delta)$.

$\triangle$PAQ হইতে, $\text{PQ}^2 = \text{AP}^2 + \text{AQ}^3 - 2\text{AP}.\ \text{AQ} \cos \theta$ সূত্রের সাহায্যে নির্ণেয় দূরত্ব PQ পাওয়া যাইবে।

15·4. উদাহরণাবলীঃ

উদাহরণ 1. একটি দুর্গের তলদেশ হইতে 20 মিটার দূরে ঐ দুর্গের চূড়ার উন্নতি কোণ 60° পরিলক্ষিত হয় ; দুর্গের উচ্চতা নির্ণয় কর।

মনে কর, দুর্গটি AB ; উহার উচ্চতা $= x$ মিটার। B বিন্দুর মধ্য দিয়া অনুভূমিক রেখার উপর O বিন্দু হইতে A বিন্দুর উন্নতি কোণ $= 60^\circ$.

$\therefore$ OB $= 20$ মিটার এবং $\angle BOA = 60^\circ$.

সুতরাং $\triangle OAB$ হইতে, $\tan 60^\circ = \frac{AB}{OB}$

অথবা, $\sqrt{3} = \frac{x}{20}$

অথবা, $x = 20\sqrt{3}$

$= 20 \times 1{\cdot}732$ (প্রায়)

$= 34{\cdot}64.$

$\therefore$ নির্ণেয় উচ্চতা $= 34{\cdot}64$ মিটার।

উদাহরণ 2. 30 মিটার উচ্চ একটি বাড়ীর তলদেশ হইতে কতদূরে ঐ বাড়ীর ছাদের উন্নতিকোণ 60° হইবে ?

মনে কর, AB বাড়ীটির উচ্চতা ; B বিন্দু হইতে x মিটার দূরে O বিন্দুতে A বিন্দুর উন্নতি কোণ 60°.

$\therefore$ AB $= 30$ মিটার এবং $\angle BOA = 60^\circ$.

সুতরাং, $\triangle OAB$ হইতে, $\tan 60^\circ = \frac{AB}{OB}$

অথবা, $\sqrt{3} = \frac{30}{x}$ অর্থাৎ, $x = \frac{30}{\sqrt{3}} = \frac{30\sqrt{3}}{3}$

$= 10\sqrt{3} = 10 \times 1{\cdot}732$ (প্রায়) $= 17{\cdot}32.$

$\therefore$ নির্ণেয় দূরত্ব $= 17{\cdot}32$ মিটার (প্রায়)।

উদাহরণ 3. 5 মিটার উচ্চ একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য $5\sqrt{3}$ মিটার হইলে তখন সূর্যের উন্নতি কোণ কত ?

মনে কর, সূর্যের অবস্থান S এবং সূর্যরশ্মি AO-এর দিকে আসিয়া ভূমির উপর OB ছায়া উৎপন্ন করিয়াছে।

AB খুঁটির ছায়া OB এবং $\angle BOA$ কোণটিই নির্ণেয় উন্নতি কোণ।

এখানে, AB $= 5$ মিটার এবং OB $= 5\sqrt{3}$ মিটার।

$\triangle OAB$ হইতে, $\tan \angle BOA = \frac{AB}{OB} = \frac{5}{5\sqrt{3}} = \frac{1}{\sqrt{3}} = \tan 30^\circ.$

$\therefore \angle BOA = 30^\circ. \quad \therefore$ সূর্যের উন্নতি কোণ $= 30^\circ.$

উদাহরণ 4. একটি নদীর এক তীর হইতে অন্য তীরের ঠিক উপরের একটি গাছের উন্নতি কোণ 45°. তীর হইতে 12 মিটার পিছাইয়া গেলে গাছটির উন্নতি কোণ হয় 30°. নদীর প্রস্থ এবং গাছের উচ্চতা নির্ণয় কর।

মনে কর, BC নদীর প্রস্থ এবং AB গাছের উচ্চতা x মিটার।

$\therefore \angle BCA = 45^\circ.$

$\triangle ABC$ হইতে,

$\tan 45^\circ = \frac{AB}{BC}$

অথবা $1 = \frac{x}{BC}.$

$\therefore BC = x$ মিটার।

আবার, $CD = 12$ মিটার ধরিলে, $\angle BDO = 30^\circ.$

সুতরাং, $\triangle ABD$ হইতে, $\tan 30^\circ = \frac{AB}{BD} = \frac{AB}{BC+CD}$

অথবা, $\frac{1}{\sqrt{3}} = \frac{x}{x+12}$

অথবা, $x\sqrt{3} = x + 12$ অর্থাৎ $x(\sqrt{3}-1) = 12$

অথবা, $x = \frac{12}{\sqrt{3}-1} = \frac{12(\sqrt{3}+1)}{(\sqrt{3}-1)(\sqrt{3}+1)} = \frac{12(1{\cdot}732+1)}{3-1}$ (প্রায়)

$= 6(2{\cdot}732) = 16{\cdot}392.$

অতএব নদীর প্রস্থ এবং গাছের উচ্চতা উভয়ই প্রায় 16·392 মিটার।

উদাহরণ 5. টেলিগ্রাফের একটি খুঁটি ঝড়ে মচকাইয়া গিয়া খুঁটিটির মাথা রাস্তার উপর উহার পাদদেশ হইতে 10 মিটার দূরে 30° কোণে মিশিয়া গেল। খুঁটিটির উচ্চতা কত ?

মনে কর, AB টেলিগ্রাফের খুঁটিটি C বিন্দুতে মচকাইয়া গিয়া ভূমির উপর D বিন্দুতে পড়িল। $\therefore AC = CD, \angle BDC = 30^\circ$ এবং $BD = 10$ মিটার।

BCD ত্রিভুজ হইতে,

$$\tan 30^\circ = \frac{BC}{BD}, \text{ অথবা, } \frac{1}{\sqrt{3}} = \frac{BC}{10}$$

অথবা, $BC = \frac{10}{\sqrt{3}}$.

আবার, $\cos 30^\circ = \frac{BD}{CD}$

অথবা, $\frac{\sqrt{3}}{2} = \frac{10}{CD}$ অথবা, $CD = \frac{20}{\sqrt{3}}$.

$$\therefore \quad AB = AC + BC = CD + BC = \frac{20}{\sqrt{3}} + \frac{10}{\sqrt{3}} = \frac{30}{\sqrt{3}} = \frac{30\sqrt{3}}{3} = 10\sqrt{3}.$$

সুতরাং খুঁটির উচ্চতা $= 10 \times 1{\cdot}732$ মিটার (প্রায়) $= 17{\cdot}32$ মিটার (প্রায়)।

উদাহরণ 6. 60 মিটার উচ্চ একটি পাহাড়ের চূড়া হইতে একটি স্তম্ভের শীর্ষের ও পাদদেশের অবনতি কোণ যথাক্রমে 30° ও 60° পরিলক্ষিত হয়। স্তম্ভটির উচ্চতা নির্ণয় কর।

মনে কর, CD পাহাড়টির উচ্চতা 60 মিটার এবং AB স্তম্ভটির উচ্চতা x মিটার। C বিন্দুর ভিতর দিয়া BD অনুভূমিক রেখার সমান্তরাল করিয়া CE সরলরেখা টানা হইল। উহা বর্ধিত BA-কে E বিন্দুতে ছেদ করিল।

$\therefore \quad \angle ECA = 30^\circ$ এবং $\angle ECB = 60^\circ$.

এখন $EB = CD = 60$ মিটার।

$\therefore \quad AE = EB - AB = (60 - x)$ মিটার।

সুতরাং ত্রিভুজ AEC হইতে, $\tan 30^\circ = \frac{AE}{CE}$

অথবা, $\frac{1}{\sqrt{3}} = \frac{60 - x}{CE}$. $\therefore \quad CE = (60 - x)\sqrt{3}$.

আবার, $\tan 60^\circ = \frac{BE}{CE}$, অথবা, $\sqrt{3} = \frac{60}{(60 - x)\sqrt{3}}$

$\therefore \quad (60 - x)3 = 60$

অথবা, $60-x=20$ অর্থাৎ, $x=60-20=40.$

$\therefore$ স্তম্ভটির নির্ণেয় উচ্চতা $=40$ মিটার।

উদাহরণ 7. একটি দুর্গের চূড়া ও তলদেশ হইতে 30 মিটার উচ্চ অন্য একটি দুর্গের চূড়ার অবনতি কোণ ও উন্নতি কোণ যথাক্রমে 60° ও 30° হইলে প্রথম দুর্গটির উচ্চতা কত?

মনে কর, CD দুর্গের চূড়া ও তলদেশ হইতে 30 মিটার উচ্চ AB দুর্গের অবনতি ও উন্নতি কোণ যথাক্রমে 60° ও 30°. A বিন্দুর মধ্য দিয়া অনুভূমিক রেখা BD-এর সমান্তরাল করিয়া AE রেখা টানা হইল। উহা CD-কে E বিন্দুতে ছেদ করে। C বিন্দুর মধ্য দিয়া BD-এর সমান্তরাল করিয়া CF রেখা টানা হইল।

$\therefore$ $DE=AB=30$ মিটার, $\angle BDA=30^\circ$ এবং $\angle FCA=60^\circ$.

এখন, $AE \parallel CF$ এবং CA উহাদের ছেদক।

$\therefore$ $\angle EAC=$ একান্তর $\angle FCA=60^\circ$.

$\triangle ABD$ হইতে, $\tan 30^\circ=\frac{AB}{BD}$

অথবা, $\frac{1}{\sqrt{3}}=\frac{30}{BD}$

অথবা, $BD=30\sqrt{3}.$

আবার, $\triangle ACE$ হইতে, $\tan \angle EAC=\frac{CE}{AE}$

অথবা, $\tan 60^\circ=\frac{CE}{BD}$, অথবা, $\sqrt{3}=\frac{CE}{30\sqrt{3}}$

অথবা, $CE=30\sqrt{3}\times\sqrt{3}=90.$

$\therefore$ $CD=CE+ED=90+30=120.$

$\therefore$ নির্ণেয় উচ্চতা $=120$ মিটার।

উদাহরণ 8. একটি সোজা রাস্তার ঠিক উপরে একটি এরোপ্লেন হইতে উহার বিপরীত পার্শ্বে রাস্তাটির উপর দুইটি দাগের অবনতি কোণ যথাক্রমে 45° এবং 30°.

দুইটি দাগের মধ্যে দূরত্ব এক কিলোমিটার হইলে রাস্তা হইতে কত উপরে এরোপ্লেনটি আছে ? [C.P.U.]

মনে কর, রাস্তার উপর C, D দুইটি দাগ। A বিন্দু এরোপ্লেনের অবস্থান। CD = এক কিলোমিটার। A বিন্দুর মধ্য দিয়া CD-এর সমান্তরাল করিয়া EF সরলরেখা টানা হইল। $\angle EAC = 45^\circ$ এবং $\angle FAD = 30^\circ$.

$\therefore \quad \angle ACB = 45^\circ$ এবং $\angle ADB = 30^\circ$.

লম্ব AB-ই নির্ণেয় উচ্চতা।

ABC ত্রিভুজ হইতে, $\frac{AB}{BC} = \tan 45^\circ$

অথবা, $\frac{AB}{BC} = 1$

অথবা, $BC = AB$.

$\triangle ABD$ হইতে, $\frac{AB}{BD} = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$

অথবা, $BD = AB\sqrt{3}$.

এখন $CD = 1$ কিলোমিটার।

$\therefore \quad CB + BD = AB + AB\sqrt{3} = AB(\sqrt{3}+1) = 1$ কিলোমিটার।

$\therefore \quad AB = \frac{1}{\sqrt{3}+1} = \frac{\sqrt{3}-1}{(\sqrt{3}+1)(\sqrt{3}-1)}$ কি. মি.

$= \frac{1{\cdot}732 - 1}{3-1}$ কি. মি. (প্রায়) $= \frac{{\cdot}732}{2}$ কি. মি. $= {\cdot}366$ কিলোমিটার।

সুতরাং এরোপ্লেনটি রাস্তা হইতে প্রায় ·366 কিলোমিটার উপরে আছে।

উদাহরণ 9. একটি পাহাড়ের চূড়া হইতে 360 মিটার ব্যবধানে অবস্থিত দুইটি বস্তুর অবনতি কোণ যথাক্রমে $27^\circ 12'$ ও $18^\circ 24'$. বস্তুদ্বয় ও ঐ চূড়া একই উল্লম্বতলে অবস্থিত হইলে, পাহাড়ের উচ্চতা নির্ণয় কর।

প্রদত্ত $\log 360 = 2{\cdot}5563$, $\log 339{\cdot}4 = 2{\cdot}5308$,

$\log \sin 27^\circ 12' = \bar{1}{\cdot}6600$,

$\log \sin 18^\circ 24' = \bar{1}{\cdot}4992$, $\log \sin 8^\circ 48' = \bar{1}{\cdot}1847$.

মনে কর, AB পাহাড়ের উচ্চতা $=x$ মিটার ; C, D দুইটি বস্তু, উহাদের মধ্যে দূরত্ব CD = 360 মিটার।

সুতরাং, $\angle ACB = 27^\circ 12'$

এবং $\angle ADB = 18^\circ 24'$.

$\therefore \angle CAD$

$= 27^\circ 12' - 18^\circ 24'$

$= 8^\circ 48'$.

$\triangle ABC$ হইতে,

$$\frac{x}{AC} = \sin 27^\circ 12'.$$

